### **ESSENTIALS**

OF

# MAIRICULATION SCIENCE

(IN BENGALI)

## By HIMANGSHU KUMAR SABOOD, B. Sc., M. A.

Teacher, Uluberia H. E. School.

Formerly senior Science and

Mathematics Teacher, Bakhrahat (24-pgs.), Burikhali
& Pirpur H. E. Schools

Howrah.

1941

DESHBANDHU BOOK DEPOT. 54/A, Vivekananda Road, Calcutta.

Price Annas Fourteen.

Published by—
BADHIKA PRASAD BANERJEH,

54/A. Vivekananda Road. Calcutta.

To be had of— J. C. Banerjee & Co.—College Street, Calcutta. Sarvamangala Library—Canning Street, Calcutta. Sreeguru Library—204. Cornwallis St., Calcutta. Hiralal Patra—Ghatal. Midnapore. Baudhab Pustakalaya—Tumluk, Midnapore Bani Mandir-Uluberia. Howrah. Sarada Library-Champadang, Hooghly. Teachers' Stall-Krishananagore, Nadia. Saraswati Library—Charial, Budge Budge. Subhas Book Depot-Batore, Howrah. Burdwan Book Company—Burdwan. Chattopadhaya Bros-Khulna. Binapani Library—Nachinda Bazar, Contai. Sabitri Pustakalaya—Jhargram, Midnapore. J. C. Mahapatra -- Manglamaro, Midnapore. India Library—Mymensingh.

Printed by—
GOURI SANKAR PAL.
BHARATI PRESS, Calcutta.

্যবধান, আপ্রবিক আকর্ষণ অপেকা অনেক বেশী বাড়িয়া যায়; স্বভরাং উহারা । াায়বীয় অবস্থা প্রাপ্ত হয়।

উত্তাপ দিলে কঠিন বরফ তরল জলে এবং তরল জল বায়বীয়-বাষ্পে পরিণ্ড য়ে; আবার তাপ কমাইয়া শীতল করিলে জলীয় বাষ্প জলে এবং জল বরফে পরিণত হয়।

Q 3. Enumerate the general properties of matter with illustrations

Ans. দকল পদার্থেরই কয়েকটি সাধারণ গুণ আছে ; যথা---

- (১) ওজন (Weight)---সকল পদার্থেরই ওজন আছে।
- (২) বিস্তৃতি ( Extension )—প্রত্যেক পদার্থই কিছু না কিছু স্থান অধিকার করে।
- (৩) অভেদ্যতা (Impenetrability)—পরস্পর পৃথক ছুইটি পদার্থ একসংগে একই স্থানে থাকিতে পারে না। কাঠে পেরেক পুতিলে, উহা ভিতরে প্রবেশ করে বটে, কিন্তু কাঠ চারিদিকে সরিয়া সিয়া উহার স্থান করিয়া দেয়। পেরেক যে-স্থান দথল করিল, তপায় কাঠ থাকিতে পারিল না!
- (৪) নিজ্জিয়তা (Inentia)—কোন পদার্থ ই আপনা হইতে চলিতে বা থামিতে পারে না। মেজের উপর যে মার্বলটি স্থির হইয়া রহিয়াছে, উহা আপনা-হইতে কথনই চলিতে পারিবে না; আবার উহাকে চালাইয়া দিলে, উহা আপনা-হইতে কথনই স্থির হইবে না। তবে যে উহা কিছু দ্র গিয়া থামিয়া ষায়, তাগা ভূমি ও বায়ুর ঘর্ষণ-জনিত রোধ-শক্তির বলে ঘটিয়া থাকে।
- (৫) মহাকর্ষ (Gravitation)—সকল পদার্থ ই পরম্পরকে আকর্ষণ করিতেছে; এই আকর্ষণ সকল স্থানে এবং সকল সময়েই বর্তমান। পৃথিবীর মত একটি প্রকাণ্ড পদার্থ বস্তমাত্রকেই সর্বদা প্রবলবেগে আকর্ষণ করিতেছে বলিয়া বস্তুসমূহ পরম্পরের কুদ্র আকর্ষণ অমুভব করিতে পারে না। পদার্থের বস্তুমাত্রা ও দূরত্ব অমুসারে এই আকুর্গণের ভারতম্য ঘটিয়া থাকে।

## 4 Essentials of Matriculation Science

- (৬) বিভাজ্যতা ( Divisibility )—পদার্থকে অসংখ্য ক্রুত ক্র অংশে বিভক্ত করা যায়। এক গ্লাস জলে এক ফোটা কালি ফেলিলে, অক্সণের মণ্যেই উহা সহস্রধা বিভক্ত হইয়া সমস্ত জলেই ব্যাপ্ত হইয়া যায়।
- (৭) স্থিতিস্থাপকতা (Elasticity)—শক্তি প্রয়োগ করিলে পদার্থ মাত্রেরই আয়তন পরিবতিত হয়, এবং ঐ শক্তি সরাইয়া লইলে উহা পূর্বাবস্থা প্রাপ্ত হয়। ইহাই পদার্থের স্থিতিস্থাপকতা ধর্ম। ঘড়ির স্পিং টানিয়া ধরিলে, সোজা হয়; ছাড়িয়া দিলে আবার পূর্বের মতই গুটাইয়া যায়।
- (৮) সচ্ছিদ্রতা (Porosity)—পদার্থ মাত্রেরই অংগে অসংখ্য স্ক্রা স্ক্রা স্ক্রির আছে। উহাদিগকে দেখিতে পাভয়া যায় না বটে, কিন্তু উহাদের ক্রিয়া দেখিতে পাভয়া যায়। টেবিলে কালি ফেলিলে যে দাগ হয়, তাহা উহার ঐ স্ক্রা স্ক্রা ছিদ্র আছে বলিয়াই।
- (৯) সংসক্তি (Cohesion)—পদার্থ মাত্রেরই সংগত্তি অর্থাৎ বাধুনি আছে। কঠিন পদার্থে এই গুণ বেশী, তরল পদার্থে অপেক্ষাকৃত কম এবং বায়বীয় পদার্থে উহা আরও কম।
- (১০) রোধ (Resistance)—পদার্থ মাত্রেই এই গুণ অলাধিক বর্তমান। পদার্থের সংসক্তি-ধর্মের তারতম্যে এই গুণের তারতম্য ঘটে। পাথরে, জলে এবং বাতাসে ছড়ির আঘাত করিলে, কঠিন পদার্থের রোধ-শাক্তি যে স্বাধিক, তরলের অপেক্ষাকৃত কম এবং বায়বীয় পদার্থের স্বাপেক্ষা অল্ল, তাহা বেশ ব্ঝিতে পারা যায়।
- (১১) **অবিনাশিতা** (Conservation of mass)—বস্তুমাত্রই রূপান্তরিত হয়, কিন্তু ধ্বংস প্রাপ্ত হয় না।
- Q 4. How can you prove that matter is indestructible?

Or. What do you mean by conservation of mass and how can you prove it?

Ans. ইন্দ্রিয়গ্রাহ্য এবং ওজন-বিশিষ্ট বস্তুমাত্রকেই আমরা পদার্থ নাম দিয়া থাকি। ইট, কঠি, ঙাল, বায়—ইহার। সকলই পদার্থ। এই পদার্থ-জগতের কার্যকলাপের প্রতি লক্ষ্য করিলে আপাততঃ মনে হইবে যে, পদার্থ মাত্রই ধ্বংসনীল। জল ফুটাইলে, উহা কোথায় অদৃশু হইয়া যায়; মোমবাতি পোড়াইলে মোম এবং বাতি উভয়েই পুড়িয়া অদৃশু হয়; জলে মিছরি ফেলিলে, কিছুক্ষণ পরে মিছরি আর দেখিতে পাওয়া যায় না; এইরপ বাপার, পদার্থের ধ্বংসদীলতাঃ নির্দেশ করে।

কিন্ত বিশেষ ভাবে পরীক্ষা করিয়া দেখিলে বৃথিতে পারা যায় বে, জল ফুটাইলে অদৃশু দলীয়বাঙ্গে পরিণত ১য় বলিয়া জলকে আর দেখিতে পাওয়া যায় না; মোমবাতি জালাইলে উহা অদৃশু গ্যাসে রূপান্তরিত হয়, কিন্ত ধ্বংসপ্রাপ্ত হয় না; খাবার জলে মিছরি ফেলিলে, জলের আণবিক ব্যবধানের মধ্যে মিছরির কণাগুলি আয়েগোপন করে, কিন্তু ধ্বংসপ্রাপ্ত হয় না। সকল ক্ষেত্রেই পূর্ব্ব-পদার্গ ও রূপান্তবিত পদার্থ, এই উভয়ের ওজন সমান থাকে।

এই প্রকার পর্যবেক্ষণ দারা বৈজ্ঞানিকগণ ত্বির করিয়াছেন বে, জগতে পদার্থের ধ্বংস নাই, এবং পদার্থের মোট পরিমাণের স্থাসবৃদ্ধিও কোন জ্রমে সংঘটিত হয় না। ইহাই পদার্থের অবিনাশিতা এবং ইহাই বিজ্ঞান জগতের শ্রেষ্ঠ আবিদ্ধার-সমূহের অক্ততম।

Q 5. How would you show that water exerts equal pressure in all directions at a point within it?

Ans. জলমধ্যস্থ কোন বিন্দ্র চারিদিকেই সমানভাবে জলের চাপ পড়িয়া থাকে। ইহা নিয়োক্ত উপায়ে সহজে প্রমাণ করা যায়।

#### 6 Essentials of Matriculation Science

একটি কাচ-নলকে, রবারের পাতলা-পাত দিয়া মুখবাঁধা কাচের চোঙের সহিত রবার-নল দারা সংযুক্ত করা হইল। কাচনলে একবিন্দু জল প্রবেশ করান হইল; এই জলবিন্দুই চাপ-নির্দেশক (Index); কারণ, চোঙের মুখের পাতলা আবরণটিতে যে পরিমাণ চাপ দাওয়া হয়, চোঙ ও নলের অভ্যন্তরন্থ বাতাসও ঐ নির্দেশক জলবিন্দুটিকে সেই পরিমাণে দ্রে বা নিকটে সরাইয়া দেয়।

এইবার একটি জলপূর্ণ পাত্রে চোঙ্টি ডুবাইয়া, জলের গভীরতা সমান রাথিয়া, চোঙের রবার-ঢাকা মুথটি, উপরে, নীচে, পার্সে, যে-দিকেই যুরান যাউক না কেন, দেখা যাইবে যে, ঐ নির্দেশক-বিন্দুটি একই স্থানে একই ভাবে স্থির রহিয়াছে। ইহা হইতেই বুঝিতে পারা যায় যে জলমধ্যস্থিত কোন বিন্দুর উপর সকলদিক হইতেই জলের সমান চাপ পড়ে।

- Q 6. How would you show that pressure exerted anywhere on a mass of water is transmitted equally, in all directions?
- Or. State and prove Pascal's law about the transmission of fluid pressure.

Ans. জল বা যে-কোন তরল পদার্থের উপর চাপ দিলে ঐ চাপ সকল দিকে সমান ভাবে বিস্তৃত হয়। বৈজ্ঞানিক পাশ্কেল (Pascal) এই তথাটি আবিষ্কার করিয়াছিলেন। ইহা নিম্নলিখিত উপায়ে সহজে প্রমাণ করিতে পারা বায়।

একটি ফাঁপা রবারের বল জলপূর্ণ করিয়া, একটি পিনের সাহায্যে উহার সায়ের চারিদিকে কয়েকটি ছিদ্র করা গেল; ছিদ্রগুলি স্ক্র বলিয়া জল বাহির ছইয়া আসিবে না। এইবার বলটি একটু টিপিলেই দেখা যাইবে যে ছিদ্রগুলি দিয়া তীরের মত সমান ধারায় জল বাহির হইয়া আসিতেছে। ইহা হইতেই বুঝা

যায় যে, জল বা বে-কোন ভরল পদার্থের উপর চাপ দিলে, ঐ চাপ সকলদিকে সমানভাবে **শি**স্তুত হয়।

- Q 7. What do you mean by buoyancy of water? State and verify Archemedes's principle.
- Ans. (i) প্লাবিতা ( Buoyaney ) কোন সমচতুষ্ণোণ ধাতুখণ্ড জলে ডুবাইলে চারিদিক হইতে জলের চাপ উহার উপর লম্বভাবে পতিত হয়। পাশ-শুলি একই গভীরতায় এবং পরম্পর বিপরীত মুখে থাকে; তাই, উহাদের উপর পতিত, সমান এবং বিপরীতমুখী চাপগুলির ক্রিয়া প্রকাশ পায় না; কিন্তু নীচের তলের গভীরতা অপেক্ষাকৃত বেশী বলিয়া উহার উপর উপর্বিচাপ, উপরের তলে পতিত নিম্নচাপ অপেক্ষাকৃত বেশী বলিয়া উহার উপর উপর চাপ পড়িলেও শুধু উপর্বিচাপই প্রকাশ পায়। জলের এই উপ্রবিচাপকেই জলের প্লাবিতা (Buoyaney) বলা হয় এবং ইহারই ফলে কোন বস্তুকে জলে ডুবাইলে বস্তুটির ওজন কমিয়া যায়। বে পরিমাণ ওজন কমে, তাহাই বস্তুটির উপর জলের প্লাবিতার পরিমাণ।
- (ii) কোন পদার্থ জলে কিংব। সভা কোন তরল পদার্থে ডুবাইলে, যে পরিমাণ জল বা তরল পদার্থ অপসারিত হয়, উহা সেই-পরিমাণ জল বা তরল পদার্থের ওজন হারায়। ইহাই আর্কিমেদিজের সূত্র, এবং ইহার একটি সহজ পরীক্ষা এইরপ—

এক টুক্রা পাধর, বাতাসে ওজন করার পর, জলে রাখিয়া ওজন করিলে দেখা বার—প্রথম ওজন অপেকা দিতীয় ওজন কম। এই ওজন কতটুকু কম হইল তাহা স্থির জানিয়া, এই পাধর টুক্রাটি একটি পার্মনল (Side tube) বিশিষ্ট জলপূর্ণ পাত্রের মধ্যে ফেলিতে হইবে। এইরূপ করিলে পাধর টুকরাটির সম-আয়তন জল, পার্থ-নল দিয়া বাহির হইবে। এই জল পাত্রাস্তরে সংগ্রহ করিয়া

ওজন করিলে দেখা যাইবে যে এই জলের ওজন এবং পার্থীরটিকে জলের মধ্যে রাখিয়া ওজন করায় উহার ওজন যতটুকু কমিয়াছে, তাহা. অএই উভয়ই সমান।

Q 8. What do you mean by "Water finds its own level"? Give practical illustration. Or, Explain the principle of water-supply in large towns.

Ans ধে-কোন U-এর আকার বিশিপ্ট নলের একটি বাহুতে জল ঢালিলে ঐ জল নলের অপর বাহুতেও প্রবেশ করে এবং অবশেষে ছই বাহুর জলের উপরিভাগ একই সমভলে অবস্থান করে। ইহাই জলের "সমোচ্চশীলভা" ধর্ম, এবং এই জন্মই জল নিজ্ঞাল গুঁজিয়া থাকে বলা হয়।

জনোর এই সমোচি শীলতা ধর্মের সাহায্য লইয়াই বড় বড় শহরে জল সরবরাহ করা হয়। কোন স্থানে খুব উচুতে বড় একটি ট্যাংক্ বসাইয়া উহার উপরে ও ভলায় এক একটি করিয়া ছইটি মোটা নল সংযুক্ত করা হয়। পাস্পের সাহায্যে উপবের মোটা নলটি দিয়া ট্যাংক্টি জলপূর্ণ করা হয়। তলার নলটির সহিত রাস্তার মাটির নীচের বড় বড় মোটা নলগুলি সংযুক্ত থাকে। রাস্তার এই নলগুলির সহিত প্রত্যেক বাটীর অপেক্ষাকৃত সক্ষ নলগুলি লাগান থাকে। ট্যাংকের তলার নল দিয়া জল স্বতঃই নামিয়া আসে এবং সমোচিশীলতা ধর্মবশতঃ উহা ট্যাংকের জলের উপরের তল পর্যন্ত উঠিতে চায়। ফলে, ঐ জল নলের মুখ দিয়া বেগে বাহির হইতে থাকে। নলের মুথে প্যাচকল আঁটিয়া জলের পতন নিয়ন্ত্রিত করা হয়। কলিকাতার মত বড় বড় শহরেও এই উপায়ে জল সরবরাহ হইয়া থাকে।

Q 9. State and prove some of the physical properties of water.

## Ans. — তরল অবস্থায় জলের কয়েকটি বিশেষ ধর্ম দেওয়া হইল—

- (i) **ক্রেলের নিদিষ্ট আয়তন আছে, কিন্তু নিদিষ্ট আকার নাই**; যে পাত্রে থাকে তাহারই আরুতি গ্রহণ করে।
  - ( ii ) জল সকল সময় ঢালুদিকে গড়াইয়া যায়।
  - (iii) চাপ দিলে জলের আয়তন বিশেষ হ্রাস প্রাপ্ত হয় না।
- (iv) জল, উহার মধ্যস্থ কোন বিন্দুর উপর সকল দিক হইতেই সমান ভাবে চাপ দেয়। পরীক্ষার জন্ম Q 5.-এর উত্তর দেখ।
- (v) জলের উপর চাপ দিলে, ঐ চাপ সকল দিকে সমান ভাবে বিস্তৃত হয়। পরীক্ষার জন্ম Q. G-এর উত্তর দেখ।
- (vi) জল সর্বদা নিজতল খুঁজিয়া থাকে। পরীক্ষার জন্ম 🗘 ৪-এর উত্তরের প্রথমাংশ দেখ।
  - (vii) জলের প্লাবিত। আছে। পরাক্ষার জন্ম, 🗘 7-এর উত্তর দেখ।
- (viii) জল শব্দবহ। জলে ড্বিয়া কথা ধলিলে বা কোন শব্দ করিলে ঐ শব্দ শুনিতে পাওয়া যায়। জল শব্দবহ না হইলে এইরূপ হুইত না।
- Q 10. (i) Under what conditions do bodies float or sink? (ii) Explain why an iron-ship floats on water though a piece of iron sinks in it.
- Ans (i) কোন পদার্থকে জলে ডুবাইলে উহার উপর ছুইটি শক্তি কার্য করে। (১) মাধ্যাকর্ষণ শক্তি উহাকে নিম্নদিকে আকর্ষণ করে, এবং (২) পদার্থটির উপর জলের প্লাবিভা বা উধ্বর্টাপ উহাকে উপরদিকে ঠেলিয়া ভূলে। যদি প্রথম শক্তি প্রবল হয়, তবে পদার্থটি ডুবিয়া নিম্নগামী হয়; এবং যদি দিতীয় শক্তি প্রবল হয়, অর্থাৎ পদার্থটির ওজন অপেকা, পদার্থটির সমায়তন জলের ওজন অধিক হয়, তবে পদার্থটি জলে ভাসিয়া উঠে।

#### 10 Essentials of Matriculation Science

(ii) এক টুকরা লোহার ওজন উহার সমায়তন জলের তীন অপেকা অধিক; তাই লোহার টুকরাটি জলে ডুবে। কিন্তু লোহনির্মিক বৃহদায়তন জাহাজের ওজন উহার সমায়তন জলের ওজন অপেকা অনেক কম; তাই উহা জলে ভাগে।

## Q 11. Prove that air has weight.

Ans. একটি প্যাচকলযুক্ত কাচের গোলককৈ বাত-পাম্পের সাহায্যে বায়ুশুন্ত করিয়া প্যাচকল দারা উহার মুখ বন্ধ করিবার পর, স্ক্র তুলাদণ্ডে ওজন করিতে হইবে। তুলাদণ্ডের ভারসাম্য-অবস্থায় গোলকটির প্যাচ খুলিয়া দিলে, যে পাল্লায় গোলকটি বসান আছে, তাহা নামিয়া পড়িবে। গোলকটির মধ্যে প্রবিষ্ট বায়্র ওজন, বায়ুশুন্য গোলকটির ওজনকৈ বাড়াইয়া দিয়াছে। বায়ুর যে ওজন আছে, এই পরীক্ষা দ্বারা তাহা বুঝা গেল।

Q 12. Describe some experiment to prove the downward pressure of air.

Ans. তহমুখ-খোলা একটি কাচের চোঙের একটি মুখ বাত-পাম্পের প্রেটের উপর বসাইয়া, প্রেট ও চোঙের সন্ধিস্থল ভেদ্লিন দ্বারা বন্ধ করিতে হইবে। পরে চোঙের অন্য মুখটি, রবারের পাতলা চাদর দিয়া বন্ধ করিয়া, বাত্তপাম্প চালাইলে দেখা যাইবে যে, চোঙের মুখের রবারের চাদরটি চোঙটির ভিতরে নামিয়া যাইতেছে। বাত-পাম্প চালাইবার পূর্বের রবারের উপরে ও নীচে সমান ও বিপরীতমুখী চাপ পড়ায় রবার ঠিক সমতল অবস্থায় ছিল; বাতপাম্প চালাইবার পর রবারের নিম্নস্থ বায়ুর উপর্বিচাপ কমিয়া যাওয়ায়, উপরিস্থ বায়ুর প্রবল নিম্নচাপে, মুখের রবার চাদর চোঙের মধ্যে প্রবেশ করিতেছে।

Q 13. What experiment would you make to prove the upward pressure of air?

- Ans. একটি কার্চের গ্লাদ কানায় কানায় জলপূর্ণ করিয়া, উহার মুখে এমন ভাবে একখণ্ড কাগজ লাগাইতে হইবে, যাহাতে উহার মধ্যে অতি অল্প বাতাসও প্রবেশ করিতে না পারে। এইবার ডানহাতে গ্লাদটি ধরিয়া, উহার মুখে বাঁ হাত চাপা দিয়া উপুড় করিলে দেখা যাইবে যে, বাঁ হাত সরাইয়া লইলেও জল পড়িতেছে না। কাগজের নিমন্থ বায়ুর অপেক্ষাকৃত অধিক উধর্ব চাপের ফলেই এইরূপ হইয়াছে।
- Q 14. What do you mean by buoyancy of air and how will you prove it? Or, What is a Baroscope and what does it prove?
- Ans. বাতাদের উপর্ব চাপ্তেই বাতাদের প্লাবিতা (Buoyancy) বলা হয়। যে-যন্ত্রের সাহায্যে বাতাদের এই প্লাবিতা পরীক্ষিত হয়, সেই যন্ত্রের নাম ব্যারোজাপ (Baroscope)। এই যন্ত্রে, একটি নিজির ছইদিকে ছইটি পালার পরিবর্তে, একদিকে একটি কাঁচের ফাঁপা বল এবং অন্যাদিকে উহারই সমান ওজনের একটি ছোট বাটথারা ঝোলান থাকে। সমস্ত যন্ত্রটি একটি বাত-পাম্পের প্লেটের উপর রাখিয়া একটি কাচপাত্র দিয়া ঢাকিয়া দেওয়া হয়। যতক্ষণ ভিতরে বাতাস থাকে ততক্ষণ উভয় দিকেই ওজন সমান বলিয়া কোনদিকেই নিজির ঝোঁক থাকে না। এইবার বাত-পাম্প চালাইয়া বায়ু বাহির করিয়া লইলে দেখা যাইবে যে, কাচের বলের দিকে নিজির ডাগুটি ঝুঁকিয়া পড়িল। বায়ুর মধ্যে অবস্থানকালে, বলটির আয়তন বেশী বলিয়া, উহার উপর অপেক্ষাক্ষত অধিক পরিমাণে বায়ুর উপর চাপ পড়িতেছিল। তাই বায়ুর মধ্যে বাটখারা ও বলের ওজন সমান হইলেও প্রক্রতপক্ষে বলটির ওজন বেশা। বায়ু সরাইয়া লইতেই উহা অধিক ভারে ঝুঁকিয়া পড়িল। এই প্রকারে প্রমাণিত হয় যে বায়ুর প্লাবিতা ছাছে।
- Q 15. How would you show that sound propagates through air?

Ans. বাত-পাম্পের প্লেটের উপর একটি মাঝারী রকমের টাইমুপিদ্ (ঘড়ি) রাথিয়া একটি কাচের ঢাক্নি দারা উত্তমরূপে ঢাকিয়া দিতে হইবে চাক্নি ও প্লেটের সন্ধিস্থলের ফাঁক, ভেদ্লিন দারা বন্ধ করিয়া বাতপাম্প চালাইলে বুঝা যাইবে যে ঘড়ির শন্দ ক্রমশঃ কমিয়া আসিতেছে। ভিতরের বায়ু সম্পূর্ণরূপে বাহির হইয়া গেলে শন্দ একেবারেই শোনা বাইবে না। এইবার বায়ু পুনরায় প্রবেশ করাইতে পাকিলে শন্দ আবার ক্রমশঃ স্পন্ত হইতে স্পষ্টতরভাবে শোনা যাইবে। বায়ুকে আশ্রয় করিয়া শন্দ পরিচালিত হয়—ইহাই তাহার প্রমাণ।

Q 16. Describe Torricelli's experiment on the measurement of atmospheric pressure. Or, What is a Barometer? How is it constructed? How can it help in measuring the atmospheric pressure?

Ans. কোন স্থানের বায়ুমগুলের চাপের পরিমাণ, যে-যন্ত্রের সাহায্যে নির্ণীত হয়, তাহাকেই বায়ুচাপমান যন্ত্র (Barometer) বলে। বৈজ্ঞানিক টরিটেলি যে-পরীক্ষা দ্বারা বায়্ব চাপ নির্ণয় করিয়াছিলেন, সেই পরীক্ষার সাহায্যেই সাধারণ বায়ুচাপমান যন্ত্র প্রস্তুত করা হয়।

তিন কুট দীর্ঘ ও একমুখ-বন্ধ একটি কাচনল এরপ ভাবে পারদে পূর্ণ করিতে হইবে যেন ভিতরে কিছুমাত্র বাতাস না থাকে। পারদপূর্ণ নলটির মুখ ডান হাতের বুড়া আঙুল দিয়া চাপিয়া, উপুড় করিয়া, একটি পারদপূর্ণ পাত্রের পারদের মধ্যে ডুবাইয়া ধরিলে দেখা যাইবে যে, নল হইতে কিছু পারদ বাহির হইয়া আসিল এবং পাত্রস্থ পারদের সমতল হইতে প্রায় ৩০ ইঞ্চি উপর পর্যস্ত একটি পারদ স্তম্ভ দাড়াইয়া থাকিল। এই অবস্থায় নলটিকে ক্ল্যাম্প ( Clamp ) দ্বারা আট্কাইয়া

গমভাবে দাঁভ করাইয়া রাখিলে, উহাই একটি সাধারণ বায়ুচাপমান যন্ত্র ( Barometer ) হইল।

এই যন্ত্রদারা জানিতে পারা যায় যে বায়ুমগুলের চাপের ফলে, কোন বায়ুশৃত্ত ছানে, প্রায় ৩০ ইঞ্চি উচ্চ একটি পারদ স্তম্ভ দাড়াইয়া থাকিতে পারে। কোন ছানের বায়ুমগুলের চাপ ৩০ ইঞ্চি বলিলে, ঐ স্থানের প্রতি বর্গ-ইঞ্চিতে ঐ চাপ পড়িতেছে বৃঝায় এবং উহা ৩০ ঘন ইঞ্চি আয়তনের পারদস্তম্ভের ওজন হিসাবে প্রায় ১৫ পাউগু বা ৭॥০ সের।

- Q 17. (i) What is Torricellian vacuum? Isit a complete vacuum?
- (ii) How from a knowledge of Barometric pressure is the height of a place determined?
- (iii) State how the height of a Barometer can indicate the state of weather?
- (iv) How much atmospheric pressure is exerted over a body, the surface area of which is 15 Sq. ft. and how is it that the pressure is not felt?
- (v) What is meant by "The standard or normal atmospheric pressure of a place is 30 inches"?
- (vi) Give some instances of the benefits that we have derived from the presence of atmospheric pressure.

- Ans. (i) সাধারণ বাষ্চাপমানষন্ত্রের পারদের উপরিস্থিত খুক্ত স্থানকেই চিরিসেলির শুক্ত স্থান (Torricellian vacuum) বলা হয়। ইয়া সম্পূর্ণরূপে শুক্ত নহে, ইহার মধ্যে কিয়ৎপরিমাণ পারদবাষ্প বর্তমান থাকে।
- (ii) যতই উপরে উঠা যায়, ততই বায়ুর চাপ একটি নির্দিষ্ট পরিমাণে কমিতে থাকে। প্রথম ১০০ ফিটে ১ ইঞ্চি কমে, পরবর্তী ১০০০ ফিটে আর ১ ইঞ্চি, তৎপরবর্তী ১১০০ ফিটে আরও ১ ইঞ্চি, এইরূপে উচ্চতার ক্রমবৃদ্ধির সহিত বায়ুর চাপের ক্রমশং প্রাস দেখিতে পাভয়া যায়। স্থতরাং কোন ত্ইটি স্থানের বায়ুতাপমান যন্ত্রের উচ্চতা, অর্থাৎ বায়ু-চাপের পরিমাণ, জানা থাকিলে, একটি স্থান অপরটি হইতে কত উচ্চে—তাহা বৃথিতে পারা যায়।
- (iii) ঠাণ্ডা বাতাস অপেক্ষা গ্রম বাতাস হান্ধা; আবার যে বাতাসে জনীয়বান্স নাই তাহা অপেক্ষা, যে বাতাসে জনীয় বান্স আছে—তাহাও হান্ধা। এইজন্ম বায়ু চাপমান ষল্পের পারদ যথন তাড়া তাড়ি নামিতে থাকে, তথন বুঝিতে হয় যে ঝড় বা বৃষ্টি আদিবার বেশী বিলম্ব নাই। কারণ, যন্ত্রের পারদ নামিয়া যাওয়াতে বুঝা যাইতেছে যে, বাতাসের চাপ কমিয়া গিয়াছে এবং উহা উত্তপ্ত ও জলীয় বান্সে পূর্ণ হইয়াছে। পক্ষান্তরে পারদ যথন উপরে উঠিতে থাকে, তথন স্থানর ও পরিষ্কার দিন আদিবার বিলম্ব নাই বুঝিতে হয়। কারণ, বায়ুর চাপ বর্ষিত হও্যায় বুঝিতে হইবে যে বায়ু শীতল ও গুষ্ক।
  - (iv) এক বর্গ ইঞ্চি স্থানের উপর বায়ুর চাপ = ১৫ পাউণ্ড,

স্থতরাং এক বর্গ ফুটের উপর বায়ুর চাপ = ১৫ × ১৪৪ অর্থাৎ ২১৬০ পাউগু, এবং ১৫ বর্গ ফুটের উপর বায়ুর চাপ = ২১৬০ × ১৫ অর্থাৎ ৩২৪০০ পাউগু। যে মাসুষের শরীরের বহিরায়তন ১৫ বর্গফুট, তাহার উপর ৩২৪০০ পাউগু বায়ু-চাপ পড়ে। কিন্তু শরীরের ভিতর ও বাহির সবদিকেই বায়ু সমান ভাবে চাপ দেয় বিলিয়া, সে সেই বায়ু-চাপের বোঝা অনুভব করিতে পারে না।

( v ) সমুদ্রতলে, ৪৫° অক্ষাংশে ও শৃন্নডিগ্রি (0°c) সেন্টিগ্রেড তাপমাত্রায়

# ESSENTIALS OF MATRICULATION SCIENCE

# পদার্থ-বিদ্যা

## পদার্থ

Q 1. Explain the following terms—Atom, Molecule, Inter-molecular space, Molecular attraction.

Ans পরমাণু ( Atom )—মৌলিক পদার্থ সমূহের ফ্লাভম অংশকে পরমাণু বা Atom বলা হয়।

অবু (Molecule)—মৌলিক বা যৌগিক কোন পদার্থকৈ স্থা ইইতে স্থাতর সংশে ভাগ করিতে করিতে এরপে অবস্থায় পৌছান যায়, নখন ঐ পদার্থের গুণ বা ধর্ম জান্ধুর রাখিয়া উহাকে আর বিভক্ত করা যায় না; পদার্থের এই কুদ্রতম অংশই অবু বা Molecule.

আণবিক ব্যবধান (Inter-molecular space) -- পদার্থমাত্রই বছ-সংখ্যক অণুর সমবায়ে গঠিত। উহারা পরম্পর দৃঢ়ভাবে সংলগ্ন থাকিয়া পদার্থটি গঠিত করিয়াছে বলিয়া প্রতীয়মান হইলেও, বস্তুতঃ তাহা নহে; উহাদের পরস্পরের মধ্যে স্কুল ব্যবধান থাকে। এই ব্যবধানকেই আণবিক ব্যবধান বা Inter-molecular space বলা হয়।

আণবিক আকর্ষণ (Molecular attraction)—প্রত্যেক পদার্থের মধ্যে আণবিক ব্যবধান আছে ; তাই উহার অণুগুলি নিশ্চলভাবে না পাকিয়া উহার মধ্যে চলিয়া বেড়ায় এবং পরস্পর পরস্পরকে আকর্ষণ করে। এই আকর্ষণকেই আণবিক আকর্ষণ বা Molecular attraction বলা হয়।

Q 2. Define matter and show that it exists in three different states. Explain the effect of heat on the state of matter.

Ans. পদার্থ (Matter)—ইন্দ্রিগ্রাহ্ এবং ওজনবিশিষ্ট বস্তুমাত্রকেই পদার্থ (Matter) বলা হয়। ইট, কাঠ, পাথর, জল, বায়ু—ইহারা সকলই পদার্থ।

আণবিক ব্যবধান, আণবিক আকর্ষণ ও আণবিক গভির হ্রাসবৃদ্ধির ফলে পদার্থের গঠন তিন প্রকার; যথা—

- (১) কঠিন (Solid)—ইহাদের (i) আণবিক আকর্ষণ থুব বেশী, (ii) আণবিক গতিমাত্রা ও (iii) আণবিক ব্যবধান খুব কম; কাজেই অণুগুলি জমাট বাঁধিয়া পাকে; যেমন ইট, কাঠ, লোহা, বই, শ্লেট ইত্যাদি।
- (২) তরুল (Iniquial)—ইহাদের (i) আণবিক আকর্ষণ কম, (ii) আণবিক গতি ও (iii) আণবিক ব্যবধান বেশী; কাজেই ইহাদের অণুগুলি অপেক্ষাক্কত আল্গাভাবে থাকে; যেমন জল, হুধ, মধু ইত্যাদি।
- (৩) বায়বীয় (Gas)—ইহাদের (i) আণবিক আকর্ষণ খুব কম, (ii) আণবিক গতি ও (iii) আণবিক ব্যবধান খুব বেশী; স্থতরাং অণুগুলি খুব স্বাধীনভাবে চলাফেরা করে এবং চারিদিকে ছড়াইয়া পড়ে; যেমন বার্, ষ্টীম, হাইড্রোজেন ইত্যাদি।

উত্তাপ দিলে পদার্থের এই তিনটি শ্বস্থার ভিন্ন ভিন্ন রূপ পরিবর্তন হয়। কঠিন পদার্থে উত্তাপ দিলে উহাদের আণবিক গতি ও ব্যবধান বর্ধিত হয় এবং আণবিক আকর্ষণ উহাদিগকে কঠিন রাখিতে পারে না; তখন উহারা তরল অবস্থায় পরিণত হয়। তরল পদার্থে তাপ দিলে উহাদের আণবিক গতি ও বায়ু মণ্ডলের বা পরিমাণ চীপ পড়ে—তাহাই Standard বা Normal atmospheric pressure. এই অবস্থায় বায়ুচাপমানযন্ত্রের পারদন্তন্তের উচ্চতা ৩০ ইঞ্চি এবং চাপ-পরিমাণ ১৪:৭৫ অর্থাৎ প্রায় ১৫ পাউগু।

- (vi) বায়ুমণ্ডলের চাপ আছে বলিয়া, উহার সাহায্যে আমরা অনেক কাজ করিয়া থাকি। সাইফোন (Syphon) নলের সাহায্যে তরল পদার্থকে একপাত্র হইতে অগুপাত্রে লইয়া যাওয়া, পাম্পের সাহায্যে জলতোলা, পিচকারির ব্যবহার, কালিতোলা নলে কালিতোলা, তথ জল প্রভৃতি চুষিয়া পান করা, দমকলের সাহায্যে আগুন নিবান, ট্রাম, মটর, রেল প্রভৃতি চলস্ত গাড়ি ভ্যাকুয়াম-ত্রেকের সাহায্যে হঠাৎ থামাইয়া দেওয়া প্রভৃতি নানাবিধ কার্য বায়ুর চাপ আছে বলিয়াই সাধিত হয়।
- Q 18. State and prove the different physical properties of air.
- Ans. (i) বায়্র আকার ও আয়তন কিছুই নাই। যে পাত্রে থাকে তাহারই আকার ও আয়তন প্রাপ্ত হয়।
- (ii) চাপদারা বায় সংকৃচিত হয়; চাপ সরাইয়া লইলে আবার পূর্বাবস্থা প্রাপ্ত হয়।
  - (iii) ইহার ওজন আছে। পরীক্ষার জন্ম, Q. 11-এর উত্তর দেখ।
  - (iv) বায়ু চাপ দেয়। পরীক্ষার জন্ম, (). 12-এর উত্তর দেখ।
  - (v) ইহার প্লাবিতা আছে। পরীক্ষার জন্ম, Q. 14-এর উত্তর দেখ।
  - (vi) ইহা শব্দের বাহন। পরীক্ষার জন্ম, Q. 15-এর উত্তর দেখ।

# পদার্থ-বিদ্যা

## ভাপ

- Q 19. What is 'Energy'? In what different forms does it exist? Show by practical illustrations that energy may be changed from one form to another; (or, Explain what is meant by conservation of energy.)
- Ans. (i) উত্তাপ, আলোক প্রভৃতিকেই আমরা শক্তি নাম দিয়া থাকি। পদার্পের উপরেই ইহাদের ক্রিয়া দেখা যায়। ইহাদের ওজন নাই এবং এই হিসাবে ইহারা পদার্থ হইতে পুপক্।
  - (ii) শক্তি নানা প্রকারের ;—(১) **যান্ত্রিকশক্তি** (Mechanical energy),
- .(২) তাপশক্তি (Heat energy), (৩) আলোকশক্তি (Light energy)
- (৪) শব্দান্তি (Sound energy), (৫) চুম্বনাতি (Magnetic energy),
- (৬) তড়িৎশক্তি (Electric energy); (৭) রাসায়নিকশক্তি (Chemical energy)।
- (iii) জগতে শক্তির উৎপত্তি ও বিনাশ নাই; ইহাকেই শক্তির "সনাতনতা" বা Conservation of energy বলা হয়। শক্তি একরূপ হইতে অন্তরূপে পরিণত হইতে পারে, কিন্তু বিনাষ্ট হয় না। নিম্নলিখিত উদাহরণ ছারা ইহা স্পষ্ট বুঝা যাইবে—
- (১) এঞ্জিনের ভিতরের তাপশক্তি, এঞ্জিনের গতিরূপ যান্ত্রিক শক্তিতে শরিণত হয়। (২) হুই হাত পরস্পর ঘষিলে তাপ অমুভূত হয়; ইহাতে যান্ত্রিক

শক্তি জ্ঞাশক্তিতে পরিণত হইতেছে। (৩) তড়িংশক্তিতে ট্রাম চলে ও পাথা বোরে; ইহাতে তড়িং শক্তি বান্নিক শক্তিতে পরিণত হইতেছে। (৪) ডাইনানো (Dynamo)তে দ্বীম-এঞ্জিনের যান্ত্রিক গতিশক্তি তড়িং উংপন্ন করে, অর্থাৎ তড়িং শক্তিতে রপাস্তরিত হয়। (১) প্রৌরেজ সেল (Storage cell)এ রাসায়নিক শক্তি তড়িংশক্তির রপ প্রাপ্ত হয়। এইরপে একশক্তি অন্তর্গতিতে রূপাস্তরিত হয়, কিন্তু বিনষ্ট হয় না।

- Q. 20. Define temperature and describe the process of constructing and graduating a thermometer.
- Ans. (1) এক পদার্থ হইতে অন্ত পদার্থে তাপ প্রবাহিত হইয়া যাইবে, গণবা দিতীয়টি হইতে প্রথম পদার্থে তাপ মাসিবে—ইহা যদাবা নির্ণীত হয়. তাহাই তাপমাত্রা বা Temperature.
- (ii) ভাপমাত্রা নির্ণয় কবিবাব জন্ত যে যমু ব্যবজত হয়, ভালা **ভাপমান যন্ত্র** বা Thermometer। ইহাব নির্মাণ প্রণালী এইনপ—

একস্থে একটি চোচ এবং অন্তদিকে একটি গোলক (Bulb)যুক্ত অতি স্থানিছিলের একটি কাচনল লইতে হইবে। চোচে কিছু বিশুদ্ধ পাবদ ঢালিয়া দিযা গোলকটি পর্যারক্রমে উত্তপ ও শাতল করিতে পাকিলে, চোচের পারদ নলেব ছিদ্র দিয়া নামিয়। আসিয়া, গোলকটিকে পূর্ণ কবিবে। গোলকটিতে উত্তাপ দিতে থাকিলে নলেব অভাস্তরস্থ বায়ু ক্রমশঃ বাহির হইয়া সিয়া নলেব ছিদ্রটি যথন পারদ-বাষ্পে পূর্ণ হইয়া ঘাইবে, তথন উপবেব চোডটি ভাঙিয়া দিয়া ঐ ভয় মুখটি জুড়িয়া দিতে হইবে। এইবার ইহার গাত্র, ডিগ্রি প্রান্থতি চিহ্নে চিল্নিত করিবার জন্ত—গোলকটিকে (Bulb) গলস্ত বরফের মধ্যে কিছুক্তপ ভুবাইয়া রাখিয়া, পারদ যেখানে প্রির পাকে, তপায় একটি দাগ দিতে হয়। পবে ফুটস্ত জলে ভুবাইলে পারদ যেখানে স্থিব থাকে, সেখানেও একটি দাগ দিতে হয়। এইবার প্রথম দাগটিকে শৃত্র '0' এবং ছিতীয়টিকে '১০০' ধরিয়া এই উভয়ের

২ধ্যবর্তী স্থানটিকে সমশতাংশে ভাগ করিয়া এক একটি দাগ কা**জাি** দিলেই থার্মোমিটার (Centigrade) নির্মিত হইল।

- Q. 21. (a) Describe the different kinds of thermometer and (b) state why mercury is chosen for use in the construction of a thermometer.
- Ans. (a) নিমে কয়েকটি বিশেষ তাপমানষম্বের বর্ণনা প্রদন্ত হইল। উহারা ভিন্ন ভিন্ন দেশে ভিন্ন ভিন্ন উদ্দেশ্যে ব্যবহৃত হইয়া থাকে—
- (১) সেণ্টিত্রেড (Centigrade) থার্মোমিটার—ইহাতে গলস্ত বরফের ভাপমাত্রা শৃক্ত (0) ডিগ্রী এবং কুটস্ত জলের ভাপমাত্রা ১০০ ডিগ্রী ধরিয়া মধ্যবর্তী স্থানকে সমশতাংশে ভাগ করা হয়।
- (২) ফারেনহিট (Fahrenheit) থামে বিদ্যার—ইহাতে গলস্থ বরফের তাপমাত্রাকে ৩২ ডিগ্রী এবং ফুটস্ত জলের তাপমাত্রাকে ২১২ ডিগ্রী ধরিয়া মধ্যবর্তী স্থানকৈ সমান ১৮০ ভাগে ভাগ করা হয়।
- (৩) রেমার ( Rhoemar) থামে নিটার—হইতে গলস্ত বরফের তাপমাত্রা শৃত্ত (0) ডিগ্রী এবং ফুটস্ত জলের তাপমাত্রা ৮০ ডিগ্রী ধরিয়া মধ্যবর্তী স্থানকে সমান ৮০ ভাগে ভাগ করা হয়।
- (৪) শারীর (('linien!) থামে মিটার—ইহা ফারেনহিট থামে মিটারের অমুরূপ; কেবল এইমাত্র প্রভেদ ষে—
- (i) গোলক ও নলের সংযোগস্থলে নলের মুখটি সরু; ফলে শরীরাদির তাপে পারদ বেগে সরু মুখের মধ্য দিয়া গোলক হইতে নলের মধ্যে যাইতে পারে। কিন্তু শরীর হইতে সরাইয়া আনিলে সংকোচন হয় বলিয়া পারদ সরু স্থানটিতে ছি ডিয়া বায়। নলের পারদ গোলকে নামিয়া আসিতে না পারিয়া তথায় পূর্ববং থাকিয়া যায়। স্তরাং শরীর হইতে সরাইয়া আনিলেও উহা যথার্থ তাপমাত্রা নির্দেশ করে।

- (ii) ইহাতে ৯৫° হইতে ১১০' পর্যস্ত দাগ থাকে এবং এক একটি ডিগ্রী পরিমিত স্থান সমান পাঁচ ভাগে ভাগ করা থাকে।
- (iii) ৯৮'৪ ডিগ্রী দাগের উপর একটি তীর-চিহ্ন থাকে; উহা আমাদের স্কুণরীরের তাপনিদেশক।
- (b) নিম্নোক্ত কতকগুলি কারণ বশতঃ তাপমান যন্ত্রে পারদ ব্যবস্থত হইয়া থাকে:—
  - (১) উহা তরল; (২) উহা উজ্জ্বল; (৩) উহাদ্বারা কাচ আর্দ্র হয় না;
- (৪) অতিউচ্চ ও অতিনিম মাত্র। পর্যন্ত তাপ ইহার দ্বারা নির্ণয় করা বায়:
- (৫) ইহার ভাপ পরিবহন শক্তি অপেকাকৃত অধিক।
  - Q. 22. Show that solids expand when heated.

Ans. উত্তপ্ত হইলে কঠিন পদার্থের আয়তন যে বর্ধিত হয়, তাহা এই প্রকারে দেখান ঘাইতে পারে; —পিতলের এমন একটি রিও (Ring)ও বল (Ball) লইতে হইবে যেন সাধারণ অবস্থায় বলটি রিঙের গা ঘে সিয়া উহার মধ্যে যাত্রাত করিতে পারে। এখন বলটিকে উত্তপ্ত করিলে দেখা যাইবে যে বলটি রিঙের মধ্যে আর প্রবেশ করিতেছে না। তাপ পাইয়া বলের আয়তন বৃদ্ধি পাইয়াছে বলিয়াই এইরূপ হইয়াছে। উত্তপ্ত বলটিতে জল ঢালিয়া শীতল করিলে উহা প্ররায় প্রের আয়তন প্রাপ্ত হইবে এবং পূর্বের আয় রিঙের মধ্যে যাত্রায়ত করিবে।

Q. 23. What is a Pendulum clock? How is it compensated?

Ans. (i) লোহার বা সীসার একটি ছোট বল একগাছি সরু স্ভায় বাঁধিয়া ঝুলাইয়া দিলেই একটা সরল দোলক (Simple Pendulum) প্রস্তুত হয়। দোলকের দৈর্ঘ্য বাড়িলে দোলনের সময় বেণী ও কমিলে ঐ সময় কম লাগে। দোলনের-সময় দোলকের ভার বা দোলনের বিস্তারের (Amplitude) উপর নির্ভর করে না। দোলক সাহায্যে যে ঘড়ি নির্মিত হয়—তাহাই দোলকছড়ি বা Pendulum-

elock। ইহার দোলক ধাতৃনিমিত, এবং দোলকের দৈর্ঘ্য এরপ পরিমাণে কর।
হয়, যাহাতে বলটি ১ সেকেণ্ডে সম্পূর্ণরূপে এধার হইতে ওধারে যায়। তুলিবার
সময় যাহাতে দোলনের বিস্তার (Amplitude) কমিয়া না যায় এইজয়্য একটি
বিশ্রং, নিয়মিত সময় পরপর দোলকটিকে ধাকা দিতে থাকে। দোলকের সহিত
একটি চাকা এরপভাবে লাগান থাকে যাহাতে দোলকটি একবার এধার হইতে
ওধারে ছলিলে, (অর্থাৎ ১ সেকেণ্ডে) চাকাটি একঘর ঘোরে। এই চাকা ৬০ ঘর
ঘূরিলে উহারসহিত সংযুক্ত মিনিটের কাটার চাকা একঘর ঘোরে। মিনিটের চাকার
সহিত ঐরপ ঘণ্টার কাটার চাকা যুক্ত থাকে। এইরূপে দোলকটির দোলনের
ফলে ঘড়িতে ঘণ্টা, মিনিট প্রভৃতি স্থিচিত হয়।

(ii) ঘড়ির দোলক ধাতৃনিমিত বলিয়া উহার দৈর্ঘ্য সকল সময় একরূপ থাকে না। শীতকালে উহা কমিয়া যাওয়ায় ঘড়ি দ্রুত (Fast) চলে এবং গ্রীম্ম-কালে উহা বর্ধিত হওয়ায় ঘড়ি ধীরে (Slow) চলে। এইজস্ত ভাল ভাল ঘড়িতে শীত গ্রীম্ম সব ঋতৃতেই ঘড়ির দৈর্ঘ্য সমান রাখিবার জন্ত একপ্রকারের দোলক ব্যবস্থাত হয়। উহাকে প্রতিবিহিত বা সংশোধিত (Compensated) দোলক (Pendulum) বলা হয়।

সাধারণতঃ ইহাতে পাঁচটি লোহার শিক ও চারিটি পিতলের শিক পরপর্ এমনভাবে সাজান থাকে, যাহাতে তাপবৃদ্ধির সংগে সংগে লোহার শিকগুলি দৈর্ঘ্যে বাড়িয়া যতথানি নিচের দিকে নামে'পিতলের শিকগুলি দৈর্ঘ্যে বাড়িয়া ততথানি উপরদিকে উঠে; আবার তাপ কমিলে, লোহার শিকগুলি দৈর্ঘ্যে কমিয়া যতথানি উপরে উঠে, পিতলের শিকগুলি দৈর্ঘ্যে কমিয়া ততথানি নীচে নামে। এইরূপে ভাপের হাসবৃদ্ধিতেও গোলকের দৈর্ঘ্য একভাবে থাকে এবং ঘড়ি ঠিকভাবে চলে।

Q. 24. What are the effects of heat on water ? What is the difference between evaporation and boiling? Define condensation. Show that water expands when heated.

## পদার্থ-বিদ্যা—ভাপ

- Ans. (1) জলের উপর তাপের তিনটি প্রভাব লক্ষিত হয়—(২) তাপে জলা গরম হয় (২) তাপমাত্রার হ্রাসর্দ্ধিতে জলের অবস্থার পরিবর্তন ঘটে এবং (৩) তাপের প্রভাবে উহার আয়তনও বধিত হয়।
- (ii) বাস্পীত্তবন (Evaporation)—সাধারণ তাপমাত্রায় জলাশব্রের উপরিভাগের জলের বাষ্পা হওয়াকে বাষ্পীত্রবন বা Evaporation বলে।

শ্চুটন (Boiling)—অধিক ভাপমাত্রায় জল ফুটতে থাকিলে ভিভরে ও বাহিরে সর্বত্তই জল বাষ্পে পরিণত হইতে থাকে। ইহাকে শ্চুটন বা Boiling বলা হয়।

- (iii) ঘনীভবন (Condensation)—ঠাণ্ড। লাগিয়া বায়বীয় পদার্থের তরল অবস্থায় পরিণত হওয়াকে ঘনীভবন বা Condensation বলা হয়।
- (iv) সরু-নল-ওয়ালা মুথ বিশিষ্ট একটি কাচ কুপির (Flask) নলের কিয়দংশ পর্যস্ত জলে পূর্ণ করিয়া ভাপ দিতে থাকিলে দেখা যাইবে যে—জল নলের মধ্য দিয়া ক্রমেই উপরে উঠিতেছে। বুঝা গেল, ভাপে জলের আয়তন বাড়িয়া গিয়াছে।
- Q. 25. What are the effects of heat on air? How would you prove that air expands when heated?
- Ans. (i) তাপের প্রভাবে বায়ুর নিয়লিখিত পরিবর্তন ঘটে—(১) তাপ দিলে বায়্ গরম হয়; (২) গরম বায়ু লগু বলিয়া উপরে উঠে; (০) তাপ বাতির করিয়া লইলে বায়ু শীতল হয়; (৪) শীতল বায়ু গুরু বলিয়া নিচে নামে; (৫) তাপ দিলে বায়ু সম্প্রসারিত হইয়া আয়তনে বৃদ্ধিপ্রাপ্ত হয়।
- (ii) খুব সরু নলবিশিষ্ট একটি কাচের ফ্লান্ক লইয়া উহার সরু নলের মধ্যে এমন ভাবে একবিন্দু লাল কালি প্রবেশ করাও, বেন উহা ফ্লান্কের মুখের ঠিক উপরে একটা লাল রেখার মত হইয়া দাঁড়ায়। এইবার ফ্লান্কের গোলকটিতে তাপ দিলে দ্রেখা বাইবে যে কালির দাগটি ক্রত উপরে উঠিতেছে। ফ্লান্কের

গোলকের মধ্যক্তিত বায়ুর আয়তন বর্ধিত হওয়ায় কালির রেথাকে উপরেঁ তুলিয়। দিতেছে। স্থতরাং তাপে বায়ুর আয়তন বর্ধিত হয় বুঝা গেল।

Q.26. Explain with suitable experiment the process of ventilation.

Ans. নিংশাস প্রশাসে এবং অন্থ নানা কারণে ঘরের বাতাস দূবিত ও উত্তপ্ত হয় এবং লগু হইয়া উপবে উঠে এবং তাহার স্থান পূর্ণ করিবার জন্ম বাহিরের শীতল ও ভারী বাতাস নীচে জানালা দরজা দিয়া প্রবেশ করে। এইরূপে ঘরের মধ্যে সর্ব দাই একটি বায়-প্রবাহের স্পৃষ্টি হয়। এই বায় চলাচলকে ভেল্টিলেসন (Ventilation) বলা হয়। ভেল্টিলেসন (Ventilation) বাহাতে স্কচারুরূপে চলে ভজ্জন্ম ঘরে দরজা, জানালা প্রভৃতি রাখা হয় এবং ঠিক ছাদের নিচে কোকর (Ventilator) রাখা হয়।

ঘরের মধ্যে যে এইরূপ বায় প্রবাহের স্টে হয় তাহা নিম্নলিখিত উপায়ে প্রমাণ কর। যায়;—একটি ঘর কিছুক্ষণ সম্পূর্ণ বন্ধ রাখার পর উহার দরজার তলে এবং উপরে তুইটি জ্ঞালম্ভ মোমবাতি রাখিয়া দরজা খুলিয়া দিলে দেখা যাইবে যে উপরের বাতিটির শিখা বাহিরের দিকে আসিতেছে এবং নিচের বাতিটির শিখা ঘরের ভিতরের দিকে যাইতেছে। ভিতরের গরম এবং লগু বাতাস উপর দিয়া বাহিরে আসিতেছে এবং বাহিরের শীতল ও ভারি বাতাস তাহারই স্থান পূর্ণ করিবার জন্ত নিচের দিক দিয়া ঘরের মধ্যে চুকিতেছে বলিয়া এইরূপ হইয়াছে।

Q. 27. Describe with illustrations the different modes of transmission of heat.

Ans. তিনরকমে তাপের চলাচল ঘটিয়। থাকে— (১) পরিবছন (Conduction); (২) পরিচলন (Convection) এবং (৩) বিকীরণ (Radiation); নিমে এই তিনটি উপায়ের প্রত্যেকটির সংক্ষিপ্ত বর্ণনা দেওয়া হইল:—

(১) শেরিবছন (Conduction)—তাপ যখন কোন পদার্থের অণুগুলিকে স্থানচ্যুত না করিয়া, উহাদিগকে পরপর উত্তপ্ত করিতে করিতে পদার্থটির তপ্ত স্থান হইতে শীতল স্থানে প্রবাহিত হইয়া আসে, তখনই তাপের পরিবছন (Conduction) হইয়া থাকে।

একটি লোহার শিকের একপ্রাস্ত হাতে ধরিয়া অন্ত প্রাস্তুটি উত্তপ্ত করিলে কিছুক্ষণ পরে বৃঝিতে পারা যায় যে তাপ হাত পর্যন্ত চলিয়া অসিয়াছে, অথচ লোহার শিকটির কোন অংশই স্থানচ্যত হয় নাই। ইহাই তাপের পরিবহনের উদাহরণ।

(২) পরিচলন (Convection)—তাপ লাগিবার ফলে উত্তপ্ত, কোন পদার্থের অণুগুলি স্থান হইতে স্থানান্তরে যাইবার ফলে, একস্থান হইতে তাপের শহ্যভানে যাওয়াকেই, তাপের পরিচলন বলা হয়।

কোন একটি কাচের পাত্রে জল লইয়া, উহাতে একটু ম্যাজেন্টা রঙের গুঁড়া ফেলিয়া দিয়া পাত্রের জলায় তাপ দিলে দেখা যায় যে পাত্রের জলে চইটি স্রোত চলাচল করিতেছে। তলদেশ হইতে উপরে উঠিয়া একটি বামে এবং অপরটি দিক্ষিণে হেলিয়া তই দিকে এক একটি করিয়া তইটি কগুনীর স্ফটি করিয়াছে। ইহাই পরিচলন স্রোত বা Convection Current। তাপ পাইয়া তলার জলের অনুগুলি গরম ও হালা হইয়া উপরে উঠিয়া যায় এবং উপরের জলের শাতল ও ভারি অনুগুলি নিচে নামিয়া আসিয়া তাহাদের স্থান পূরণ করিতে থাকে। এই প্রকারে তাপ পরিচলনের ফলে পরিচলন স্থোতের স্প্রিট হয়।

(৩) বিকীরণ (Radiation)—মধ্যবর্তী পদার্থের সণুগুলিকে উরপ্ত না করিয়াই ভাপ যথন একস্থান হইতে সম্মন্থানে সঞ্চারিত হয়, তথন তাপের বিকীরণ হইরাছে বলা হয়। বিকীরণের ফলে তাপ সকল দিকেই সরল রেখা ক্রমে সঞ্চালিত হয়।

উনানের আগুনের কাছে দাঁড়াইলে আমরা তাপ অন্তুত্ত করিয়া থাকি; কিন্তু একটি পদািলারা আড়াল করিলেই ঐ তাপ আর অন্তুত হয় না; স্তুতরাং

## 24 Essentials of Matriculation Science

মধ্যবর্তী বায়ু উত্তপ্ত হয় নাই বলিয়া উনানের আগুনের তাপ, বিকীরণ্যপালীতে আমাদিগের নিকট সঞ্চালিত হইয়া আসিয়াছে বুঝিতে হইবে।

Q. 28. Describe some experiment to show that different materials conduct heat differently.

Ans. একটি টিনের পাত্রের (Trough) গায়ে সমস্ত্রে কয়েকটি ছিল্ল করিয়া উহাদের ভিতর দিয়া কয়েকটি সমান আকারের ভিন্ন ভিন্ন দ্রব্যের শিক, বাহির হইতে সমান ভাবে ভিতরে প্রবেশ করাইতে হইবে এবং ছিল্ডগুলি যাহাতে সম্পূর্ণরূপে বন্ধ হইয়া য়য় তাহার ব্যবস্থা করিতে হইবে। এইবার শিকগুলির বাহিরের অংশে সমান দূর পর্যন্ত মোম লাগাইয়া, পাত্রটি ফুটস্ত জলে পূর্ণ করিলে দেখা ষাইবে যে, তাপ পরিবাহিত হইয়া মোমগুলিকে গলাইয়া দিতেছে বটে, কিন্তু সকল শিকের মোম একসংগে এবং একই পরিমাণে গলিতেছে না; কাহারও মোম আগে এবং কাহারও মোম পরে গলিতেছে। ইহা হইতে বুঝা য়য় য়ে, ভিন্ন ভিন্ন দ্রব্যের তাপ পরিবহন শক্তি ভিন্ন পরিমাণের।

## পদার্থ-বিদ্যা

## আলোক

Q. 29. Explain with suitable experiment the rectilinear propagation of light.

Ans. আলোক সরল রেখা ক্রমে চলে। নিয়লিখিত পরীকা দারা ইহা
সহজে প্রমাণ করিতে পারা যায়। একটি বাতিদানে মোমবাতি বসাইয়া, উহার
সম্মুখে পিজবোর্ডের তিনটি পর্দা রাখিয়া তিনটি পর্দাতেই এক একটি করিয়া স্ক্র
ছিদ্র করিতে হইবে। এইবার প্রদাগুলিকে এপাশে ওপাশে সরাইয়া ছিদ্র তিনটিকে
এক সরল রেখায় সাজাইলে, তৃতীয় পর্দার পশ্চাৎ হইতে আলোক দেখা যাইবে।
কিন্তু ছিদ্রগুলি এক সরল রেখায় না থাকিলে আলোক দেখা যাইবে না। ইহা
হইতে প্রমাণিত হয় যে আলোক বাঁকিয়া যাইতে পারে না; উহা সরল রেখা
ক্রমে চলে।

- Q. 30. What is reflection? What are the several laws that govern the process of reflection? Explain the phenomenon with suitable experiment.
- Ans. (i) প্রতিক্সন (Reflection) এক-পদার্থের মধ্য দিয়া আসিতে আসিতে আলোক যথন অন্ত কোন পদার্থের মস্থ পৃষ্ঠের উপর পতিত হয়, তখন ঐ আলোকের কিয়দংশ প্রতিহত হইয়া ভিন্ন দিকে ফিরিয়া আসে। ইহাই আলোকের প্রতিক্ষান (Reflection)।
- (ii) প্রতিফলনের নিয়ম (Laws of reflection)—(১) আপতিত রশি এবং প্রতিফল্বিত রশি অভিলব্বের( Normal ) সহিত সমান কোণ উৎপন্ন করে।

(২) আপতিত রশ্মি, প্রতিফলিত রশ্মি এবং অভিলম্ব (Normal) একসমতলে অবস্থান করে।

পরীক্ষা—কোন অন্ধকার ঘরের জানালার সরু ছিদ্র দিয়া আগত স্থ্রশিকে কোন দর্পণের মস্থ পৃষ্ঠের উপর ফেলিলে দেখা যায় যে ঐ আলোক রশ্মি ভিন্ন-দিকে বাঁকিয়া গিয়াছে। আপতন বিন্দুতে একটি অভিলম্ব (Normal) টানিলে দেখা যাইবে যে রশ্মিদ্র উহার সহিত সমান সমান কোণ উৎপন্ন করিয়াছে এবং উহারা অভিলম্বের সহিত এক সমতলে অবস্থিত রহিয়াছে।

- Q. 31. What is refraction? What are the several laws that govern the process of refraction? Explain the phenomenon with suitable experiments.
- Ans. (i) প্রতিসরণ (Refraction)—সরল রেথাক্রমে এক প্রকৃতির প্রচ্চ পদার্থের মধ্য দিয়া চলিতে চলিতে আলোক রশ্মি যথন কোন ভিন্ন প্রকৃতির প্রচ্ছ পদার্থের সম্মুখীন হয়, তখন উহা বাঁকিয়া যায় এবং ভিন্ন রেখায় শেষোক্ত পদার্থির মধ্য দিয়া চলিতে আরম্ভ করে। শেষোক্ত পদার্থের মধ্যে আলোর এই গতিপথের পরিবতনকেই আলোর প্রতিসরণ (Refraction) বলা হয়।
- (ii) প্রতিসরণের নিয়ম (Laws of refraction)—(১) আপতন কোণ বড় বা ছোট হইলে প্রতিসরণ কোণও নির্দিষ্ট অমুপাতে বড় ও ছোট হইয়া থাকে। (২) হাল্কা পদার্থ হইতে ঘন পদার্থে প্রবেশ করিবার সময় আলোকের প্রতিসরণ - কোণ আপতন কোণ হইতে কম হয় এবং বিপরীতে বিপরীত প্রকার হইয়া থাকে। (৩) আপত্তিত রশ্মি, প্রতিস্ত রশ্মি এবং অভিলম্ব এক সমতলে অবস্থিত থাকে। পরীক্ষা—টেবিলের উপর শাদা কাগজ পাতিয়া তাহার উপর একটি আয়তাকার পুরু কাচ (Glass Slab) রাখিয়া, কাগজের উপর কাচের

ভারিদিকে পেন্সিণ' দিয়া দাগ কাটিয়া দিতে হইবে। এইবার কাচ্টির সামনের

দিকে কাসীজের উপর একটির পিছনে আর একটি এইরপে চ্ইটি পিন প্তিয়া কাচের পিছনে কাগজের উপর আর চ্ইটি পিন এমনভাবে পুতিতে হইবে যেন পিছন হইতে কাচের ভিতর দিয়া দেখিলে সামনের ছইটি ও পিছনের ছইটি পিন এক সরল রেখার দেখিতে পাওয়া যায়। এইবার কাচটি সরাইয়া লইয়া সামনের ও পিছনের ছইটি ছইটি পিনের তল্দেশ চ্ইটি সরল রেখার দ্বারা যোগ করিয়া কাচের সীমারেখার সহিত সংযুক্ত করিতে হইবে এবং এই সংযোগ বিন্দু চ্ইটিও একটি সরল রেখার দ্বারা সংযুক্ত করিতে হইবে। এই প্রকারে পিন হইছে আলোক বাতাসের মধ্য দিয়া আসিতে আসিতে কাচের মধ্যে প্রবেশ করিয়া কিরপ বাঁকিয়া গেল, এবং উহাও আবার বাতাসে বাহির হইয়া কিরপে কোন্দিকে বাঁকিল, তাহা ঐ পরস্পর-সংযুক্ত সরলরেখা তিনটি নির্দেশ করিবে। এইবার আপতন বিন্দু চ্ইটিছে অভিলম্ব (Normal) টানিলে দেখিতে পাওয়া যাইবে যে—

- (১) বাভাস হইতে কাচে প্রবেশ করিবার সময় আলোকের প্রতিশরণ কোণ আপতন কোণ অপেক্ষা কম; এবং কাচ হইতে বাভাসে প্রবেশ করিবার সময় আলোকের প্রতিসরণ কোণ আপতন কোণ অপেক্ষা বেশি। বাতাস অপেক্ষা কাচ ঘন হওয়ায়—এইরূপ হইয়াছে।
- (২) আপতিত রশ্বি, প্রতিস্থত রশ্বি এবং অভি**লম্ব একই সমতংশ** অবস্থিত।
- (৩) আপত্তন কোণ বাড়াইয়া বা কমাইয়া এই পরীক্ষা করিলে দেখা যাইবে যে প্রতিদর্গ কোণও নির্দিষ্ট অনুপাতে বাড়িতেছে বা কমিতেছে।
- Q. 32. What experiment would you make to show that sun-light is composed of seven colours?

Ans. সাধারণত: সূর্যের আলোকে আমরা একটিমাত্র রঙ্দেখি এবং লাল, নীল প্রভৃতির মত শাদাকেও একটি পৃথক্র ও্মনে করিয়া থাকি। কিন্তু প্রকৃতপক্ষে শ্রাদা বলিয়া কোনও মৌলিক রঙ্নাই; উহা লাল, নীল প্রভৃতি শাভটি রঙের সংমিশ্রণ মাত্র। নিমে-বর্ণিত উপায়ে ইহা প্রমানী করিতে পারা যায়—

একটি অন্ধকার ঘরের জানালার হল্ম ছিদ্র দিয়া হর্বরশি ঘরের মধ্যে প্রবেশ করাইয়া একটি অস্বচ্ছ পর্লার উপর ফেলিলে দেখা যায় যে ছিদ্র হইতে আলোক সরলরেখাক্রমে পর্লার উপর আসিয়া পড়িয়াছে। এইবার এই আলোর পথে একটি কাচের প্রিজ্ ম্ (Prism) রাখিলে দেখা যায় যে আলোর রেখা বাঁকিয়া গিয়াছে এবং বিভিন্ন রঙের আলো বিশ্লিষ্ট হইয়া বেগ্নী, গাঢ় নীল, নীল, সবুজ, হলদে, নারাঙী এবং লাল—এই সাভটি রঙের বর্গ-চ্ছটা পর্লার উপর প্রকাশ পাইয়াছে। এই বর্গ-সপ্তকের নাম বর্গালী (Spectrum)। বর্ণালীতে সাভটি রঙ —বেগ্নী (Violet), গাঢ়নীল (Indigo) নীল (Blue), সবুজ (Green), হল্দে (Yellow), নারাঙী (Orange) লাল (Red)—এই ক্রমে সজ্জিত থাকে।

## Q. 33 Describe Newton's theory of colours.

Ans. স্থালোকে বে পাতটি রঙ্ বর্তমান উহারাই পদার্থ বিশেষকে বর্ণযুক্ত করার প্রধান কারণ। পদার্থ ছই রকম—স্বচ্ছ ও অস্বচ্ছ। স্বাচ্ছ (Transparent) পদার্থের মধ্য দিয়া আলোক যাতায়াত করিতে পারে এবং অস্বচ্ছ (Opaque) পদার্থের মধ্য দিয়া আলোক যাতায়াত করিতে পারে না। অস্বচ্ছ পদার্থগুলি যের রঙের আলোক প্রতিফলিত করে, তাহাদিগকে সেই রঙ্বিশিষ্ট দেখায় এবং স্বচ্ছ পদার্থগুলি উহাদের মধ্য দিয়া যে রঙের আলোককে চলিতে দেয়, উহাদিগকে সেই রঙ্বিশিষ্ট দেখায়। জবাফুল অস্বচ্ছ পদার্থ, এবং ইহা স্থালোকের সব রঙকেই শুবিয়া লইয়া কেবল লাল রঙ্টিকেই প্রতিফলিত করে। তাই জবাফুলকে লাল দেখায়। গাঁদাফুল অস্বচ্ছ পদার্থ; ইহা স্থালোকের সব রঙ্কেই শুবিয়া কেবল হল্দে রঙ্টিকেই প্রতিফলিত করে। তাই গাঁদাফুলকে হল্দে দেখায়। অস্বান্থ ব্যক্তিক করে। তাই গাঁদাফুলকে হল্দে দেখায়।

সকল রঙ্ক শুবিয়া লয়, তথন উহাকে কালো দেখায়, এবং কিছুমাত্র শোষণ না করিয়া যথন সব রঙ্গুলিকেই প্রতিফলিত করে তথন উহাকে শাদা দেখায়। নীল কাচ স্বচ্ছ পদার্থ। উহা নীল দেখায় তাহার কারণ এই যে উহা অক্সান্ত সব রঙের রশ্মিগুলিকে শুবিয়া লইয়া কেবল নীল রঙের আলোককেই উহার ভিতর দিয়া যাইতে দেয়। কাল কাচ সব রঙের রশ্মিগুলিকেই শুবিয়া লয় এবং শাদা কাচ কোনটিকেই শোষণ করিতে পারে না, সকল রঙের রশ্মিকেই ভিতর দিয়া যাইতে দেয়। কাচের স্তায় অন্ত স্বচ্ছ পদার্থের ব্যাপারও এইরপ।

## Q. 34. Explain the formation of 'Rain-bow'.

Ans. বৃষ্টির ঠিক পূর্বে বা পরে গুঁড়ি গুঁড়ি জলকণা আকাশে ভাসিয়া বেড়ায়। স্থ্রশি ঐ জলকণার ভিতর প্রবেশ করিবার সময় বিভিন্ন রঙের আলোকে বিশ্লিষ্ট হইয়া প্রতিস্ত হয়। ঐ প্রতিস্ত রশ্মিগুলি আবার জলকণার পিছন হইতে প্রতিফলিত হইয়া জলকণার ভিতর দিয়া বাতাসের মধ্যে প্রতিস্ত হয়। এই প্রতিস্ত রশ্মিগুলি বথন আমাদের চোথে আসিয়া পড়ে, তথনই আমরা ঐ বিশ্লিষ্ট বর্ণগুলিকে আকাশের গায়ে রামণমূরূপে দেখিতে পাই।

আপতিত রশির সহিত ৪২° কোণ করিয়া লাল রশি বাহির হয় এবং আপতিত রশির সহিত ৪০° কোণ করিয়া বেগ্নীরঙের রশি বাহির হয়। অভাভ রঙের রশিগুলি যে কোণ করিয়া বাহির হয় তাহাঁ ৪০°—৪২° ডিগ্রীর ভিতরে। কোন স্থানে দাঁড়াইলে ৪২° কোণ করিয়া যে অর্থরুত্ত চোখে পড়ে তাহাতে কেবল লাল রঙই দেখিতে পাওয়া যায়: এবং ৪০° কোণ করিয়া যে অর্থরুত্ত চোখে পড়ে তাহাতে চোখে পড়ে তাহাতে বেগ্নী রঙই দেখিতে পাওয়া যায়। এই জভাই রামধন্তর উপরদিকে লাল এবং নিচের দিকে বেগ্নী রঙ্গুদেখা যায় এবং রামণন্তর আর্থরিতাকার হইয়া থাকে।

# পদার্থ-বিদ্যা

## ভড়িৎ

- Q. 35. Describe a simple Voltaic cell. What are its defects and how to remove them?
- Ans. (i) বৈজ্ঞানিক ভণ্টা সাধারণ তড়িৎকোষ (Simple cell) আবিষার করেন; তাই সাধারণ তড়িৎকোষকে ভণ্টার তড়িৎকোষ বলা হয়। নিম্নলিখিত উপায়ে এই তড়িৎকোষ নির্মিত হইয়া থাকে।

একটা কাচের মোটা পাত্রে খানিকটা জলমিশ্রিত সালফিউরিক এ্যাসিড্ (৮ ভাগ জলে > ভাগ এ্যাসিড্ ) ঢালিয়া দিয়া উহার এক ধারে একটি দস্তার পাত এবং অন্ত ধারে একটি তামার পাত এমন ভাবে রাখিতে হইবে যেন পাত ছইটি পরস্পরকে স্পর্শ না করে এবং উহাদের কিয়দংশ এ্যাসিডের বাহিরে থাকে। এইবার পাত ছইটির বাহিরের প্রান্তদ্বর একটি তামার তার দারা সংযুক্ত করিলে তড়িৎ প্রবাহিত হয়। এই কোষে তামার পাতের বাহিরের প্রান্তকে পজিটিভ মেরু এবং দস্তার পাতের বাহিরের প্রান্তকে নেগেটিভ মেরু বলা হয়। কোষের বাহিরে তড়িৎ, পজিটিভ-তামা হইতে নেগেটিভ-দস্তায় প্রবাহিত হয়, এবং ভিতরে দন্তা হইতে তামায় তড়িৎ প্রবাহিত হইয়া আসে। এই রূপে তড়িৎ চক্রাকারে প্রবাহিত হইয়া থাকে।

- (ii) কয়েকটি দোষের জন্ম এই কোষে তড়িৎ প্রবাহ অধিকক্ষণ স্থায়ী হইতে পারে না। দোষগুলি এবং দোষগুলির নিবারণের উপায় নিয়ে বর্ণিত হইল—
- (১) দন্তার পাতে দন্তা ছাড়া আরো অগ্রান্ত ধাতু সময় সময় থাকে বলিয়া এ্যাসিড্ সংস্পর্শে দন্তার পাতের উপর ক্ষুদ্র কুদ্র তড়িৎকোষের স্থাই হয়। এই কুদ্র কোষগুলি হইতে যে তড়িং উৎপন্ন হয়, তাহা কোন উপকারেই আসে না;

পকান্তকে উহাদের জন্ম দন্তার পাতটি শীত্র শীত্র কয় হইয়া যায়। দন্তার পাতে থানিকটা পারা মাথাইয়া লইলেই এই দোষ দূর করিতে পারা যায়।

- (২) সাধারণ তড়িংকোষে তড়িং প্রবাহ আরম্ভ হইবার সংগে সংগেই তামার পাতের উপর হাই-ড্রোজেন গ্যাসের বৃদ্বৃদ্ জমিতে আরম্ভ করে। এই বৃদ্বৃদ্গুলিং বেশী পরিমাণে জমিলে তড়িং চলাচলের বাধা ঘটে এবং কিছুক্ষণ পরেই প্রবাহ বন্ধ হইয়া যায়। মাঝে মাঝে তামার পাতের হাইড্রোজেন বৃদ্বৃদ্গুলি ঝাড়িয়া ফেলিলেই এই দোষ সাময়িক ভাবে দূর হইতে পারে!
- Q. 36. State and Prove the various effects of electric current.

Ans. ভড়িৎ প্রবাহের ফল, যথা---

- (১) **চৌম্বক শক্তির উ্ৎপত্তি** (Magnetic effect)—বিহাৎ-প্রবাহযুক্ত কোন তার লইয়া পিভটের(Pivot) উপর বসান কোন স্থাচি-চুম্বকের (Magnetic needle) উপর সমাস্তরাল ভাব ধরিলে, চুম্বকটি উত্তর দক্ষিণ ভাবে না থাকিয়া ঘুরিয়া যায়।
- (২) তাপশক্তির উৎপত্তি (Heating effect)—বিজ্ঞলী বাতির (Electric lamp) মধ্যস্থিত হক্ষ তারের ভিতর দিয়া তড়িং প্রবাহিত হওয়া মাত্র তার অতিরিক্ত গরমে শাদ। হইয়া আলোক বিকীর্ণ করিতে থাকে।
- (৩) রাসায়নিক শক্তির উৎপত্তি (Chemical effect)— অন্ন এ্যাসিডযুক্ত জলের ভিতর দিয়া বিচাৎ প্রবাহ চালাইলে জল হাইড্রোঙ্গেন এবং অক্সিঙ্গেনে বিশ্লিষ্ট হয়।
- Q. 37. What do you mean by conductors and insulators? Give examples of each.
- Ans. পরিবাহী (Conductor)—ভড়িৎ-বহন-সমর্থ বস্তুকেই পরিবাহী বা Conductor বলা হয়। তামা, লোহা, জার্মান রূপা প্রভৃতি বে কোন ধাতু, অন্ন, লবণাক্তজন প্রভৃতি পরিবাহী।

ভাগারাই অপরিবাহী বা Insulators। রবার, কাঠ প্রভৃতি অপরিবাহী।

- Q. 38. (i) Describe an electromagnet. (ii) How is it constructed? (iii) What are the different forms of electromagnets? (iv) Mention some of the benefits that have been derived from electromagnets.
- Ans. (i) তড়িং-প্রবাহের সাহাষ্যে যে চুম্বক প্রস্তুত হয়, তাহাকে বৈস্থ্যান্তিক চুম্বক বা Electromagnet বলা হয়। এই চুম্বক অস্থায়ী; কারণ ইহার তারের মধ্যে বিহাৎ প্রবাহ বন্ধ হইয়া গেলেই চুম্বকশক্তি নই হইয়া যার। সাধারণ চুম্বকের ন্থায় ইহাদেরও একপ্রান্তে উত্তর মেরু এবং অপর প্রান্তে দক্ষিণ মেরু পাকে।
- (ii) একথণ্ড কাঁচা লোহা লইয়া ভাহাতে কয়েক লহর রেশম জড়ানো ভামার তার জড়াইতে হইবে। এইবার ঐ ভারের মধ্য দিয়া ভড়িৎ প্রবাহিত করিলেই লোহাটি বৈহ্যতিক চুম্বকে পরিণত হইবে।
- (iii) বাজারে ছই রকমের বৈত্যতিক চুম্বক পাওয়া যায়— (১) সরল দণ্ডাকৃতি, (২) অধকুরাকৃতি। উভয় মেক একই দিকে থাকে বলিয়া অধ-কুরাকৃতি চুম্বকের আকর্ষণশক্তি অপেক্ষাকৃত অধিক।
- (iv) তড়িং চুম্বকের আবিদ্ধার গওয়াতে মামুষের বহু উপকার সাধিত হইয়াছে। বৈহ্যতিক ঘণ্টা, বিজ্ঞলী পাথা, টেলিগ্রাফ, টেলিফোন, ক্রেন প্রভৃতি বৈহ্যতিক ষন্ত্রপাতি এই তড়িং চুম্বকের সাহায্যেই চলিয়া পাকে।
  - Q. 39. Describe an electric bell.

Ans. এই যন্ত্রে অধকুরাক্বিত একটি বৈহ্যতিক চুম্বক থাকে। উহার ভারের এক প্রাক্ত, সন্মুধস্থিত একটি স্থিংযুক্ত কাঁচা লোহার হাতুড়ির সহিত্ সংযুক্ত থাকে। সাধারণ অবস্থায় হাতৃড়ির এই স্প্রিটে পার্শবর্তী একটি ধাতৃ-নির্মিত ইক্কুপ স্পর্শ করিয়া থাকে। চুম্বকের তারের অপর প্রান্ত এবং এই ইক্কুপটি সংযোগ-তারের সাহায্যে কোন তড়িংকোষের পজিটিভ ও নেগেটিভ মেরুর সহিত বথাক্রমে সংযুক্ত করিলে যন্ত্রটির মধ্যে তড়িং প্রবাহের স্বষ্টি হয় এবং চুম্বকটি শক্তিসম্পন্ন হইয়া লোহার হাতৃড়িকে আকর্ষণ করে; হাতৃড়িও আরুট হইয়া সামনের দিকে আগাইয়া আগিবার সমন্ন একটি কাঁসার বাটিতে ঘা দেয় এবং টং করিয়া একটি শক্ত হয়।

এই সময় স্থিং ও ইক্সুপের সংযোগ ছিল্ল হইয়া যায় বলিয়া তড়িৎ-প্রবাহ বন্ধ হয় এবং চুম্বকটি নিজ আকর্ষণ-শক্তি হারাইয়া ফেলে; হাতুড়িটি পূর্বস্থানে ফিরিয়া যায় এবং তড়িৎ-প্রবাহ পুনরায় আরম্ভ হয়। এইরূপে তড়িৎ-প্রবাহ পর্যায়ক্রমে আরম্ভ এবং বন্ধ হইতে থাকে বলিয়া হাতুড়িটিও উঠানামা করে এবং কাশার বাটিটিতে বার বার ঘা লাগিবার ফলে টং টং শক্ষ হইতে থাকে।

Q. 40. How does a telegraphic machine work?

Ans. প্রেরক যন্ত্র এবং গ্রাহক যন্ত্র—এই উভয় লইয়াই সম্পূর্ণ টেলিগ্রাফ যন্ত্র গঠিত। টেলিগ্রাফের সাহায্যে একস্থান হইতে অক্তম্থানে বার্তা প্রেরণ করিতে হইলে প্রথম স্থানে প্রেরক যন্ত্র এবং দ্বিভীয় স্থানে গ্রাহক যন্ত্র থাকা আবশুক।

প্রধানতঃ একটি ব্যাটারি ও একটি চাবি লইয়া প্রেরক ষন্ত্র এবং একটি বৈত্যতিক চুম্বক ও একটি আর্মেচার (Armature) লইয়া গ্রাহক যন্ত্র গঠিত হয়। প্রেরক বন্ত্রের চাবির একদিক, লাইন-তার দিয়া গ্রাহক মন্ত্রের চুম্বকের তারের এক প্রান্তের সহিত যুক্ত থাকে। চাবির অন্তদিক ব্যাটারির পজিটিভ মেরুর সহিত সংযুক্ত থাকে। ব্যাটারির নেগেটিভ মেরু এবং বৈত্যতিক চুম্বকের ভারের অপর প্রান্ত মাটির সহিত সংযুক্ত থাকে।

মেরুটিকে আবার পূর্বস্থানে বসাইয়া পূর্ববৎ টানিতে হইবে। ইম্পার্ড দণ্ডের চুই পিঠে এইরূপ কয়েকবার করিলেই ইম্পাত দণ্ড চুম্বকে পরিশত হইবে। (ii) একটি ইম্পাত দণ্ডের মধ্য স্থলে, সমান শক্তিসম্পন্ন ছইটি চুম্বকের বিপরীত মেরুদ্ধ বসাইয়া, মেরু ছইটিকে বিপরীত দিকে টানিয়া লইয়া ঘাইতে হইবে। প্রান্তন্তর পৌছিলে পর মেরু ছইটিকে তুলিয়া লইয়া পূর্বস্থানে রাখিয়া পূর্ববং টানিতে হইবে। কয়েকবার এইরূপ করিলেই ইম্পাত দণ্ডটি চুম্বকে পরিণত হইবে।

- (২) বিদ্যুৎ সাহায্যে—ইম্পাত দণ্ডে কয়েক লহর রেশম-জড়ানো তামার তার জড়াইয়া তারের ভিতর দিয়া বিহাৎ প্রবাহিত করিলেই, ইম্পাত দণ্ডটি একটি শক্তিশালী স্থায়ী চুম্বকে পরিণত হইবে।
- Q. 42. State and prove the different properties of magnets.
- Ans. (১) চুম্বক, লৌহ প্রভৃতি চৌম্বক-পদার্থকে আকর্ষণ করে। লৌহচুর্ণের নিকট একটি চূম্বক লইয়া গেলে চূর্ণগুলি আরুষ্ট হইয়া চুম্বকে আট্কাইয়া
  যায়।
- (২) চুম্বক—কাচ, তামা, সীসা, কাঠ, কাগজ প্রভৃতিকে আকর্ষণ করে ন!। উহাদের প্রত্যেকের নিকট একটি চুম্বক ধরিলে তাহা বুঝিতে পারা যায়।
- (৩) কাচ. জল, কাগজ, ধাভুর পাত প্রভৃতির ভিতর দিয়াও চুম্বক-শক্তি কান্ধ করিতে পারে। লোহচূর্ণ ও চুম্বকের মধ্যে উহাদের যে কোন একটিকে রাথিয়া চুম্বক যেদিকে সরান যাইবে লোহচূর্ণ গুলিও সেই দিকে সরিয়া যাইবে।
- (৪) মধ্যস্থলে স্তা বাধিয়া কোন চুম্বককে ঝুলাইয়া দিলে চুম্বকটি উত্তর-দক্ষিণ ভাবে অবস্থান করে। উহার যে-প্রাস্ত উত্তর দিকে থাকে তাহাকে উত্তর-মেরু (North Pole) এবং ষে-প্রাস্ত দক্ষিণ দিকে থাকে তাহাকে দক্ষিণ-মেরু বলে।

- (e) ক্রুকের সহিত যুক্ত হইর। থাকিলে বা চুন্ধের নিকটে থাকিলে ইম্পান্ত বা গোহা চুন্ধক-শক্তি প্রাপ্ত হয়। কিন্ত চুন্ধকটি দূরে সরাইয়া লইলেই উহালের চুন্ধক-শক্তি নষ্ট হইয়া য়ায়। ইহাই চুন্ধকীয়-আবেশের (Magnetic induction) উলাহরণ।
  - (৬) চুম্বকের নিয়ম ( Laws of magnetism )—
- (i) সমপ্রকৃতির মেরুসমূহ পরস্পারকে বিকর্ষণ করে। কোন একটি চ্মকের মধ্যস্থলে বাধিয়া ঝুলাইয়া দিয়া, উহার উত্তর-মেরুর নিকট স্ম্প্রকর উত্তর-মেরু দূরে সরিয়া যাইবার চেষ্টা করে। দক্ষিণ-মেরুর নিকট দক্ষিণ-মেরু লইয়া পরীক্ষা করিলেও ঐরূপা হইবে।
- (ii) বিষম প্রকৃতির মেরুসমূহ পরস্পরকে আকর্ষণ করে। মধাস্থলে স্ভা বাঁধিয়া ঝুলান কোন চুম্বকের উত্তর-মেরুর নিকট অন্ত কোন চুম্বকের দক্ষিণ-মেরু লইয়া গেলে, পূর্বোক্ত মেরুটিকে শেষোক্তটির দিকে আরুষ্ট হইভে দেখা যায়।
- Q. 43. How would you justify the statement that the earth is a big magnet?

Ans. শ্বিধা পাইলে সকল চ্ছকই উত্তর-দক্ষিণ ভাবে অবস্থান করে।
চূষকদিগের উত্তর-দক্ষিণ-মুখী-ভাবে থাকিবার এইরপ প্রবল ঝোঁক 'দেখিয়া মনে
হয়, চূষকের মেরুদ্বয় যেন কোন অদৃশ্য শক্তিবারা আক্রষ্ট হইয়াই প্ররূপভাবে
অবস্থিত হয়। বৈজ্ঞানিকগণ ইহার কারণ আবিষ্কার করিয়াছেন। তাঁহারা
বলেন, পৃথিবী নিজেই একটি বিরাট চূছক এবং উহারই আকর্ষণের ফলে চূছক
উত্তর-দক্ষিণ মুখে থাকিবার চেষ্টা করে। ঝুলানো চূছকের হে-মেরু উত্তরদিকে
থাকে তাহারই বিপরীত গুণ বিশিষ্ট মেরু পৃথিবীর উত্তর প্রান্তে, এবং ঝুলানো
চূছকের যে-মেরু দক্ষিণদিকে থাকে, তাহারই বিপরীত গুণ বিশিষ্ট মেরু পৃথিবীর
দক্ষিণ প্রান্তে অবস্থান করে। পৃথিবী-চূছকের মেরুদ্বয় উহার ভৌগোলিক মেরু-

পন্ন হইতে একটু দূরে থাকে, ভাই ঝুলান চুম্বক বা বিবর্তন কীলকে ব্রান চুম্বক-শলাকা ঠিক ভৌগোলিক উত্তর-দক্ষিণে না থাকিয়া একটু বাঁকিয়া দাঁড়ায়।

Q. 44. Give a description of the Mariner's compass and explain its use.

Ans. ঝুলান চুম্বক বা বিবর্তন কীলকস্থ চুম্বক-শলাকা সর্বদা উত্তর-দক্ষিণে ফিরিয়া থাকে। চুম্বকের এই ধর্মকে আশ্রয় করিয়াই দিগ্দর্শন-যন্ত্র নির্মিত হয়। যে দিগ্দর্শন যন্ত্রগুল জাহাজে নাবিকগণ কর্তৃক ব্যবহৃত হয়—তাহাতে পিতলের একটি গোল বাটি থাকে। উহার মধ্যস্থলে বিবর্তন কীলকের উপর একটি চুম্বক শলাকা বসাইয়া দেওয়া হয়। চুম্বক শলাকাটিকে ব্যাস করিয়া একটা গোল কাগজ উহার উপরেই বসান থাকে। কাগজের উপর একটি বড় বৃত্ত আঁকিয়া উহার পরিধিকে সমান ৩২ ভাগে বিভক্ত করিয়া দিঙ নির্দেশ করিবার ব্যবস্থা থাকে। চুম্বকের মেরুয়য় উত্তর-দক্ষিণ জ্ঞাপন করায়, অস্থান্ত দিক্গুলিও সহজে জানিতে পারা যায়। বাহিরের বাতাস হইতে রক্ষা করিবার জন্ত যন্ত্রটির উপরিভাগে কাচের ঢাক্নি দেওয়া থাকে এবং তরংগাঘাতে জাহাজের নড়াচড়া সংবও চুম্বকশলাকা যাহাতে স্থির থাকে—তাহারও ব্যবস্থা আছে।

কুজ্ঝটিকা প্রভৃতি বশতঃ সমুদ্রবক্ষে দিশাহারা নাবিক এই দিগ্দর্শন যন্ত্রের সহায়তায় উত্তর-দক্ষিণ দিকের সন্ধান পাইয়া গস্তব্য স্থানের দিক্নির্ণয় করে।

## রসাম্বন-বিদ্যা

- Q. 1. Clearly explain the difference between-
- (a) Atom and molecule, (b) Physical change and chemical change, (c) Element and compound, (d) Solution and mixture, (e) Mechanical mixture and chemical compound.
- Ans. (a) অবু (Molecule)—মৌলিক বা যৌগিক যে-কোন পদার্থকে স্ক্র হইতে স্ক্রতর সংশে ভাগ করিতে করিতে এরপ অবস্থায় পৌছান যায়, যথন ঐ পদার্থের গুণ বা ধর্ম অক্র রাখিয়া উহাকে আর বিভক্ত করা যায় না। পদার্থের এই ক্রতম সংশই অবু বা Molecule। পদার্থের মন্ই পদার্থের ধর্ম।

পরমাণু ( Atom )—স্কৃতম অংশ হইলেও অণুগুলিকে আরও স্ক্র পরমাণুতে ভাগ করিতে পারা যায়। মৌলিক পদার্থের স্ক্রভম অংশই পরমাণু বা Atom.

(b) সাধারণ পরিবর্তন ও রাসায়নিক পরিবর্তনের মধ্যে পার্থক্য—

#### সাধারণ পরিবর্তন

## ্ । ইহার ফলে পদার্থের আণবিক ধর্মের কোন পরিবর্জন হয় না। ভাগ

## ২। অভ্যস্তরের আণবিক গঠনের পরিবতন হয় না।

#### রাসায়নিক পরিবর্তন

- >। ইহাতে পদার্থের ধর্ম সম্পূর্ণ-ভাবে পরিবর্তিত হয়।
  - ২। অভ্যন্তরের **আণবিক** গঠন পরিবর্তিত হয়।

## সাধারণ পরিবর্তন

- ৩। এইরপ পরিবর্তন অস্থায়ী।
- ৪। তাপমাত্রার পরিবর্তন ইহাতে
   হইতে পারে।
- । ইহার ফলে কোন নৃতন পদার্থ
   উৎপন্ন হয় না।

## রাসায়নিক পক্সির্ভন

- ०। এইরূপ পরিবর্তন স্থায়ী।
- ৪। ইহাতে সকল সময়েই তাপ-মাত্রার পরিবর্তন হয়।
- । ইহার ফলে সকল সময়েই নৃতন
  নৃতন পদার্থ উৎপন্ন হয়।
- (c) মৌলিক পদার্থ ( Element )—বে পদার্থ হইতে ঐ পদার্থ ব্যতীত অন্ত কোন পদার্থ পাওয়া ষায় না, তাহাই মৌলিক পদার্থ। মৌলিক পদার্থে কোন মিশেল নাই। সোনা ( Gold ) হইতে সোনা ব্যতীত অপর কোনও পদার্থ পাওয়া যায় না, তাই সোনা মৌলিক পদার্থ। বৈজ্ঞানিকগণ পরীক্ষা করিয়া ৯২টি মৌলিক পদার্থের সন্ধান পাইয়াছেন; স্কতরাং মৌলিক পদার্থের সংখ্যার একটি নির্দিষ্ট সীমা আছে।

যৌগিক পদার্থ (Compound)—ছই বা ততোধিক মৌলিক গদার্থের রাসায়নিক সংমিশ্রণে যৌগিক পদার্থ উৎপন্ন হয়। 'জল যৌগিক, ওকে ভাগ করলে হটো মৌলিক গ্যাস বেরিয়ে পড়ে, একটার নাম অক্সিজেন আর একটার নাম হাইড্রোজেন।'

(d) মিশ্রেণ (Mixture)—স্ব স্ব গুণ অব্যাহত রাখিয়া হুই বা তভোধিক পদার্থের অসমসাত্মিক (Heterogeneous) ভাবে পাশাপাশি অবস্থানকে মিশ্রেণ বলা হয়। মিশ্রিত পদার্থগুলিকে সহজে পৃথক্ করিতে পারা যায়।

জবণ (Solution )—ছই বা ততোধিক পদার্থের সমসাত্তিক (Homogeneous )—মিপ্রণকেই জবণ বলা হয়। ইহাতে মিপ্রিত পদার্থগুলির আপেক্ষিক পরিমাণ (Relative amount) নির্দিষ্ট সীমার মধ্যে পরিবর্তিত হইয়া থাকে।

- (e) ব্রাধারণ মিশ্রণ ও রাসায়নিক সংমিশ্রণের মধ্যে পার্থক্য---সাধারণ মিশ্রণ
- ১। ইহা সম্পাত্তিক ও অসম-দান্থিক হুই রকমেরই হুইতে পারে।
- ২। ইহাতে ছই বা তভোধিক পদার্থ কেবল পাশাপাশি অবস্থান করে।
- ৩। ইহাতে উপাদানগুলির স্ব স্ব গুণ বৰ্তমান থাকে।
- ৪। ইহাতে উপাদানগুলি যে কোন অমুপাতে মিশিয়া থাকে।
- ে। প্রস্তুত করিবার স্ময় ইহার ভাপমাত্রার পরিবর্তন হইতে পারে, নাও হইতে পারে।
- ৬। ইহার উপাদানগুলিকে সহজে পৃথক্ করা যায়।

- রাসায়নিক সংমিশ্রণ
- ১। ইহা সকল সময়েই সমসাত্তিক।
- ইহাতে পদার্থসমূহের ٦ | রাসায়নিক সংযোগ অপরিহার।
- ৩। ইহাতে উপাদানগুলি সম্পূর্ণ-রূপে পরিবর্তিত হয়।
- ৪। ইহাতে উপাদানগুলি নিদিষ্ট অমুপাতে মিশিয়া থাকে।
- c। প্রস্তুত করিবার সময় ভাপ-মাত্রার পরিবত ন অবশ্রস্তাবী।
- ৬। ইহার উপাদানগুলিকে সহজে পূথক করা যায় না।
- Q. 2. What do you mean by saturated solution and solubility of a salt? How would you prepare a sample of saturated solution of common salt (Nacl) at ordinary temperature? Show that solubility of solids is influenced by temperature.
- Ans. (a) সম্পৃক্ত দ্ৰণ (Saturated Solution)—নিদিষ্ট তাপ-মাত্রায় নির্দিষ্ট পরিমাণ ভাবক যথন আর-বেশী ভাব্য (Solute) পদার্থকে ভাক করিতে পারে না, তখন এই দ্রবণকে সম্পৃক্ত দ্রবণ (Saturated Solution) বলা হয়।

ক্রবনীয়তা (Solubility)—> ০০ গ্রাম দ্রাবকে (Solvent) ব্রুভ গ্রাম দ্রাব্য (Solute)—কোন নিদিষ্ট ভাপমাত্রায় দ্রবীভূত হইয়া সম্পৃক্ত দ্রবণ (Saturated Solution) প্রস্তুত করে, উল্লিখিত ভাপমাত্রায় তাহাই উক্ত

- (b) নাধারণ ভাপমাত্রায় মুণের সংস্পৃক্ত দ্রবণ প্রস্তুত করিতে হইলে ঝানিকটা জলে কিছু মুণ ফেলিয়া দিয়া কাঠি দিয়া নাড়িতে হয়। নাড়িতে নাড়িতে এমন অবস্থা আসে যখন মুণ আর গলিতে চায় না এবং অদ্রবীভূত মুণ পাত্রের তলায় জমিতে থাকে। এই অবস্থায় অদ্রবীভূত মুণ পরিপ্রবণ দ্বারা ছাঁকিয়া কাইলেই সাধারণ ভাপমাত্রায় মুণের সম্পৃক্ত দ্রবণ পাওয়া যায়।
- (c) একটি পাত্রে কিছু জল নইয়া উহাতে যতখানি সোরা গলিতে পারে তদপেকা কিছু বেশী সোরা ফেলিয়া দিয়া কাঠি দারা নাড়িতে থাকিলে থানিকটা সোরা গলিয়া যাইবে এবং থানিকটা পাত্রের তলায় পড়িয়া থাকিবে। এইবার আগুনের তাপে জল গরম করিলে দেখিতে পাওয়া যাইবে যে, পূর্বে পাত্রের তলায় বে গোরা অদ্রবীভূত অবস্থায় পড়িয়াছিল তাহার অধিকাংশই দ্রবীভূত হইয়াছে। এই তপ্ত জল ঠাণ্ডা করিলে দ্রবীভূত সোরা প্নরায় থিতাইয়া পাত্রের তলায় জড় হয়। ইহা হইতে বুঝা যায় যে,—তাপমাত্রার হ্রাস-বৃদ্ধির ফলে কঠিন পদার্থের দ্রবণীয়তারও হ্রাস-বৃদ্ধি ঘটিয়া থাকে। অধিকাংশস্থলে এই নিয়ম থাটিলেও ক্যালসিয়াম-হাইড্রেট, ক্যালসিয়াম-সাইট্রেট প্রভৃতিতে ইহার ব্যক্তিক্রম দেখিতে পাওয়া যায়। তাপমাত্রা বাড়িলে ইহাদের দ্রবণীয়তা কমে এবং তাপমাত্রা ক্রমিলে ইহাদের দ্রবণীয়তা বাড়িয়া যায়।
- Q. 3. Explain the following with practical illustrations—(a) Filtration (b) Distillation (c) Crystallization and (d) Sublimation.
  - Ams. (a) পরিত্রবর্ণ (Filtration)—জল বা অন্ত কোন তরল

পদার্থ হইটি অদ্রবনীয় বা অদ্রবাভূত কঠিন পদার্থগুলিকে পৃথক্ করিবার উপায় বিশেষ। পরীক্ষাগারে নিম্নোক্ত প্রণালীতে পরিপ্রবণ করা হয়—গোলাকার একখানি ফিল্টার কাগজকে প্রথমে হই ভাঁজ করিয়া প্নরায় হই ভাঁজ করিছে হয়। পরে উহার একমুখ খুলিয়া একটি কাচের চোঙের ভিতর উহাকে সামাপ্ত জল দিয়া ভাল করিয়া বসাইতে হয়। এইবার চোঙটি একটি প্রাবণদণ্ডের (Filter-stand) উপর বসাইয়া এবং উহার তলায় একটি পরিষ্কার কাচপাত্র রাখিয়া ফিল্টার কাগজের উপর ধীরে ধীরে ময়লা জল ঢালিলে পরিষ্কার ও অচ্ছ জল নিচের পাত্রে জমে এবং ময়লাগুলি কাগজের উপর পড়িয়া থাকে।

বর্ধাকালে নদী ও পু্ষরিণীর জল ঘোলা হইয়া যায়। এই সময় পল্লীগ্রামের অনেক গৃহস্থ কয়লা ও বালির সাহায্যে ঘোলা জল পরিক্রত করিয়া ব্যবহার করেন।

(b) পাত্তন ( Distillation)—কোন পাত্রন্থিত তরল পদার্থকে বাঙ্গীভূত করিয়া ঐ বাঙ্গকে পুনরায় অপর পাত্রে ঘনীভূত করার নামই পাত্তন। বীক্ষণা-গারে ( Laboratory ) নিমোক্ত প্রণালীতে জল পাত্তন করা হয়।

একটা বড় কাচের ফ্লাম্বে কিছু জল লইয়া তাহাতে তাপ দিতে হয়। তাপ পাইয়া জল ক্রমশ: বাষ্পে পরিণত হয়। এই বাষ্পা ফ্লাম্বের মুখের ছিপিতে লাগান বাঁক: কাচনলের সাহায্যে বাহিরে আসিতে চায়। কিন্তু বাঁকা কাচনলের অপর প্রান্ত, কন্ডেন্সারের (Condenser) সরু নলের মুখে, সচ্ছিদ্র ছিপির সাহায্যে লাগান থাকে; এই জন্ত ঐ বাষ্পকে কন্ডেন্সারের সরু নলের ভিতর দিয়া যাইতে হয়।

কন্ডেন্সারের লম্বা ও সরু নলটির চারিদিকে এবং উহার সহিত যথেষ্ট ব্যবধান রাখিয়া একটি মোটা নল বা চোঙ (Jacket) বলান থাকে। চোঙটির হুই প্রান্তে হুইটি সরু গাত্রনল পরস্পর বিপরীত-মুখীভাবে যুক্ত আছে। পাতনের সময় ষ্ম্রটিকে কাত করিয়া রাখা হয় এবং যতক্ষণ ফ্লাম্বের জল ফুটান হয়, ততক্ষণ অনবরত নিচের নল দিয়া চোঙের ভিতরে জল প্রবেশ করান হয় এবং উপরের নল দিয়া জল উহা হইতে বাহির করিয়া দেওয়া হয়। শীতল জলে সংস্পর্শে ভিতরের সরু নল শীতল হয় এবং বাল্প ইহার মধ্য দিয়া আসিবার সময় শৈত্য-প্রভাবে ঘনীভূত হইয়া জলে পরিণত হয়। কন্ডেন্সারের সরু নলের যে মুখটি খোলা থাকে, তাহারই নিচে আর একটি ফ্লাস্ক (Receiver) বসান থাকে; ভাহাতেই ঐ জল জমিতে থাকে। প্রথমে ফ্লাস্কের (Distilling flask) সমস্ত জলই ক্রমশ: বাল্পাকারে পরিণত হয় এবং পরে আবার ঘনীভূত হইয়া দিতীয় ফ্লাস্কে (Receiver) আসিয়া জমে।

(c) কেলাসন (Crystallisation)—উচ্চতর তাপমাত্রায় সম্পূক্ত (Saturated) কঠিন ও তরল পদার্থের দ্রবণকে (Solution) শীতল করিলে কঠিন পদার্থের কিয়দংশ আপনা-হইতেই দ্রব হইতে পৃথক্ হইয়া পড়ে। দ্রব হইতে পৃথক্ হইবার সময় কঠিন পদার্থটি গুঁড়া আকারে না বাহির হইয়া অধিকাংশ স্থলে ফটিকের (Crystal) আকারে বাহির হয়; তাই প্রক্রিয়াটিকে কেলাসন (কেলাস — ফটিক) বলা হইয়া থাকে। বীক্ষণাগারে নিয়লিখিত উপায়ে কেলাসন করিতে পারা যায়—

ফুটস্ত জলে খানিকটা ফট্কিরির শুঁড়া ফেলিয়া দিয়া একটি কাচের রড্
(Stirer) দিয়া ঘন ঘন নাড়িতে হইবে। পরে পাত্রে ফট্কিরি থাকা সত্ত্বেও
উহা যথন আর জলে গলিবে না, তথন অদ্রবীভূত ফট্কিরি তাড়াতাড়ি ছাঁকিয়া
লইয়া ফট্কিরির ঐ সম্পূক্ত দ্রবণকে মেজের উপর স্থিরভাবে কিছুক্ষণ রাখিয়া
দিলে দ্রবণটি ঠাণ্ডা হইতে থাকিবে এবং সম-অন্তত্তলী ফটকের আকারে
ফট্কিরি তলায় জমিতেছে দেখা যাইবে।

(d) উৎব পাতন (Sublimation)—তাপের প্রভাবে কোন পদার্থের কঠিন অবস্থা হইতে একবারে বায়বীয় অবস্থায়, আবার শৈত্যের প্রভাবে বায়বীয় অবস্থা হইতে একবারে কঠিন অবস্থায় পরিণত হওয়াকে উৎব পাতন বলা হয়। কর্পুর, নিশাদল, আওডিন, নেপথেলিন, ক্যালোমেল প্রভৃতি উধ্ব পাতিত

হয়। বীকণাগারে নিমোক্ত প্রকারে উধর্বপাতন পরীক্ষা করিতে পারা যায়—

একটি পাত্রে কিছু আওডিন (Iodine) রাধিয়া উহার উপর ুএকটি কাচের চোঙ (Funnel) উল্টাইয়া চাপা দিতে হইবে! পরে পাত্রটিকে উত্তপ্ত বালির (Sand bath) উপর বসাইয়া গরম করিলে, দেখিতে পাওয়া যাইবে যে, আইওডিন কঠিন অবস্থা হইতে একবারে বাম্পে পরিণত হইতেছে এবং ঐ বাষ্প চোঙের ভিতরের গাত্রে একবারে কঠিন হইয়া বেগুনে রঙের ক্ষটিকের আকারে জমিতেছে।

- Q. 4. Describe the processes of separating the components of a mixture of (a) Solids (b) Liquids (c) Gases (d) Solids and liquids (e) Liquids and gases (f) Solids and gases.
- Ans. (a) কতকগুলি কঠিন পদার্থের সাধারণ মিশ্রণ ইইতে নিম্নলিখিত উপারে উহার উপাদানগুলি পৃথক্ করিতে পারা যায়—(১) হাত বাছাই করিয়া—যে উপাদানগুলি ক্ষটিকাক্তি বা রঙীন এবং আকারে বড়, তাহাদিগকে হাতে বাছিয়াই অক্যান্ত উপাদান হইতে পৃথক্ করিতে পারা যায়। (২) চালুনীর সাহাথ্যে—চালুনীর মধ্যে চালনা করিয়া ছোট ছোট কণা গুলিকে বড় বড় দানা হইতে পৃথক্ করা হয়। (৩) তরল পদার্থে থোত করিয়া—উপাদানগুলির মধ্যে একটি কোন তরল পদার্থ অপেক্ষা হাল্কা এবং অপরটি উহা অপেক্ষা ভারি হইলে, মিশ্রটিকে ঐ তরল পদার্থে ধৌত করিবার সময় হাল্কা উপাদানটি ভাসিয়া উঠে এবং ভারী উপাদানটি ভ্বিয়া যায়। এই প্রকারে একটিকে অপরটি হইতে পৃথক্ করা হয়। (৪) চুক্তকের সাহাথ্যে—মিশ্রণন্থিত লোহাচ্র প্রভৃতিকে চুক্তকের সাহাথ্যে আকর্ষণ করিয়া পৃথক্ করা যায়। (৫) উপযুক্ত জাবকের সাহাথ্যে—উপযুক্ত জাবকের সাহাথ্যে জ্বণীয় উপাদানগুলিকে অন্তবণীয় উপাদান হইতে পৃথক্ করা হয়।

- (৬) উত্তাপের সাহায্যে গলাইয়া—উত্তাপ দিলে মিশ্রণস্থিত যে উপীদানগুলি কম উত্তাপে গলে তাহারা প্রথমে গলিয়া বায় এবং অপর গুলি পড়িয়া থাকে বা হাল্কা হইলে ভালিয়া উঠে। স্কৃতরাং স্থবিধাজনক হইলে এই প্রকারেও মিশ্রণের উপাদানগুলিকে পৃথক্ করা যায়। (৭)মিশ্রণে কপূর্ব, আওডিন, ক্যালো-মেল প্রভৃতি থাকিলে, উধর্ব পাত্তন হারাও উহাদিগকে পৃথক্ করিতে পারা বায়।
- (b) কতকগুলি তরল পদার্থের সাধারণ মিশ্রণ হইতে উহার উপাদানগুলিকে
  (১) আংশিক পাতন (Fractional distillation ) দারা, (২) পৃথক্
  করিবার চোও (Separating Funnel) দারা অথবা (৩) শৈত্যের
  প্রভাবে জমাইয়া (Freezing) পৃথক্ করিতে পারা যায়।
- (c) কতকগুলি বায়বীয় পদার্থের সাধারণ মিশ্রণ হইতে উহার উপাদানগুলিকে (১) সচ্ছিদ্র পাত্তের মধ্য দিয়া পরিচালন ( Diffusion ) (২)
  ভরলীকরণ ( Liquifaction ) অথবা (৩) উপযুক্ত জাবকের সাহায্যে
  পৃথক্ করিতে পারা ষায়।
- (d) কঠিন ও তরল পদার্থের সাধারণ মিশ্রণ হইতে উহার উপাদানগুলিকে (১) পাতন (Distillation) (২) পরিস্রবরণ প্রভৃতির সাহায্যে পৃথক্ করিতে পার। সায়।
- (e) তরল ও বায়বীয় পদার্থের সাধারণ মিশ্রণ হইতে উহার উপাদানগুলিকে পৃথক্ করিতে হইলে তরল পদার্থটিকে কেবল ফুটাইলেই চলে। তরল পদার্থটিকে কিছুক্ষণ ফুটাইলে উহার সহিত মিশ্রিত বায়বীয় পদার্থগুলি অধিকাংশ স্থলেই সম্পূর্ণ-রূপে বাহির হইয়া যায়।
- (f) কঠিন ও বায়বীয় পদার্থের সাধারণ মিশ্রণের মধ্য দিয়া ষ্ঠীম চালাইলে কঠিন পদার্থগুলি ভারী হইয়া থসিয়া পড়ে এবং বায়বীয় পদার্থ হইতে পৃথক্ হয়।

Q. 5. What happens when iron rusts and each of the following is burnt within a closed volume of air over water: magnessium, sulphur and candle.

Or, Describe some experiments to show that oxygen forms one fifth of the volume of air.

## Ans. (a) মরিচা সম্পর্কিত পরীক্ষা—

একটি ছোট হাল্কা পাত্রে কতকগুলি চক্চকে লোহার পাত রাধিয়া পাত্রটি জলে ভাসাইয়া দিতে হইবে। পরে একটি মুখখোলা বেল্-জার (Bell-jar) দিয়া পাত্রটিকে ঢাকা দিলে জারের ভিতরে ও বাহিরে জল একই সমতলে আছে দেখা যাইবে। এইবার জারের মুখ ঢাক্নি দিয়া বন্ধ করিয়া কয়েক দিন ঐ অবস্থায় রাখিয়া দিলে দেখিতে পাওয়া যাইবে যে—

(১) লোহায় মরিচা ধরিয়াছে এবং উহার ওজন বাড়িয়াছে; (২) জারের বে অংশ আগে বাতাদে ভরা ছিল তাহার প্রায় ই অংশ জলে ভরিয়া গিয়াছে; (৩) অবশিষ্ট ই অংশে বায়বীয় পদার্থ রহিয়াছে এবং উহাতে কোন জিনিস জলে না।

পরীক্ষাটি হইতে বুঝা যায়—(১) বাতাদে যে-গ্যাস (অক্সিজেন) দহনের সহায়তা করিত, তাহা নাই এবং তাহা বাতাদের ই অংশ; কারণ মরিচাধরা কার্যে নিংশেষিত অক্সিজেনের শৃত্য স্থান পূর্ণ করিবার জন্য ঐ আয়তনেরই জল উপরে উঠিয়াছে; (২) বাতাদে যে-গ্যাস (নাইটোজেন) দহনের সহায়তা করে নাং তাহা বাতাদের ই অংশ; (০) মরিচা, লোহার সহিত অক্সিজেনের রাসায়নিক সংযোগে উৎপন্ন অক্সাইড-অব-আয়রণ এবং (৪) অক্সিজেনের ওজন বশতঃ লোহার অপেক্ষা মরিচাধরা লোহা বেশী ভারী।

## (b) ম্যাগ্রেসিয়ামের দহন—

একটি ছোট হাল্কা পাত্রে কিছু ম্যাগ্নেসিয়ামের গুঁড়া রাখিয়া পাত্রটি জলে ভাসাইয়া দিতে হইবে। একটি মুখখোলা বেল-জার (Bell-jar) দিয়া পাত্রটিকে ঢাকা দিলে জারের ভিতরের ও বাহিরেব জল একই সমতলে আছে দেখা যাইবে। এইবার একটি জলস্ত কাঠি দারা ম্যাগ্নেসিয়াম জালাইয়া জারের মুখ ঢাক্নি দিয়া বন্ধ করিলে দেখা যাইবে—

(১) ম্যাগ্নেসিয়ামের কিয়দংশ জলিয়া ক্রমশ: নিপ্সভ হইয়া নিবিয়া পেল; (২) পাত্রটিতে থানিকট। শাদা ছাই পড়িয়া রঙিয়াছে এবং ঐ পদার্থটির ওজন বাড়িয়াছে; (৩) জাবের যে সংশে বাতাস ভরা ছিল তাভার প্রায় ই সংশ জলে ভরিয়া গিয়াছে; (৪) স্ববশিষ্ট ই সংশে বায়বীয় পদার্থ রহিয়াছে এবং উহাতে কোন জিনিস জলে না।

পরীক্ষাট হইতে বুঝা যায়—(১) বাতাপে যে গ্যাস (ম্বর্ক্তিন) দহনেব সহায়ভা করিত, তাহা নাই এবং তাহা বাতাসেব ই অংশ; কাবণ দহন কার্যে নিঃশেষিত স্বন্ধিজেনের শৃগ্রন্থান পূর্ণ করিবার জন্ম ঐ আয়তনেরই জল উপরে উঠিয়াছে। (২) বাতাপে যে গ্যাস (নাইট্রোজেন) দহনের সহায়ভা করে না তাহা বাতাপের ই অংশ। (৩) ম্যাগ্নেসিয়ামের দহন স্বন্থ কিছুই নহে, আলোক ও উত্তাপ বাহিব করিয়া ম্যাগ্নেসিয়ামেব সহিত অক্সিজেনেব বাসায়নিক সংযোগ ও ম্যাগ্নেসিয়াম-অক্সাইডে পরিণত হওয়া। (৪) অক্সিজেনের ওজন বশতঃ ম্যাগ্নেসিয়াম অপেক্ষা ম্যাগ্নেসিয়াম-অক্সাইড বেশী ভাবী।

#### (c) গদ্ধকের দহন—

একটি ছোট হাল্কা পাত্রে কিছু গন্ধক বাথিয়া পাত্রটি জলে ভাগাইয়া দিতে হইবে। একটা মুখখোলা বেল-জার (Bell-jar) দিয়া পাত্রটিকে ঢাকা দিলে জারের ভিতরে ও বাহিরে জল একই সমতলে আছে দেখা যাইবে। এইবার একটি জলস্ত কাঠি ঘারা গন্ধক জালাইয়া জাবের মুখ ঢাক্নি দিয়া বন্ধ করিলে দেখা যাইবে—

(.) স্কিকের কিয়দংশ জলিয়া ক্রমশঃ নিস্প্রভ হইয়া গেল; (২) জারের থে-অংশে বাভাস ভরা ছিল ভাহার গ্রায় ই অংশ জলে ভরিয়া গিয়াছে; (৩) শ্বশিষ্ট ই অংশে বায়বীয় পদার্থ রহিয়াছে এবং উহাতে কোন জিনিস জলে না।

পবীক্ষাটি হইতে ব্ঝা যায়—(১) বাভাসে যে-গাাস (অক্সিজেন) দহনের সহায়ত। করিত তাহা নাই, এবং ভাহা বাভাসের ই অংশ; কারণ, দহনের সহয় অক্সিজেন গন্ধকেব সহিত মিলিত হইয়া যে-গ্যাস (সালফার-ভাই-অক্সাইড) উৎপন্ন করিয়াছিল, তাহা জলে দ্রবীভূত হওয়ায়, নি:শেষিত অক্সিজেনেব শৃশু স্থান পূর্ণ কবিবার জন্ত ঐ-আয়তনেরই জল উপরে উঠিয়াছে। (২) বাভাসে, যে-গ্যাস নাইটোজেন) দহনের সহায়তা করে না, তাহা বাতাসের ই অংশ। (৩) গন্ধকের দতন অন্ত কিছুই নহে,—আলোক ও উত্তাপ বাহির করিয়া, গন্ধকের সহিত অক্সিজেনের রাসায়নিক সংযোগ ও সাল্ফার-ডাই-অক্সাইডে পবিণত হওয়া।

#### (d) মোম-বাতির দহন—

একটি পাত্রে থানিকটা কস্টিক-পটাশ-যুক্ত জল লইয়' উহাব মধ্যে ছুইটি বা তেনটি মোম-বাতি দাড় করাইয়া জ্ঞালিয়া দিতে হইবে। পবে একটি মুখ-খোলা বেল-জার দিয়া বাতিগুলি ঢাকা দিলে ভিতবে ও বাহিবে জল একই সমতলে আছে দেখা বাইবে। এইবার জারেব মুখ ঢাক্নি দিয়া বন্ধ করিলে দেখা বাইবে—

(২) বাতিগুলি ক্রমশঃ নিস্প্রভ হইরা নিভিয়া গেল; (২) জারের যে অণ্শ সাগে বাতাসে ভবা ছিল, তাহার প্রায় ই অংশ জলে ভরিষা গিয়াছে এবং (০) অব শিষ্ট ই অংশে যে বায়বীয় পদার্থ রহিয়াছে তাহাতে কোন জিনিস জলে না।

পবীক্ষাটি হইতে বুঝা যায় যে—(১) বাভাদে দে-গ্যাস (জ্যাজন) দহনের সময় সগায়তা করিত গ্রালাই এবং তাহা বাভাদের ই অংশ, কাবণ, দহনের সময় অন্যতেন মেনেব সহিত সংযুক্ত হইয়া যে-গ্যাস (কার্বন-ডাই-অল্লাইড) উৎপন্ন করিয়াছিল তাহা ক্টিক্-পটাশ-যুক্ত জলে দ্বীভূত হওযায়, নিঃশেষিত অল্লি-জেনের শৃত্ত হওযায়, কিঃশেষিত অল্লি-জেনের শৃত্ত হওযায়, বিঃশেষিত অল্লি-জেনের শৃত্ত হওয়ায়, বিঃলিজন) কিনের সহায়তা কবে না, তাহা বাতাসের

है ज्ञान । (৩) মোমের দহন অন্ত কিছুই নহে,—আলোক ও উত্তাপ ∰হির করিয়া মোমের দহিত অক্সিজেনের রাসায়নিক-সংযোগ এবং জল ও কার্বন-ডাই-অক্সাইডে পরিণত হওয়া।

Q. 6. Enumerate the main constituents of atmospheric air and describe experiments that you would perform for their detection.

Ans. বায়ুর বিভিন্ন উপাদান ও তাহাদের শতকরা অমুপাত এইরূপ :---

ଅକ୍ତିୟେକ ⋯ ⋯	₹•'७०
नाहेद्वीदजन	99:56
কাৰ্বন-ডাই-অক্সাইড	• * • 8
জলীয় বাস্প	>.8∙
অক্যান্ত বায়বীয়	
পদার্থ (আর্গন, হিলিয়ম,	
নিয়ন, ক্রিপ্টন, জ্রিনন )	*b•
	>00.00

বায়ুতে উপযুক্তি উপাদান-গুলির অস্তিত্ব সহজেই পরীক্ষা করিতে পারা যায়—
১ নং পরীক্ষা—একটি পাত্রে থানিকটা পারদ লইয়া বাভাসের মধ্যে ফুটা-

ইতে থাকিলে কিছুক্ষণ পরে পারদের উপর মারকিউরিক অক্সাইডের লাল হঙের সর পড়িয়াছে দেখিতে পাওয়া বায়। বাতাসে অক্সিজেন না থাকিলে এইরূপা হইত না।

২ নং পরীক্ষা—একটি ছোট হাল্কা পাত্রে থানিকটা ফদ্ফরাস রাখিরা জলে ভাসাইয়া দিতে হইবে। পরে উহার উপর একটি মুখ-খোলা বেল্-জার ঢাকা দিয়া জলন্ত কাঠি দিয়া ফদ্ফরাস্ জালাইয়া দিতে হইবে। এইবার জারের মুখটি ঢাক্নি দিয়া বন্ধ করিলে দেখা যাইবে যে ফদ্ফরাসের কিয়দংশ পুড়িয়া ক্রমশঃ

নিবিশ্বা (अन ; পৃড়িবার সময় ফস্ফরাস্ ও অক্সিজেনের রাসায়নিক সংযোগে বেস্যাস্ (ফস্ফরাস পেণ্টক্লাইড) উংপর হইয়াছে ত্রবণীয় বলিয়া ভাহাও জলে গলিয়া
পেল। এইবার জারের মধ্যে ষে-গ্যাস থাকিল ভাগা বর্ণহীন এবং অদাহ।
উহা দহনের সহায়তা করে না এবং অভিশয় উত্তপ্ত ম্যাগ্নেসিয়াম ছারা শোষিত
হয়। উহাই নাইটোজেন। বাভাসে নাইটোজেন না থাকিলে জারের মধ্যে
উহাকে এইরপে পাওয়া যাইত না।

তলং পরীক্ষা—একটি কাচের বাটিতে খানিকটা চূপের জল কয়েক দিন বাজাসের মধ্যে রাখিয়া দিলে উহার উপর ক্যাল্সিয়াম-কার্থনেটের সর পড়ে। বাজাসে কার্বন-ডাই-অক্সাইড না থাকিলে এইরূপ হইত না।

8नং পরীক্ষা—একটি কাচের গ্লাসে থানিকটা বরফ রাথিয়া দিলে গ্লাসের বাহিরের গায়ে বিন্দু জল জমিতে দেখা যায়। বাভাসে জলীয়-বাষ্প আছে বিন্দু উহা গ্লাসের গায়ের শৈত্য-প্রভাবে ঘনীভূত হইয়া জল-বিন্দুতে পরিণত হয়।

Q. 7. Show that air is a mechanical mixture and not a chemical compound.

Ans. নিম্নলিখিত কারণগুলি বশতঃ বাতাসকে যৌগিক পদার্থ না বলিয়া সাধারণ মিশ্রণ বলা হয়—

- (১) অক্সিজেন, নাইটোজেন প্রভৃতি কাতাদের উপাদানগুলিকে লইয়া, বাতাদে উহারা বে-অনুপাতে মিশান থাকে সেই অনুপাতে মিশাইলে, মিশ্রণটিতে বাতাদের সকল ধর্মাই বত্তমান থাকে; কিন্তু মিশাইবার সময় আয়তনের কোন হাস-বৃদ্ধি হয় না বা তাপ-মাতারও কোন পরিবর্তন হয় না। বাতাস—অক্সিজেন, নাইটোজেন প্রভৃতির রাসায়নিক সংযোগে উৎপন্ন বৌগিক পদার্থ হইলে এইরপা হইত না।
  - (২) বাতাদে উহার উপাদানগুলি সাধারণভাবে মিপ্রিত থাকে বলিয়াই

উহাদের নিজ নিজ গুণ অকুন থাকে। যৌগিক পদার্থ হইলে, বাতাৰী উপাদান শুলির শুণ অকুন থাকিত না।

- (৩) বাতাদের মধ্যে উহার বিভিন্ন উপাদানের আপেক্ষিক পরিমাণ, সকল স্থানে এবং সকল সময়ে ঠিক থাকে না। বাতাস বৌগিক পদার্থ হইলে, উহার উপাদানগুলির আপেক্ষিক পরিমাণ কখনও পরিবর্তিত হইত না।
- (৪) সাধারণ মিশ্রণ বলিয়াই বাতাসের উপাদানগুলিকে সহজে পৃথক্ করা যার; উহা যৌগিক পদার্থ হইলে করা যাইত না।
- Q. 8. What is the composition of water? How can it be determined?

An. আয়তন হিসাবে ছই ভাগ হাইড্রোজেনের সহিত এক ভাগ অক্সিজেনের রাসায়নিক সংযোগের ফলে জল উৎপন্ন হয়। নিমলিখিত পরীক্ষাটির সাহায্যে উহা সহজেই প্রমাণ করিতে পার। যায়—

একটা মোটা-গলা বোভলের পেছনটা কাটিয়া কেলিয়া, তুইটি-ছিল্র-বিশিষ্ট 
একটি ছিপি দিয়া উহার মুখটা ভালভাবে আঁটিয়া দিতে হইবে। ছিপির 
তুইটি ছিদ্রের ভিতর দিয়া তুইটি প্লাটিনাম তার প্রবেশ করাইয়া উহাদের 
ভিতরের প্রাস্ত তুইটি পিটিয়া পাতলা পাতের মত করিতে হইবে। ছিল্গুলি 
মোম বা গালা দিয়া বন্ধ করিয়া বোতলের ভিতর অল্ল এ্যাসিড্-মিশান-জল 
ঢালিয়া দিতে হইবে এবং ঐ-জলেই পরিপূর্ণ, সমান-লম্বা ও সমান-আয়তনের 
তুইটি পরীক্ষা-নল ( Test-tube ) প্ল্যাটিনাম পাত তুইটির উপর উপুড় করিয়া 
রাখিতে হইবে। এইবার সংযোগ-তার সাহায়ে প্লাটিনামের পাত-তুইটি ব্যাটারির 
মেক্র-তুইটির সভিত সংস্কু করিয়া বিজ্যুৎ চালাইলেই, পরীক্ষা-নল-তুইটির মধ্যে 
স্যাস ক্মিতেছে দেখা যাইবে। খানিকটা গ্যাস ক্ষমিবার পর বুড়া আঙুল দায়া 
মুখ বন্ধুঞ্জুরিয়া পরীক্ষা-নল তুইটি বাছিরে জ্ঞানিয়া পরীক্ষা করিলে দেখা 
যাইবে যে—

্ (১) নল ছইটিভে গ্যাসের আয়তন সমান নয়; একটির আয়ন্তন অপরটির

বিগুণ; (বি) বেটিতে গ্যাসের আয়তন কম তাহার মণ্যে একটি অর্থজনন্ত কাঠি প্রবেশ করাইলে, উহা বেশ উজ্জন হটয়া জলিয়া উঠিবে কিন্তু গ্যাসটি নিক্ষে আলিবে না;—ইহা অক্সিজেন; (৩) অপর গ্যাসটির মধ্যে জলস্ত কাঠি প্রবেশ করাইলে কাঠিটি নিবিয়া যায় বটে কিন্তু গ্যাসটি নিক্ষেই জলিতে পাকে;—ইহা হাইড্রোজেন; (৪) জলে যে-এ্যাসিড্ মিশান ছিল তাহার কোন পরিবর্তন হয় নাই এবং তাহার পরিমাণও পূর্বের মতই আছে।

ইগা হইতে বুঝা যায় যে—আয়তন হিসাবে হুই-ভাপ হাইড্রোক্তেনের সহিত এক-ভাগ অক্সিক্তেনের রাসায়নিক সংযোগে জল উৎপন্ন হয়।

Q. 9. Enumerate the different types of natural water adding brief notes on their comparative purity.

Ans. নিমে বভাবোৎপন্ন জলের বিভাগ ও বিক্ষির আলোচনা করা হঁইন--

- (১) বৃষ্টির জল—সভাব-লব্ধ জলের মধ্যে ইহা সর্বাপেকা বিশুদ্ধ হইলেও ইহার মধ্যে অক্সিজেন, কার্বন-ডাই-অক্সাইড, এ্যামোনিয়া প্রভৃতি কয়েকটি গ্যাস মিশ্রিত থাকে। তবে প্রথম পশলার পর এই জল সংগ্রহ করিলে অধিকতর বিশুদ্ধ জল পাওয়া যাইতে পারে।
- (২) ঝরণা বা পাতকুয়ার জল—ইহা নিম্ল এবং বেশ বচ্ছ। ইহাতে ভালমান অবিশুদ্ধি থাকে না। ক্যাল্সিয়াম, ম্যাগ্নেসিয়াম, সোডিয়াম, পটাদিয়াম প্রভৃতি ঘটিত অনেক প্রকার লবণ ইহাতে দ্রবীভূত থাকে।

ঝরণার জলে যখন কঠিন ও বায়বীয় পদার্থ-সমূহ অত্যধিক পরিমাণে দ্রবীভূত পাকে তখন উহাকে খনিজ (Mineral) জল বলা হয়। এই জণের ভিন্ন ভিন্ন রক্ষের স্বাদ ও গুণ দেখিতে পাগুয়া যায়। এই খনিজ জল উত্তমরূপে ফুটাইয়া, উহার সহিত্ত অন্ন লবণ ও সোডিয়াম-বাই-কার্বনেট মিশাইয়া বোতলে ভরা হয়

#### 54 Essentials of Matriculation Science

এবং অধিক চাপে কার্বন-ডাই-অক্সাইড গ্যাস উহাতে দ্রবীভূত করির বোভনের মুখ দৃঢ়-ভাবে বন্ধ করা হয়। ইহাই বাজান্বিত (Aerated) জল।

- (৩) **নদীর জল**—ইহাতে নানা-প্রকার বায়বীয় পদার্থ এবং নানা-প্রকার লবণ দ্রবীভূত থাকে। অদ্রবণীয় এবং ভাসমান অবিগুদ্ধিও ইহার মধ্যে যথেষ্ঠ পরিমাণে বর্তমান। তাই, এই জল সাধারণতং ঘোলা হয়।
- (৪) সমুদ্রের জল—সোডিয়াম, ক্যাল্সিয়াম, পটাসিয়াম, ম্যাগ্নে-বিয়াম প্রভৃতি ঘটিত নানা প্রকার লবণ ইহাতে অত্যধিক পরিমাণে দ্রবীভূত থাকে বলিয়া ইহা নি হাস্তই লবণাক্ত ও অব্যবহার্য।
- Q. 10. What is soft and hard water? How can hardness be removed?

Ans. নরম জল (Soft water)—্যে-জলে সাবান ব্যবহার করিলে সহজেই ফেনা হয়, তাহাই নরম জল।

কঠিন জল (Hard water)—বে-জলে পাবান ব্যবহার করিলে সহজে ফেনা হয় না, তাহাই কঠিন জল। জলের এই কাঠিগু তুই প্রকার—(i) অস্থায়ী (Temporary hardness) ও (ii) স্থায়ী (Permanent hardness)।

- (i) ভাষায়ী কঠিন জল—এই জলের কাঠিন সহজেই দ্র করিতে পারা যায়। এই জলে ক্যাল্সিয়াম-বাই-কার্বনেট, ম্যাগ্নেসিয়াম-বাই-কার্বনেট বা উভয়ই দ্রবীভূত থাকে। ইহারাই জলের এই প্রকার কাঠিন্সের কারণ। ফুটাইলেই জলের এই কাঠিন্স দ্রীভূত হইয়া জল নরম হয়।
- (ii) স্থায়ী কঠিন জল—এই জলের কাঠিত সহজে দ্র করিতে পারা যার না। এই জলে ক্যাল্সিয়াম-সাল্ফেট, ক্যাল্সিয়াম-ক্লোরাইড, ম্যাগ্নেসিয়াম-সাল্ফেট বা ম্যাগ্নেসিয়াম-ক্লোরাইড দ্রবীভূত থাকে। ইহারাই জলের এই প্রকার কাঠিত্যের কারণ। ফুটাইয়া এই জলের কাঠিত্য দ্র করিতে পারা যায় না; লোডিয়াম-কার্নেট মিশাইয়া ইহাকে নরম করিতে পারা যায়। পাতন (Distillation) হারা জলের সকল রকম কাঠিতাই দ্রীভূত হয়।

- Q. A. How would you prepare hydrogen in the laboratory? What is its characteristic test? Enumerate the different properties and uses of hydrogen.
- Ans. বীক্ষণাগারে হাইডোজেন প্রস্তুত প্রণালী—উল্ক-বোতনে (Woulf's bottle) দ্বন্তা (Granulated Zine) ভরিয়া দিয়া, উহার মূথে বাশ্প-নিঃসারক নল (Delivery-tube) ও থিদ্ল-ফানেল (Thistle-funnel) বেশ আঁট করিয়া লাগাইয়া দিতে হইবে। পরে ফানেল দিয়া বোতলের ভিতর জল-মিশ্রিজ সালক্ষিত্রিক গ্রামিজ ঢালিয়া, থিদ্ল-ফানেলের নলের মুখটি এ্যাসিডের মধ্যে ড্বাইয়া দিতে হইবে। সাল্কিউরিক-এ্যাসিড ও দস্তার রাসায়নিক সংযোগের ফলে হাইড্রোজেন উৎপন্ন হইবে এবং নল (Delivery-tube) দিয়া বাহির হইয়া আসিবে। প্রথম যাহা বাহির হইবে তাহা খাঁটি নয়,—বায়্মাইতে এবং এই সময় বাজ্প-নিঃসারক নলের মুখটি একটি জল-পূর্ণ নিউম্যাটিক রাফের (Pneumatic trough) বি-হাইভ সেলের (Bee-hive cell) ভিতর ভূকাইয়া উহার উপর একটি জল-পূর্ণ গ্যাস-জার (Gas-jar) উপুড় করিয়া রাখিতে হইবে। গ্যাস, নল দিয়া বাহিরে আসিয়া, জল নিয়দিকে অপসারিত করিয়া হার্যে-জারটি পূর্ণ করিবে। এইবার জারের মুখে ঢাক্নি (Lid) লাগাইয়া উহাকে বাহির করিয়া আনিলেই এক-জার হাইড্রোজেন গ্যাস পাওয়া বাইবে।

সভক্তা— )। বায়্-মিশ্রিত হাইড্রোজেন বিক্ষোরক; তাই বভক্ষণ হাইড্রোজেন বায়্-মিশ্রিত থাকিবে ততক্ষণ সংগ্রহ করা উচিত নয়। বায়ু মিশ্রিত হাইড্রোজেন আলাইলে দপ্দপ্শক্ষ হয়। ২। নিকটে স্পিরিট-ল্যাম্প প্রভৃতি রাথা কর্ত্রা নয়। ৩। থিস্ল-ফানেলের নলটি এ্যাসিডের মধ্যে যেন চুবিয়া খাকে!

পরীক্ষা-প্রছলিত শলাকা গ্যাসের ভিতরে রাখিলে নিবিয়া ষায় বিক্ত গ্যাস জলিতে থাকে। ইহা চুণের জল শাদা করে না।

হাইড়োজেনের ধম — ইহার বর্ণ, গন্ধ ও আদ নাই। ইহা সর্বাপেকা হাল্কা গ্যাস। ইহা দাহা কিন্তু দহন-সহায় নহে। জালাইলে ইহা জ্ঞাজিজেনের সহিত মিলিত হইয়া জ্লে পরিণত হয়। ইহা জ্লে ঈষৎ পরিমাণে দ্রব হয়।

হাইড্রোজেনের ব্যবহার—>। এ্যামোনিয়া প্রস্তাতের জন্ম এবং বেলুন ও এ্যারোপ্লেনে ইহা ব্যবস্ত হয়। ২। অক্লি-হাইড্রোজেন-ফ্লেম তৈয়ারীতে ইহার প্রয়োজন হয়।

Q. 12. How would you prepare oxygen in the laboratory? What is its characteristic test? Enumerate the different properties and uses of oxygen.

Ans বীক্ষণাগারে অক্সিজেন প্রস্তুত করিবার প্রণাদী—

একটি ফ্লাঙ্গে পটাসিয়াম-ক্লোরেট ৪ ভাগ ও ম্যাংগানিজ-ডাইভারাইড ১ ভাগ মিশাইয়া লইতে হইবে। পরে উহার মুখে ছিদ্র যুক্ত একটি
রবারের ছিপি আঁটিয়া ছিদ্র-মধ্যে একটি বাস্প-নিঃসারক নল (Delivery-tube)
পরাইয়া দিতে হইবে এবং ঐ-নলের অপর মুখ জল-পূর্ণ একটি নিউম্যাটিক
দ্রাফের (Pneumatic trough) বি-হাইভ সেলের (Bee-hive cell) ভিতর
প্রবেশ করাইতে হইবে। এইবার ভারের জালের উপর ফ্লান্কটিকে বসাইয়া
ব্নসেন-বার্নার (Bunsen-burner) সাহায্যে উত্তপ্ত করিলেই অক্সিজেন বাহির
হইবে। এখন একটি জল-পূর্ণ গ্যাস-জার (Gas-jur) নিউম্যাটিক ট্রাফ-মধ্যবতী
নলের উপর উপুড় করিয়া রাখিলে, অক্সিজেন, নিয়দিকে জল অপসারিত করিয়া,
জারটিকে পূর্ণ করিয়া ফেলিবে। এইবার জারের মুখে ঢাকনি লাগাইয়া উহাকে
বাহির করিয়া আনিলেই এক-জার অক্সিজেন-গ্যাস পাওয়া যাইবে।

সভর্কভা-- । উত্তাপ পাইলে পটাসিয়াম-ক্লোরেট হইতে ক্রেটিক জল

(Water of crystallisation) বাহির হইয়া কাচ-পাত্রটিকে ফাটাইয়া দিতে: পারে; এইজন্ত পূর্ব হইতে পটাসিয়াম-ক্লোরেট শুকাইয়া লওয়া কর্ত্রত বাশ্বনিঃসারক-নল জল হইতে বাহির করিয়া লওয়ার পূর্বে বুনসেন-বার্নারক বরনান না হয়; অক্তথায় ঠাণ্ডা জল হঠাৎ ক্লাক্ষের মধ্যে চুকিয়া উহাকে ফাটাইয়া দিতে পারে।

পরীক্ষা—অক্সিজেন-পূর্ণ পাত্রের মধ্যে একটি অর্ধজনস্ত কাঠি প্রবেশ করাইলে, কাঠিটি বেশ উজলভাবে জলিয়া উঠিয়া গ্যাস-জারটিকে কার্বন-ডাই-অক্সাইডে পূর্ণ করে ও নিবিয়া যায়। এইবার জারের মধ্যে পরিক্ষার চুণের জল ঢালিলে, উহা শাদা হইয়া যাইবে। জলস্ত কাঠির আগুনে গ্যাসটি নিক্ষেত্রিয়া উঠে না।

অক্সিজেনের ধর্ম — অক্সিজেনের কোন বর্ণ বা গন্ধ নাই। ইহা অন্তকে আলায়, কিন্তু নিজে জালিতে পারে না। ইহা বায়ু অপেকা ঈষং ভারী। কোন মৌলিক পদার্থবি সহিত অক্সিজেন যুক্ত হইলে, যে যৌগিক পদার্থ (Oxide) উৎপন্ন হয়, তাহানের কোন কোনটি জলে দ্রবীভূত হইলে, অমু (Acid) উৎপন্ন হইয়া থাকে। ইহা জলে সামান্ত পরিমাণে দ্রবীভূত হয়।

অক্সিজেনের ব্যবহার—(১) প্রাণিগণের খাসকার্যের জন্ত অক্সিজেনের প্রান্তন। (২) মৃতপ্রায় রোগীর খাসকট হইলে দেহ-মধ্যে যথোচিত অক্সিজেন প্রবেশ করাইয়া রোগ উপশম করা হয়। (৩) অক্সি-হাইড্রোজেন-ফ্রেম প্রস্তুত করিবার জন্ত ইহার প্রয়োজন হয়। (৪) এ্যাসিটিলিন-গ্যাসের সহিত মিপ্রিত হইয়া ইহা অক্সি-এ্যাসিটিলিন-ফ্রেম তৈয়ারী করে। এই ফ্রেম দ্বারা ধাতু স্কৃড়িবার বা গলাইবার কার্য সাধিত হয়।

Q. 13 How would you prepare nitrogen in the laboratory? What is its characteristic test? Enumerate the different properties and uses of nitrogen.

## Ans. বীক্ষণাগারে নাইট্রোজেন প্রস্তুত প্রণালী—

একটি ফ্লামে সোডিয়াম-নাইট্রেট ও গ্রামোনিয়াম-ক্রোরাইড মিশাইয়া লাইতে হইবে। পরে উহার মুখে ছিদ্র-যুক্ত একটি রবারের ছিপি আঁটিয়া দিয়া ছিদ্র-মধ্যে একটি বাপ্প-নিঃসারক-নল (Delivery-tube) পরাইয়া দিতে হইবে এবং নলটির অপর মুখ জল-পূর্ণ একটি নিউম্যাটিক-ট্রাফের (Pneumatic trough) বি-হাইভ সেলের (Pee-hive cell) ভিতর প্রবেশ করাইতে হইবে। এইবার তারের জালের উপর ফ্লায়টি বসাইয়া বৃন্দেন-বার্নার (Bunsen-burner) সাহায্যে উত্তপ্ত করিলেই নাইট্রোক্ষেন বাহির হইবে। এখন একটি গ্যাস-জার (বিএ৪-jar) জল-পূর্ণ করিয়া, নিউম্যাটিক-ট্রাফের মধ্যবর্তী নলের উপর উপ্তৃত্বরিয়া রাখিলে, নাইট্রোজেন, নিয়দিকে জল অপসারিত করিয়া, জারটি পূর্ণ করিয়া ফোলেব। এইবার জারের মুখে ঢাক্নি লাগাইয়া, উহাকে বাহির করিয়া আনিলেই, এক-জার নাইট্রোজেন পাওয়া যাইবে।

স্তর্ক্তা –গ্যাস বাহির হইতে আরম্ভ করা মাত্র, তাপ দেওয়া বন্ধ করিতে হয়। নত্বা, উত্তাপাধিক্যে হঠাৎ প্রচুর পরিমাণে গ্যাস বাহির হইয়া বিক্ষোরণ হুইতে পারে।

প্রীক্ষা-প্রজ্বিত দীপ-শ্লাকা গ্যাদের মধ্যে রাখিলে, নিবিয়া যায়;
া গ্যাসও জ্বলে না। ইহা চুণের জলকেও শালা করে না।

নাইটোজেনের ধর্ম — ইহার বর্ণ, গন্ধ ও স্থাদ নাই। ইহা বায়ু অপেক্ষা ক্রিমং হাল্কা। ইহা জলে সামান্ত পরিমাণে দ্রবীভূত হয়। ইহা নিজেও জলে না, দহন কার্যের সহায়তাও করে না। ইহা অতীব নিস্তেজ পদার্থ; সহজে কোন বন্ধর সংগেই ইহার যোগ হয় না।

নাইটোজেনের ব্যবহার—>। বায়ুর মধ্যে অবস্থান করায় অক্সিজেনের প্রবল দাহিকা-শক্তি প্রশমিত থাকে; নতুবা, ক্রত দহনের ফলে জীব-দেহের অনিষ্ট হুইত। ২। জীব-দেহের পৃষ্টির জন্ম ইহার প্রয়োজন অত্যধিক। ১। মাটির উব'র তার জন্ত নাইটোজেন-ঘটিত দ্রব্য আবশুক। ৪ ইহার সাহায্যে নাই দ্রিক গ্রোসিড ও এ্যামোনিয়া প্রস্তুত হয়।

Q. 14. How would you prepare carbon-di-oxide in the laboratory? What is its characteristic test? Enumerate the different properties and uses of carbon-di-oxide.

## বীক্ষণাগারে কার্বন-ডাই-অক্সাইড প্রস্তুত প্রণাদী-

উল্ফ-বোতলে (Woulf's bottle) মাব ল্-পাথরের টুক্রা ভরিয়া দিয়া
ভিহার মুথে থিস্ল-ফানেল (Thistle funnel) ও বাষ্প-নিঃসারক-নল (Deliverytable) বেশ আঁট করিয়া লাগাইয়া দিতে হইবে। পরে ফানেল দিয়া বোতলের
ভিতর জল-মিপ্রিত হাইড়োক্লোরিক প্রাাসিত ঢালিয়া থিসল্-ফানেলের নলের
মুখটি প্রোসিডের মধ্যে ডুবাইয়া দিতে হইবে। হাইড্রোক্লোরিক প্রাাসিড ও
মাব লের রাসায়নিক সংযোগের ফলে, বোতলের মধ্যে কাব ন-ডাই-অক্লাইড-গ্যাস
উৎপল্ল হইয়া নল দিয়া বাহির হইয়া আসিবে। এই সময় বাষ্প-নিঃসারক নলের
মুখটি সোজা-করিয়া-বসান একটি গ্যাস-ভারের ভিতর রাখিলে, —বায়ু উথব দিকে
অপসারিত করিয়া, কাব ন-ডাই-অক্লাইড জারটিকে পূর্ণ করিবে। এইবার
জারের মুথে ঢাক্নি চাপা দিলেই— এক-জার কাব ন-ডাই-অক্লাইড-গ্যাস পাওয়া
আইবে।

পরীক্ষা—প্রজনিত দীপ-শনাকা এই গ্যাদের মধ্যে নিবিয়া যায় এবং উহার সংস্পর্শে গ্যাসটিও জনিয়া উঠে না। পরিক্ষার চূণের জলের ভিতর দিয়া এই স্যাস চালাইলে, উহা প্রথমে শাদা হইয়া যায়, কিন্তু অধিক ক্ষণ চালাইলে উহা আবার বর্ণ-হীন দেখায়।

কার্বন-ভাই-অক্সাইডের ধর্ম — ইহা বর্ণ-হীন; কিন্তু মিষ্ট স্থাদ ও মিষ্ট সন্ধ বিশিষ্ট। • ইহা বায় অপেকা প্রায় দেড়-গুণ ভারী। ইহা জলে জনীভূত হয়। हैश माञ्छ नटर महन-महात्र वन्हः। हेश हूलत जनक भामा काना कित्रप्ता (मत्र।

কাব ল-ভাই-অক্সাইডের ব্যবহার—>। ইহা উদ্ভিদের খাদ্য বিশেষ;
ন্থভরাং মান্থবের পক্ষে ইহার পরোক্ষ উপকার। ২। "ফায়ার এক্ষিংগুইসার"
—নির্মাণে ইহার প্রোজন। ৩। জমান কাব ন-ডাই-অক্সাইড গ্যাস, "ড্রাই
ভাইস"-নামে নানা-রূপে ব্যবহৃত হয়। ৪। সোডা, লেমনেড্ও বরফ প্রস্তুত
করিতে এবং কৃত্রিম উপায়ে কোন বস্তুর উষ্ণতা ক্যাইবার জন্মও ইহা ব্যবহৃত
হইয়া পাকে।

# জ্যোতিৰি'দ্যা

- Q. 1. Write short notes on (a) Nebulae, (b) Milky way, (c) Constellations, (d) Stars and Planets, (e) Satellites, (f) Asteroids, (g) Comets and (h) Meteors.
- Ans. (a) নীহারিকা (Nebulae)—"অংমাদের এই নক্ষত্রটির (হুর্গের)
  চিয়ে বছগুণ বড়ো জ্যোভিক্ষদের সন্ধান পাওয়া গেছে, ভাদের নাম দেওয়া
  হয়েছে নীহারিকা। রাত্রের আকাশে খালি চোথে ভাদের দেখতে পাই লেপে
  দেওয়া খানিকটা আলো। ······িবিজ্ঞানীরা অন্ত্যান করেন, স্প্টিতে রূপবৈচিত্র্যের
  পালা আরম্ভ হবার অনেক আগে কেবল ছিল একটা পরিব্যাপ্ত জ্বলম্ভ বাল্প।
  ·····কোটি কোটি বছর ধরে কালে কালে ভা ঠাপ্তা হছেে। ভাপ ক্র্যুভ
  ক্র্যুভ গ্যাস থেকে ছোট ছোট টুক্রা দন হয়ে ভেঙে পড়ছে। এই বিপুল্সংখ্যক কণা একজোট হয়ে নীহারিকা গড়ে ভুলছে। ·····গরম দিনিস মভ
  ঠাপ্তা হতে থাকে, ভার ভিতরকার স্বর্গু হোভে থাকে ঘন, বাহিরের দিকে দিতে
  থাকে ঠেলা। নীহারিকায় সেই দশা ঘটে। ঠাপ্তা হভেই অনুগুলোর বাহিরমুখো ঠেলায় নীহারিকা ঘূর থেতে পাকে। ·····নীহারিকার ঘোরার বেগ মখন
  অত্যন্ত বেড়ে চল্ল, তথন তার উপর থেকে স্বে জ্বল্স গ্যাসের থপ্ত আল্গা হয়ে
  ছুটে গেল। তারাই ক্রমে আপন আলো ও ভাপ অনেক পরিমাণে থরচ করে
  নক্ষত্রনপ ধরেছে।"
  - বিশ্বপরিচয়, রবীক্সনাথ ঠাকুর
- (b) ছায়াপথ (Milky way)—রাত্রিতে আকাশ নির্মণ থাকিলে উহার একপ্রান্ত হুইতে অপর প্রাপ্ত পর্যন্ত বিস্কৃত একটি শাদা পথ লক্ষ্য কর। যায়।

ইহাই ছায়া-পথ। কোটি কোটি তারা একত্রিত হইয়া এই পথ ক্রুষ্টি করে এবং ইহাকে উজ্জ্ব করিয়া রাখে।

- (c) নক্ষত্র-মণ্ডল (Constellation)— বৈজ্ঞানিকগণ এক একটি বিশিষ্ট নক্ষত্র ও তৎপার্থবর্তী কতকগুলি ছোট ছোট নক্ষত্র লইয়া আকাশকে কতকগুলি ক্ষ্তু ক্ষ্তু অংশে ভাগ করিয়াছেন এবং প্রত্যেক অংশের পৃথক্ পৃথক্ নাম দিয়াছেন। আকাশের এইরূপ এক একটি অংশই নক্ষত্র-মণ্ডল।
- (d) নক্ষত্র ও গ্রন্থ (Stars and Planets)—রাত্রিভে নির্মেষ আকাশের দিকে চাহিলে যে অসংখ্য উত্মল আলোক বিন্দু দেখিতে পাওয়া যায়, তাহাদের কতকগুলিকে নক্ষত্র এবং কতকগুলিকে গ্রহ বলা হয়। নিয়ে নক্ষত্র এবং গ্রহের মধ্যে পার্থক্য দেখান হইল—

#### লক্ত

- ১। ইহারা নীহারিকা হইতে উৎপন্ন হয়।
- ২। ইহারা বহুদূরে অবস্থিত।
- ইহাদের আলোক চঞ্চল বলিয়া
   মনে হয় (মিট্মিট্করে)।
- ह्यांकिव मिया (मिथिता ইहा मिशिक वित्यं विख्य विद्या मिता हम ना ।
- । নীহারি কার একটি কেন্দ্রের চারিদিকে ইহারা গুরিয়া থাকে।
- ৬। ইহারা সহজে স্থান পরিবর্তন করে না বলিয়া ইহাদিগকে সহজে চিনিতে পারা যায়।

#### গ্ৰহ

- ১। ইহারা নক্ষত্র (সূর্য) হ**ই**ক্তে উৎপন্ন হয়।
- ২। ইহারা অপেকারত অন্নদ্রে: অবস্থিত।
- ৩। ইহাদের আ্বালোক স্থির বলিয়া মনে হয় (মিটমিট করে না)।
- ৪। দ্রবীক্ষণ দিয়া দেখিলে ইহাদিগকে
   বেশ বড় দেখায়।
- । নক্ষত্রের (স্থর্যের) চারিদিকে
   ইহারা ঘুরিয়া থাকে।
- ৬। ইহারা অনবরত স্থান পরিবর্তন]:
  করে বলিয়া ইহাদিগকে সহক্ষে!
  চিনিতে পারা ধায় না।
- (e) উপগ্রহ '(Satellites)—যাহারা সূর্যকে প্রদক্ষিণ করে ভাগারা গ্রহ

এবং স্ক্রারা গ্রহকে প্রদক্ষিণ করে তাহারা উপগ্রহ (Satellites)। চক্র পৃথিবীকে প্রদক্ষিণ করে; উহা পৃথিবীর একটি উপগ্রহ।

(f) গ্রাছকা (Asteroids) – বৃহস্পতি ও মংগলের কক্ষ-পথের মাঝথানে দিরিস (Ceres), এরোস (Eros) প্রভৃতি বহু বহু হাজার কৃদ্র কৃদ্র গ্রহ ঝাঁকে ঝাঁকে স্থকে প্রদক্ষিণ করে। ইহারাই গ্রহিকা (Asteroids)। বৈজ্ঞানিকগণ্ধ ইহাদিগকে একটি আন্ত গ্রহেরই ভগাবশেষ বলিয়া মনে করেন।

cf. রবীন্দ্রনাথ—"টুক্রোগুলোকে কোন একটা আন্ত গ্রহেরই ভন্নশেষ ব'লে মনে করা যেতে পারে। নিজের ভিতরকারই কোন উৎপাত কিংবা প্রতিবেদীঃ কোন গ্রহের আঘাত লেগে একদা এর একটা বিপ্লবের সময় গিয়েছে; সেই ইতিহাস-বিশ্বত তুর্যোগ আপন অখ্যাত আবর্জনাগুলোকে সুর্যের চারিদিকে যুক্ত খাইরে কোনমতে রীত রক্ষা করছে।"

(g) ধুম-কেতু (Comet)—নক্ষত্ৰ, গ্ৰহ ও উপগ্ৰহ ব্যতীত আরও এক রকমা জোতিক মাঝে মাঝে দেখিতে পাওয়া যায়। ইহারা ধুম-কেতু। ইহাদের স্পষ্টি: সম্বন্ধে ঠিকমত কোন সিদ্ধান্তে পৌছিতে পারা যায় নাই।

ইহাদের দেহকে তিন ভাগে বিভক্ত করিতে পারা যায়। সর্বাপেক্ষা উজ্জ্বা অংশটি উহার কেন্দ্র (Nucleus); ইহারই পরবর্তী থানিকটা আলোকিত অংশ উহার মুগু (Head) এবং মুণ্ডের পশ্চাতের অংশই উহার পুক্ত (Tail)। কাহারও পুক্ত থাকে; কাহারও পুক্ত থাকে না; আবার কাহারও বা অনেকগুলি করিয়াঃ পুক্ত থাকে। এই পুক্ত গুলি অভিস্ক্ষ একপ্রকার গ্যাসদ্বারা নিষ্ঠিত।

ধূম-কেতৃ যতই হর্ষের নিকটবর্তী হয় উহার কেন্দ্রটি ততই উজল হয় এবং পুছেটিও লখা হইতে থাকে। ইহা হইতে অনেকে মনে করেন যে মুণ্ডটি কঠিন পদার্থ-নিমিত ডেলা বিশেষ। উহা যতই হুর্যের নিকটবর্তী হয়, উত্তাপ লাগিয়া ততই উহা বাজাকারে পরিণত হয় এবং এই বাজা-রাশি কোন কারণে হুর্যের বিপরীত দিকে প্রসারিত হইয়া পুছ ফুটি করে।

উপবৃত্তাকার (Elliptica'), অতিবৃত্তাকার (Parabolic) এবং পরাবৃত্তাকার

(Hyper-bolic)—এই ভিন রকম পথে ইহারা ভ্রমণ করে। যাহারা পথে সূর্যকে প্রদক্ষিণ করে ভাহাদিগকে নির্দিষ্ট সময় অন্তর অন্তর দেখা যার। হালির ধূম-কেড় (Halley's comet) এই ধরণের। ইহাকে ৭০।৭৬ বংসর অন্তর একবার দেখিতে পাওয়া যায়। ১৯১০ সালে ইহাকে দেখা গিয়াছিল এবং ১৯৮৬ সালে ইহাকে আবার দেখিতে পাইবার কথা।

- (h) উক্সা-পিশু (Meteor)—হর্ষের আকর্ষণে ধূম কেতু সময় সময় চূর্ণ বিচূর্ণ -হইয়া য়ায়। এই চূর্ণগুলি উপর্ত্তাকার পথে হ্র্যকে প্রদক্ষিণ করে। ইহারাই উল্লা-পিগু। পৃথিবীর নিকটবর্তী হইলে পৃথিবীর আকর্ষণে উহারা কক্ষ-চ্যুত হইয়া থালয়া পড়ে। তাঁত্র বেগে পৃথিবীতে আলিবার সময়, পৃথিবীর বায়ু-মগুলের সহিত্ত সংঘর্ষে উহারা জলিয়া পুড়িয়া ছাই হইয়া য়য়। ২১শে এপ্রিল, ৯,১০,১১ই আগষ্ট,১২,১৩,১৪ই ও ২৭শে নভেম্বর রাত্রিতে 'উল্লাবৃষ্টির আতশবাজি' একটি দেখিবার মত জিনিল। এই সময় পৃথিবীকে উল্লার পথ ভেদ করিয়া মাইতে হয়। উল্লার কোন আলোক নাই; উহা নিকেল, লোহ প্রভৃতি ধাড়য়ারা নাঠিত।
- Q. 2. What do you mean by (a) Ecliptic, (b) belt of the Zodiac and (c) signs of the Zodiac? How can the signs of the Zodiac be located in the sky?

Ans. ক্রান্তি-বৃত্ত (Ecliptic)—বার্ষিক গতির সাহায্যে পৃথিবী যে-পথে স্থাকে ৩৬ঃ দিনে একবার প্রদক্ষিণ করে ভাহাই ক্রান্তি-বৃত্ত।

বালি চক্র (Belt of the Zodiac)—ক্রান্তি-বৃত্ত (Ecliptic) হইতে ৮° উত্তরে ও ৮° দক্ষিণে, উহার সহিত সমান্তরাল ছইটি. বৃত্ত কল্পনা করিলে বে প্রাণম্ভ বন্ধনীর (Belt) সৃষ্টি হয়, তাহাই রাশি-চক্র।

রাশি (Sign of the Zodiae)—বৈজ্ঞানিকগণ রাশি চক্রকে সমান বার ভাগে ভাগ করিয়া এক একটি ভাগকে এক একটি রাশি বলিয়া থাকেন। রাশির অবর্গত নাম গুলার মিগনে বে আঞ্জি করনা করা বার তলমুণারেই রালি-গুলার নাম-করণ হইরা থাকে। এইরপে বারটি রাশির নাম (১) মেব (Aries) (২) বৃষ (Taurus) (৩) মিখুল (Gemini) (৪) কর্কট (Cancer) (৫) সিংহ (Leo) (৬) কল্পা (Virgo) (৭) জুলা (Libra) (৮) বৃশ্চিক (Scorpio) (১) শন্ম (Sagittarius) (১০) মকর (Capricornus) (১১) কুম্ব (Aquarius) (১২) মীল (Pisces)।

বৈশাধ মাদের প্রারম্ভ ক্যান্তের প্রায় ছই ঘণ্টা পরে আকাশের দিকে চাহিয়া দেখিলে রাশি-চক্রের মধ্যে পূর্ব-ক্ষিভিজ (Horizon) হইতে আরম্ভ করিয়া পশ্চিম-ক্ষিভিজ পর্যন্ত তুলা, কন্তা, সিংহ, কর্কট, মিথুন এবং বৃষ রাশিকে পর পর দেখিতে পাওয়া যায়; আবার কাভিকের প্রারম্ভে ক্যান্তের প্রায় ছই ঘণ্টা পরে, মেষ, মীন, কুন্ত, যকর, ধন্থ এবং বৃশ্চিক রাশিকেও পর পর দেখিতে পাওয়া যায়।

Q. 3. Name and describe some of the important constellations of the sky.

Ans. সপ্তর্বি-মণ্ডল—সাতটি বিতীয়-শ্রেণার উত্মল নক্ষত্র জিজ্ঞাসার চিক্তের (?) আকারে উত্তর-আকাশে সজ্জিত থাকে। ইতাই সপ্তর্বি-মণ্ডল (Ursa major)। জিজ্ঞাসার চিক্তের মাথা হইতে লেজ পর্যন্ত বে সাতটি নক্ষত্র থাকে ভারতবর্ষের সাতটি প্রাচীন ঝির নাম অম্থায়ী, তাহাদিগকে ষথাক্রমে (১) ক্রেডু (২) পুলছ (৩) পুলস্তা (৪) জাত্রি (৫) অংগিরা (৬) বলিষ্ঠ এবং (৭) মরীচি বলা হয়। ভর্কের আকৃতি করনা করিয়া ইংরাজেবা ইহাকে Great bear নাম দিয়াছেন। সপ্তর্থি-মণ্ডলের পুলহ ও ক্রত্কে এক সরল-রেখা দ্বারা যোগ করিয়া উত্তর-আকাশের দিকে বাড়াইয়া দিলে—উহা ফ্রন-ভাতার নিকট দিয়া যায়।

লঘু-সপ্তর্বি-মণ্ডল—উত্তর-আকাশে গ্রুব ও আরও ছয়টি চতুর্থ-শ্রেণীর নক্ষত্র সপ্তবির আকারে সজ্জিত হইয়া একটি নক্ষত্র-মণ্ডল সৃষ্টি করিয়াছে। ইহাকে লঘু-সপ্তর্বি-মণ্ডল বা শিশুমার (Ursa minor) বলা হয়। ভন্নকেয় আকৃতি করনা করিয়া ইংরাজেরা ইহাকে Little bear বলিয়া থাকেন 🔧 বাংলা দেশ হইতে ইহাকে বংগরের সকল সময়ই দেখিতে পাওয়া ধায়।

ক্যাসিওপিয়া—গ্রুব-তারার বে-দিকে সপ্তর্ষিমণ্ডল তাহার বিপরীত দিকে পাঁচটি তৃতীয়-শ্রেণীর নক্ষত্র ইংরাজী M বা W আকারে সজ্জিত হইরা একটি নক্ষত্র-মণ্ডল স্ফুট করিয়াছে। ইহার নাম ক্যাসিওপিয়া। শীতকালে সপ্তর্ষিমণ্ডল যথন দেখা যায় না, তথন উত্তর-আকাশে ইহাকে দেখা যায় এবং ইহারই সাহায্যে গ্রুব-নক্ষত্রকে সহজে চিনিতে পারা যায়।

পেগাসাস্—গ্রান্ডোমেডা—পারসিউস-মণ্ডল—এই তিনটি মণ্ডল:
ক্যাসিওপিয়ার উত্তর-পূর্বে অবস্থিত। (i) উপরে চারি কোণে চারিটি নক্ষত্র
মিলিয়া বুড়ির আকারে সজ্জিত পেগাসাস্ (l'egasus)। ইহার তিন কোণে
তিনটি উত্তল নক্ষত্র—(১) পূর্বভাজপদ (Markale), (২) উত্তরভাজপদ
(Alpheratiz) এবং (৩) গোপদ (Algenib)।

- (ii) পেগাদাদের এক কোণ হইতে তিনটি নক্ষত্র এক রেখায় থাকিয়া হে নক্ষত্র-মণ্ডলের স্থাষ্ট করে তাহাই **এ্যান্ড্রোমেডা** (Andromeda)। ইহাকে পেগাদাদের লেজের মত দেখায়।
- (iii) এই লেজের সর্বশেষ নক্ষত্রটির চারিদিকে কতকগুলি নক্ষত্র একত্র হইয়া যে নক্ষত্র-মণ্ডল গঠন করে—তাহাই পারসিউস (Perseus)। এই মণ্ডলের উজ্ল তারাটির নাম আল্গল (Algol) বা দৈত্য-তারা। ইহারই অনতিদ্রে সাতটি ছোট ছোট নক্ষত্র দারা গঠিত কৃত্তিকা বা সাতভাই (Pleiader) নক্ষত্র-মণ্ডল।

কাল-পুরুষ—ছোট-কেনিস—বড়-কেনিস মণ্ডল—বৈশাথের সন্ধ্যায় পশ্চিম-আকাশের এবং অগ্রহায়ণের শেষভাগ ও পৌষের প্রথম ভাগে পূর্ব আকাশের বিখ্যাত নক্ষত্রমণ্ডল কাল-পুরুষ (Orion)। বাণ-রাজা (Rigel) এবং জার্জা (Betelgeux) ইহার তুইটি প্রথম-শ্রেণীর নক্ষত্র। ইহার নক্ষত্রগুলিকে

কাননি বিধাষারা সংযুক্ত করিলে একটি মানুষের (ব্যাধের) মত দেখায়। ইহার হাতে ধনু, কোমরে কোমর-বন্ধ, কোমর-বন্ধ তলোয়ার ঝুলান, সংগে ছইটি কুকুর—(i) ছোট-কেনিস (ii) বড়-কেনিস এবং উহা ষেন বৃষকে (Taurus) মারিতে উন্থত হইয়াছে।

- (i) ছোট-কেনিস—কাল-পুরুষের পূর্বদিকে সরমা (Procyon) নামে একটি উজল তারা দেখিতে পাওয়া ষায়। উহা যে-নক্ষত্র-মণ্ডলের অন্তর্গত তাহার নাম ছোটকেনিস (Canis minor)।
- (ii) বড়-কেনিস—কাল-পুরুষের ডান পায়ের নিকট **লুব্ধক** (Sirine) নামে একটি উত্থল ভারা দেখা যায়। উহা সর্বপেক্ষা উত্থল ভারা এবং উহা বে নক্ষত্র-মণ্ডলের অন্তর্গত ভাহার নাম বড়-কেনিস (Canis major)।

বৃতিস্—সপ্তর্ষির দক্ষিণ-পশ্চিমে এবং কিঞ্চিৎ উপরে একটি প্রথম-শ্রেণীর লাল রঙের তারা দেখিতে পাওয়া যায়। ইহা স্বাভী (Arcturus)। ইহা ষেনকত্র-মণ্ডলের অন্তর্গত তাহার নাম বৃতিস্ (Bootes)। গ্রীম্মকালে ইহাকে পৃর্বাকাশে এবং শরতের প্রারম্ভে ইহাকে পশ্চিম-আকাশে দেখিতে পাওয়া যায়।

সিংহ-মণ্ডল—সপ্তর্ষির ক্রত্ ও পুলহকে যোগ করিয়া রেখাটি উপরদিকে বাড়াইয়া দিলে উচা কতকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র তারকা-শুচ্ছের মধ্যে আসিয়া পড়ে। ইহা লঘু-সিংহ-মণ্ডল (Leo minor)। রেখাটিকে আরও বাড়াইয়া দিলে উহা রাশি-চক্র-স্থিত যে বড়-নক্ষত্র-মণ্ডলের মধ্যে পৌছায় তাহাই সিংহ-মণ্ডল। কিংহের আরুতির সহিত ইহার অনেকটা সাদৃশ্য দেখিতে পাওয়া যার। ইহার পারের নিকট একটি প্রথম-শ্রেণীর ভার। থাকে ভাহার নাম মঘা (Regulus) এবং লেজেব দিকে একটি প্রথম-শ্রেণীর নক্ষত্র থাকে ভাহার নাম উত্তরকল্পনী (Denebola)।

Q. 4. What do you mean by 'Stars of first magnitude,? Name some of such stars and the constellations they belong to.

Ans. নক্তব্যকল পৃথিবী হইতে সমান দুরে নয় এবং সমান বাছরে নয়ও
নহে; এইজন্ত ইহাদিগকে সমান উদ্ধলন্ত দেখায় না। উজ্জলভার ভারতমা
নক্তরগুলিকে ১৪টি শ্রেণীতে ভাগ করা হইয়াছে। সর্বাপেক্ষা উজ্জল কুড়িটি
নক্ষর প্রথম-শ্রেণীর অন্তর্গত এবং উহাদিগকে প্রথম-শ্রেণীর নক্ষর (Stars of first magnitude) বলা হয়। নিয়ে কতকগুলি প্রথম-শ্রেণীর নক্ষত্র ও
ভাহাদের নক্ষত্র-মগুলের নাম দেওয়া হইল —

ৰক্ষতের নাম — লক্ষত্ৰ-মণ্ডলের নাম
বোহিণী (Aldebaran) — বৃষ (Taurus)
১ম পুনর্বন্ধ(Pollux)—মিপুন(Gemini)
মণা (Regulus) — সিংছ (Leonis)
উত্তরফল্পনী(Denebola)--সিংছ (Leonis)
চিত্রা (Spica) — ক্সা (Virgo)
ক্যোগ্রা (Antares) — বৃশ্চিক (Scorpio)
ক্যালহাউট (Fomal-

haut) — পিলিস্ (Pisces) আন্ফা সেণ্টরি—(Alpha Centauri) নক্ষত্তের নাম — নক্ষত্ত-মণ্ডণের নাম
আর্দ্রা(Betelgeaux)-কাল-প্রুম(Orion)
আর্ত্রা (Arcturus)—বৃটিস্ (Bootes)
প্রবণা (Altair)—একুইলি (Aquilae)
আন্তিজ্বং (Vega)— লাইরা (Lyroe)
লুক্ক (Sirius)— বৃহৎ কুকুর (Canismajor)
আগস্ত্য (Canopus)--আর্গাস (Argus)
সরমা (Procyon)--ক্ষুদ্র কুকুর (Canisminor)
বাণ রাজা (Rigel) —— কালপ্রুষ

(Orionis)

Q. 5. Write sh ort notes on—(a) Pole-star (b) Hadley's octant (c) Sirius and (d) Alpha Centauri.

Ans. (a) প্রব-ভারা (Pole star)—রাত্রিতে নির্মেব আকাশের দিকে চাহিয়া দেখিলে দেখিতে পাওয়া যায় বে উত্তর-আকাশে একটি দিত্রীয়-শ্রেণীর ভারোজন নক্ষত্রকে কেন্দ্র করিয়া অস্তান্ত নক্ষত্রগুলি পূর্ব হইতে পশ্চিমে বুরিতেছে এবং কেন্দ্র এই নক্ষত্রটি নিশ্চন অবস্থার রহিয়াছে। নিশ্চন বলিয়া এই নক্ষত্রটিকে প্রক্রক্ষত্র বা প্রক্রকারা বলা হর এবং উত্তর-মেক্র অভিনিকটে

অবস্থিত বিলিয়া ইংরাজীতে ইহাকে Polaris বা Pole-star বলা চইয়া থাকে।
ইহা লঘু সপ্তর্ষি-মণ্ডলের (Ursa minor) অন্তর্গত। সপ্তর্ষির পুলহ ও ক্রতুকে
একটি সরল-রেখার দ্বারা যোগ করিয়া উত্তর দিকে বাড়াইয়া দিলে উহা ধ্রব-নক্ষত্রের
নিকট দিয়া যায়। দিগ্দর্শন-যন্তের আবিক্ষারের পূর্বে সমুদ্য-বক্ষে ভাসমান দিগ্লান্ত
নাবিক ইহারই সাহায্যে দিগুনির্ণয় করিয়া আত্মরক্ষা করিত।

- (b) হাড্লির অক্ট্যাল্ট (Hadley's Octant)—দক্ষিণ মেক্তে ধ্ব-তারারই অনুরূপ একটি নক্ষত্র আছে উহাকেই হাউ্লির অক্ট্যাল্ট বল। হয়।
- (c) লুক্কক (Sirius)—ইহা বৃহৎ-কুকুর (Canis major ) নামক নক্ষত্র-মণ্ডণের অন্তর্গত প্রথম-শ্রেণীর নক্ষত্র বিশেষ। ইহা আকাশ-মণ্ডণের সর্বাপেকা। উজল নক্ষত্র।
- (d) আল্ফা-সেণ্টরি (Alpha Centauri)—ইহা ঐ-নামের নক্ষত্র-মওলের অন্তর্গত প্রথম-শ্রেণীর নক্ষত্র বিশেষ। স্থা ব্যক্তীত পৃথিবীর সর্বাপেক্ষা নিকট-বর্তী নক্ষত্র এই আল্ফা-সেণ্টরি (Alpha Centauri)।
- Q. 6. Write a short essay on "The sun", dwelling mainly on the following points:—sun—what it is—its shape and size—its distance from the earth—materials of the sun and the state in which they exist—the interior of the sun and the cause of its intense heat—Sun-spot—photo-sphere reversing layer—chromo-sphere—corona.
- Ans. (a) সূর্য একটি নক্ষত্র। পৃথিব্যাদি গ্রহ, চন্দ্রাদি উপগ্রহ এবং ধৃম-কেতু প্রভৃতি জোভিক ইহারই প্রচণ্ড আকর্ষণে, ইহাকে কেন্দ্র করিয়া ঘূরিয়া বেড়ায়। (b) ইহার মেরু-ব্যাস ( Polar diameter ) ও বিষ্ব-ব্যাস ( Equatorial diameter ) একই দৈর্ঘ্যের; স্কৃতরাং উহা বে সম্পূর্ণ গোলাকার সে বিষয়ে

কিছুমাত্র সন্দেহ নাই। স্থের আরতন পৃথিবীর আরজন .... ক্র্ন্তি ও লক্ষ্ণ মাইল দ্বে অবস্থিত। বড়। (c) ইহা পৃথিবী হইতে ৯ কোটি ৩০ লক্ষ্ণ মাইল দ্বে অবস্থিত।

- (d) সূর্যের উপাদান—পৃথিব্যাদি গ্রহ স্থ হইতেই উৎপন্ন; স্তবাং বে বে মৌলিক পদার্থ দারা পৃথিবী গঠিত স্থাও দেই সকল উপাদানেই গঠিত। তবে স্থেব অভ্যন্তরেব প্রচণ্ড উত্তাপে উপাদানগুলি কঠিন, তরল, বারবীয়—সকল প্রকার অবস্থা অতিক্রম করিয়া ভাঙা পরমাণ্র এক করনাভীত অবস্থায় পর্যবিদত। বর্ণালি-বিশ্লেষণ-পরীক্ষা দাবা স্থের উপাদান সম্বন্ধে বিজ্ঞানিগণ প্রভূত জ্ঞান অর্জন কবিয়াছেন।
- (e) সূর্য-তাপের হেডু—"হর্ষের উপরিতদে পরমাণু ভাঙনের কাল চলছে। এই উপরিতল পার হযে যদি ভিতরে পরীক্ষা করা সম্ভব হোড, তা হোলে দেখা ষেত্র পরমাণুগুলো সম্পূর্ণ গেছে ভেঙে। পদার্থেব সে-অবস্থার কোনো অভিজ্ঞতাই আমাদের নাই। বিজ্ঞানীবা বলেন পরমাণু ভাঙনের প্রক্রিয়া থেকে যে ভেন্ধ বেরোর সে অভি প্রচণ্ড। যে উত্তপ্ত জ্যোভিষ্কের মধ্যে পরমাণুর এই রকম রূপ বদলেব উত্তেজনা কেবলি চলছে সেখানে তাব আর ঠাণ্ডা হবার সময় থাকে না। তাই কোটি কোটি বছর ধবে এই প্রলয়ের ক্ষোভে হুর্যেব তাপ কমতে দিছে না।

-- विश्वनित्रिहत्र, त्रवीखनाव ।

(f) সূর্য-কলংক—হর্ষের ভিতর হইতে মাঝে মাঝে অগ্নাংপাত হয়। এই
সময় উহার অভ্যন্তর-ভাগ হইতে বান্সবাশি পেচও বেগে বাহির হয় এবং আলোকমণ্ডল ভেদ করিয়া উধ্বে উৎক্ষিপ্ত হয়। বাহিরে আসিবামাত্র উহাদের চাপ
কমিয়া যায় বলিয়া তাপ মাত্রাও ঢের কম হয় এবং আলোক-মণ্ডলের অস্তান্ত
অংশের তুলনায় উহাব ওজ্জল্য এত কম হয় যে দ্রবীক্ষণ যান্ত্র ঐ-গুলিকে কতকগুলি কাল দাগের মত দেখায়। এই কাল দাগগুলিই সূর্য কলংক (:Sunspot)। এই দাগগুলির ঘূর্ণন লক্ষ্য করিয়া বৈজ্ঞানিকগণ স্থির করিয়াছেন বে
পৃথিবীর স্থায় স্থাও মেক্র-দণ্ডের চারিদিকে ঘুরে এবং সম্পূর্ণরূপে একবার ঘুরিয়া
আসিতে উহার সাতাশ দিন মময় লাগে।

# (i) **जोटनांक-अक्षम**—शर्वत्र वाहित्त्रत्र

Photo-sphere) বলা হয়। সূৰ্য হ**ইতে আমনা যে আলোক প**ৰি, জীয়াৰ মাববণ হইতে নিংস্ত হয়।

- (ii) বিশোষণ-মগুল-জালোক-মগুলের বাহিরের জাবরণকে বিশোষণমগুল (Reversing-layer) বলা হইয়া থাকে। জালোক যখন ইহার ভিতর
  দিয়া বায় তখন এই স্থানের উত্তপ্ত বাষ্পরাশি উহার মধ্যস্থিত স্ব স্ব বর্ণালি শোষণ
  করিয়া লয়।
- (iii) বর্ণ-মণ্ডল-নিশোষণ-মণ্ডলের বাহিরের প্রদীপ্ত এবং রক্তবর্ণ আবরণ-টিকে বর্ণ-মণ্ডল (Chromo-sphere) বলা হয়।
- (iv) **ছটা-মণ্ডল**—বর্ণ-মণ্ডলকে ঘিরিয়া বহু-দূব-ব্যাপী এক শাদা মণ্ডল আছে তাহাকে **ছটা-মণ্ডল** (Corona) বলা হয়। পূর্ণ পূর্য-গ্রহণের সময় ব্যতীক্ত অক্ত-কোন সময় বর্ণ-মণ্ডল ও ছটা-মণ্ডল দেখিতে পাওয়া যায় না।
- Q. 7. (a) Describe the solar system; (b) state how earth and other planets came into existence; (c) give a brief account of all the planets of the solar system.
- Ans. (a) সৌর জগৎ হর্য একটি নক্ষত্র । হ্র্যকে কেন্দ্র করিয়া বাহারা পবিভ্রমণ করে ভাহারা প্রহু, এবং গ্রহকে কেন্দ্র করিয়া বাহারা পরিভ্রমণ করে ভাহারা উপগ্রহ। হর্য, গ্রহ, উপগ্রহ প্রহৃতি লইয়া যে জগৎ—ভাহাকেই আমরা সৌর জগৎ (Solar system) বলিয়া থাকি । গ্রহাণুপুঞ্জ বাদ দিলে সৌর-জগতে মাত্র নয়টি বড় বড় গ্রহ দেখিতে পাওয়া বায় । গ্রহগুলির মধ্যে কাহারও উপগ্রহ আছে, কাহারও উপগ্রহ নাই। বাহাদের আছে ভাহাদের কাহারও উপগ্রহ সংখ্যা এক এবং কাহারও বা একাধিক । প্রহ্যেক গ্রহেরই

ছাই রক্ষের গতি দেখিতে পাওয়া যায়—(১) আবত ন (Rotation)—এই গাতছারা উহারা আপন মেরু-দণ্ডের চারিদিকে ঘ্রিয়া থাকে; (২) পরিক্রেমণ
(Revolution)—এই গতি ছারা উহারা নিজ নিজ কক্ষপথে নির্দিষ্ট সময়ে স্থাকে
প্রদক্ষিণ করিয়া থাকে। সব গ্রহগুলির আয়তন সমান নয় এবং স্থা হইতে
উহারা সমান দ্রেও থাকে না। স্থের স্বাপেক্ষা নিকটবর্তী গ্রহ বুয়, তারপর
ভাকে, পৃথিবী, মংগল, গ্রহাণু-পুঞ্জ, বৃহস্পতি, শনি, ইউরেনাস,
ক্রেপচুন, এবং য়াটো ক্রমণঃ দ্র হইতে অধিকতর দুরবর্তী।

(b) প্রহোৎপত্তির ইতিহাস—"কেউ কেউ আন্দান্ত করেন বে প্রায় জুলো কোট-বছর আগে …একটা প্রকাশু নক্ষত্র এসে পড়েছিল ভখনকার যুগের স্থের কাছে। ঐ-নক্ষত্রের টানে স্থের মধ্যে প্রচণ্ডবেপে উথলে উঠ ল অগ্নিলাপের জোয়ারের ঢেউ। অবশেষে টানের চোটে কোন কোন ঢেউ বেড়ে উঠ তে ছিঁড়ে বেরিয়ে গেল। সেই বড়ো নক্ষত্র হয়ত এদের কভকগুলোকে আত্মনাং করে থাকবে, বাকি টুকরোগুলো স্থের প্রবল টানে ভখন থেকে মূর্তে লাগল স্থের চারিদিকে। এই ছোটো বড়ো জ্বলম্ভ বাষ্পের টুকরোগুলি থেকেই গ্রহদের উৎপত্তি; পৃথিবী তাদেরই মধ্যে একটি। এরা ক্রমশঃ আপন তেজ ছড়িয়ে দিয়ে ঠাগু৷ হয়ে গ্রহের আকার ধরেছে।"

--বিশ্বপরিচয়, রবীক্রনাথ

## (c) গ্রহগণের সংক্ষিপ্ত পরিচয়—

(i) বুধ — ইহা সর্বাপেক্ষা ছোট এবং স্থের সর্বাপেক্ষা নিকটবর্তী গ্রহ। ইহা স্থা হইতে ৩ কোটি ৫৯ লক্ষ মাইল দ্রে অবাইত। উপবৃত্তাকার পথে স্থিকে একবার পরিক্রমণ করিয়া আসিতে ইহার লাগে ৮৮ দিন; তাই উষা-তারকা বা সন্ধ্যা-তারকা রূপে উহাকে আমরা বংসরে ৮ বার মাত্র দেখিতে পাই। পরিক্রমণ কালে বৃধের একটা দিকই চিরকাল স্থের দিকে ফিরিয়া থাকে। চল্লের স্থায় ইহার কলার হাস-বৃদ্ধি হয়। ইহার উপগ্রহ নাই, বায়ু মণ্ডলও নাই।

- (ii) শুক্র—ইহা পৃথিবীর সর্বাপেকা নিকটে থাকে; এইজন্ম ইহাকে খুবাবেশী উজন দেখায়। ইহা সূর্য হইতে ৬ কোট ৭০ লক্ষ মাইল দূরে অবস্থিত। রুৱাকার পথে সূর্যকে একবার পরিক্রমণ করিয়া আসিতে ইহার লাগে প্রায় ২২৫ দিন। বৎসরে কয়েক সপ্তাহ সন্ধ্যা-ভারা রূপে এবং কয়েক সপ্তাহঃ প্রভাতী-ভারা বা শুক-ভারা রূপে ইহাকে দেখিতে পাওয়া যায়। চক্রের ন্তায় ইহার কলার হাস-বৃদ্ধি হয়। ইহাতে বায়ুমগুল আছে। বুধের ভার ইহারওং কোন উপগ্রহ নাই।
- (iii) পৃথিবী—ইহা স্থ হইতে ৯ কোটি ৩০ লক্ষ মাইল দ্রে অবস্থিত।
  ইহার আকার গোল, তবে উত্তর-দক্ষিণে কিঞিৎ চাপা। ইহার বিষ্ব-ব্যাস:
  ৭৯২৬ মাইল, মেরু-ব্যাস ৭৯০০ মাইল এবং পরিধি ২৫০০০ মাইল। আবতনগতি দ্বারা মেরু-দণ্ডের চারিদিকে একবার ঘ্রিতে ইহার লাগে ২০ ঘণ্টা ৫৬ মিনিট
  এবং পরিক্রমণ-গতি দ্বারা স্থকে একবার ঘ্রিয়া আসিতে ইহার লাগে ৩৬৫ দিন।
  পৃথিবীর একটি মাত্র উপগ্রহ—চক্তা।
- (iv) মংগল—ইহা সূর্য হইতে গড়ে ১৪ কোটি ১০ লক্ষ মাইল দ্রে অবস্থিত। ইহা উপবৃত্ত-পথে সূর্যকে ৬৮৭ দিনে একবার পরিক্রমণ করিয়া আসে। আবর্তন-গতি দারা মেরু-দণ্ডের চারিদিকে একবার ঘূরিয়া আসিতে ইহার লাগে ২৪ ঘণ্টা ৩৭ মিনিট। মংগলে বাতাসও আছে, জলও আছে—তাই, এ-গ্রহে প্রাণী থাক। অসম্ভব নয় বলিয়া অনেকে অমুমান করেন। ইহার ছইটি উপগ্রহ—ভীমস্থি ( Deemos ) ও কোবাস ( Phobas )।
- (v) বৃহস্পতি—আয়তনে গ্রহদিগের মধ্যে ইহা বৃহত্তম। সমস্ত গ্রহগুলি একক্র করিলেও ইহার সমান হয় না। ইহা সূর্য হইতে ৪৮ কোটি ২০ লক্ষ মাইল দ্রে অবস্থিত। মেরু-দণ্ডের চারিদিকে একবার আবর্তন করিতে ইহার লাগে ৯ ঘণ্টা। ৫৫ মিনিট। সূর্যকে একবার পরিক্রমণ করিতে ইহার লাগে প্রায় ১২ বংসর। বৃহস্পতির বায়ু-মণ্ডল আছে এবং উহাতে যে ঝড় উঠে তাহা পৃথিবীর ঝড় অপেকাঃ

আনেক প্রবল। ইহার হাওয়ায় এ্যামোনিয়া ও আলেয়া-গ্যাস মিপ্রিত থাকি। ইহার নয়টি উপগ্রহ।

- (vi) শনি—ইহা স্থ হইতে ৮৮ কোট ৪০ লক মাইল দ্রে অবস্থিত। মেরুদণ্ডের চারিদিকে একবার আবর্তন করিতে ইহার লাগে ১০ হণ্টা ১৪ মিনিট।
  স্থাকে একবার পরিক্রমণ করিতে ইহার লাগে প্রায় ২৯॥০ বংসর। ইহার আকার
  গোল এবং ভিনট জ্যোভিম্ম বলম ইহাকে বেষ্টন করিয়া থাকে। শনির দশটি
  উপগ্রহ; উহাদের মধ্যে টাইটান (Titan) স্বাপেকা বড়, মাইমস (Mimos)
  স্বাপেকা নিকটবর্তা এবং ফিব (Phoebe) স্বাপেকা দূরবর্তা।
- (vii) ইউরেনস—ইহা স্থ হইতে ১৭৮ কোটি মাইল দূরে অবস্থিত। মেরু-দণ্ডের চারিদিকে একবার আবর্তন করিতে ইহার লাগে ৯২ ঘণ্টা এবং স্থাকে একবার পরিক্রমণ করিতে ইহার লাগে প্রায় ৮৪ বংসর। ইহার চারিটি উপগ্রহ।
- (viii) নেপচুন—ইহা সূর্য হইতে প্রায় ২৭৯ কোটি মাইল দূরে অবস্থিত। কোন কোন পণ্ডিভের মতে, মেরু-দণ্ডের চারিদিকে একবার ঘুরিতে ইহার লাগে ৭ ঘণ্টা ৫৫ মিনিট। সূর্যকে একবার পরিক্রমণ করিতে ইহার লাগে প্রায় ১৬৫ বংসর। ইহার একটি মাত্র উপগ্রহ।
- (ix) **প্লুটো**—ইহা সর্বাপেক্ষা শীতল এবং সর্বাপেক্ষা দূরের গ্রহ। ইহা ক্র্য হাতে প্রায় ৩৯৬ কোট মাইল দূরে অবস্থিত। স্থাকে একবার পরিক্রমণ করিতে ইহার লাগে প্রায় ২৪৮ বংসর। ইহার সম্বন্ধে বিশেষ কিছুই জানিতে পারা যায় নাই।
  - Q. 8. Give a general description of the moon.
- Ans. চক্র—ইহা পৃথিবীর একটি উপগ্রহ। ইহা পৃথিবী হইতে প্রায় ২ লক্ষ ৪০ হাজার মাইল দূরে অবস্থিত। ইহার আয়তন পৃথিবীর আয়তন অপেকা অনেক কম। ইহার ব্যাস মাত্র ২০০০ মাইল। ইহার আবর্তন কাল ও পৃথিবীর চারিদিকে পরিক্রমণ কাল সমান। ২৭% দিনে চক্র পৃথিবীকে একবার

পারক্রমণ করে। আবার পৃথিবীর সংগে সংগে ইহা স্থ্কেও পরিক্রমণ করিয়া থাকে। ইহার একটা পিঠই চিরকাল স্থের দিকে থাকে। এই পিঠের উত্তাপ প্রায় কুটন্ত জলের সমান এবং বে-পিঠে স্থালোক পড়ে না ভাহার ভাপ-মাত্রা—(-২৪০°)ডিগ্রী সেটিগ্রেড(-240°c)এরও নিচে থাকে। চল্লের দিকে চাহিলে উহার গায়ে বে কালো কালো দাগ দেখা যায়,—ভাহা আয়েয়-গিরি এবং জল-শৃত্ত সমুদ্রের চিহ্ন। চন্দ্রলোকের ভিনটি বিখ্যাত আয়েয়-গিরি—টাইকো, (Tycho), কোপারনিকল (Copernicus) এবং কেলার (Kepler)। চল্লের ওলন পৃথিবীর ওলন অপেকা অনেক কম। উহার আকর্ষণে পৃথিবীতে জোয়ার-ভাটা দেখিতে পাওয়া যায়। পৃথিবী ও চল্লের পথের বাহিরে স্থা থাকে বলিয়া উহার কলার হ্রাস-বৃদ্ধি ঘটে। অত্যান্ত গ্রহ উপগ্রহের তায় চল্লেরও নিজের আলোক নাই। উহা স্থের আলোকে আলোকিত হয়। চল্ললোকে বাতাস নাই, ভাই উহাতে কোন শক্ত শুনা যায় না। ইহার উপর প্রচুর উল্পা-বৃষ্টি হয়। জল ও বাতাস না থাকায় চল্ললোক প্রাণীর বাস-যোগ্য নহে।

### Q. 9. Write short notes on:

(a) নক্ষত্র (b) ডিথি (c) অমাবস্থা (d) পূর্ণিমা (e) চাব্রু-মাস (f) চাব্রুবৎসর (g) নক্ষত্র-দিন (h) সৌর-দিন (i) সংক্রোস্তি (j) সৌর-মাস (k) সৌর-বৎসর (l) অধি-বৎসর and (m) মলমাস।

Ans. (a) নক্ষত্র—চক্রের ভ্রমণ পথ রাশি-চক্রের (Zodiac belt) অন্তর্গত এবং উহার পৃথিবী-পরিক্রমণ কাল প্রায় ২৭ দিন। এই ২৭ দিনের প্রত্যেক দিন চক্র এক একটি নক্ষত্রের নিকট অবস্থান করে। এই কন্স রাশি-চক্রকে সমান ২৭ ভাগে ভাগ করিয়া প্রত্যেক ভাগকে তদস্তর্গত নক্ষত্রের নাম অমুসারে এক একটি নক্ষত্রে বলা হয়। এইরূপে সমস্ত রাশিচক্র ২৭ টি নক্ষত্রে বিভক্ত। নক্ষত্রগুলির নাম—১। অশিনী ২। ভরণী ৩। ক্বন্তিকা ৪। রোহিণী ৫। মুগশিরা ও। আর্জি ৬। পুনর্বস্থ ৮। পুরা ১। অশ্লেষা ১০। মুর্থ কন্ত্রনী

- ১২। উত্তরকন্ত্রনী ১০। হস্তা ১৪। চিত্রা ১৫। স্বাভি: ১৬। বিশাসী ১৭। অনুরাধা ১৮। জ্যেষ্ঠা ১৯। সূলা ২০। পূর্বাবাঢ়া ২১। উত্তরাবাঢ়া ২২। প্রবিধা ২৩। ধনিষ্ঠা ২৪। শতভিষা ২৫। পূর্বভাজপদ ২৬। উত্তরভাজপদ ২৭। রেবভী।
- (b) ভিথি—সর্য ও চন্দ্রের মধ্যে প্রভ্যেক ১২° ডিগ্রী ব্যবধানকে এক এক ভিথি বলা হয়। এইরপে সর্য ও চন্দ্রের মধ্যে ৩৬০° ব্যবধান পর্যস্ত ত্রিশটি ভিথি পাওয়া যায়। ইহাদের প্রথম গনরটি লইয়া শুক্র-পক্ষ এবং অবশিষ্ট পনরটি লইয়া ক্রক্ষ-পক্ষ।
- (c) আমাবস্থা—রংশি-চক্রের মধ্যে স্থ বে-নক্ষত্রে থাকেন, চক্রও সেই নক্ষত্রে আসিয়া পৌছিলৈ আমাবস্থা হয়। এই দিন চক্রের অন্ধকার পিঠটি পৃথিবীর দিকে থাকে এবং উহাকে দেখা যায় না। অমাবস্থায় স্থ্ ও চক্রের মধ্যে ব্যবধান ভিগ্রী।
- (d) পূর্ণিমা—স্থ যে-রাশিতে আছে তাহার ঠিক বিপরীত (৭ম) রাশিকে এবং স্থ হইতে ১৮০ ডিগ্রী ব্যবধানে চক্র থাকিলে পূর্ণিমা হয়। ইহাতে চক্রের আলোকিত অর্ধাংশ দেখিতে পাওয়া যায়।
- (e) চাজ্র-মাস –ইহা হই প্রকার—>। পূর্ণিমা হইতে পূর্ণিমা পর্যস্ত পূর্ণিমাত চাজ্র-মাস; এবং অমাবস্যা হইতে অমাবস্যা পর্যস্ত অমাত চাজ্র-মাস। ইহার পরিমাণ ২৯২ দিন। সমস্ত রাশি-চক্র ঘুরিয়া আসিতে চল্লের ২৭২ দিন লাগিলেও স্থের আপাত-গতির জন্ম ইহা ২৭২ দিন অপেক্ষা প্রায় ২৪ দিন বেশী।
- (f) চান্দ্র-বৎসর--- বারটি চান্দ্র-মাসে যে বৎসর হয় তাহাই চান্দ্র-বৎসর । ইহার দিন সংখ্যা ২৯-২ × ১২ অর্থাৎ ৩৫৪। ইহা সৌর-বৎসর অপেক্ষ; ১১।১২ দিন কম।
  - (৪) নাক্ত্র-দিন—আপন মের-দণ্ডের চারিদিকে একবার মুরিয়া আসিতে

পৃথিবীর বিষ সময় লাগে ভাহাই নাক্ষত্র-দিন। ইহার পরিমাণ ২৩ ঘন্ট ৫৬ মিনিট।

- (h) সৌর-দিন —একদিন ঠিক মাধার উপর আসিবার সময় হইতে পরদিন স্থের ঠিক ঐথানে আসিবার সময় পর্যন্ত একটি সৌর-দিন। ইহার পরিমাণ ২৪ ঘণ্টা। সূর্যের আপাত-গতির জন্ত ইহা নাক্ষত্র-দিন (Sidercal day) অপেকা ও মিনিট বেশী।
- (i) **সংক্রোন্তি—স্**র্যের এক রাশি ছাড়িয়া অন্ত রাশিতে প্রবেশ করার সময়-কেই **সংক্রোন্তি** বলা হয়।
- (j) সৌর-মাস—এক সংক্রান্তি হইতে ঠিক পরবর্তী সংক্রান্তি পর্যন্ত মাসকেই হিন্দুরা সৌর-মাস বলিয়া থাকেন।
- (k) সৌর-বৎসর—বারট সৌর-মাসে বা ০৬৫ দিন ৫ ঘণ্টা ৪৮ মিনিট ৪৫ দেকেতে এক সৌর-বৎসর হয়। চাক্র-বংসর অপেকা ইহা প্রায় ১১।১২ দিন বেশী।
- (I) ভাষি-বৎসর—সোর-বৎসরের পরিমাণ ৩৬৫ দিন ৫ ঘণ্টা ৪৮ মিনিট ৪৫ সেকেণ্ড। কিন্তু স্থবিধার জন্ত উহাকে পর পর তিন বৎসর ৩৬৫ দিন হিসাবে খরিয়া প্রতি ৪র্থ বৎসরে ১ দিন বাড়াইয়া ৩৬৬ দিন হিসাবে বৎসর গণনা করা হয়। এইরূপে ৩৬৬ দিন পরিমিত ২ৎসরকেই ভাষি-বৎসর বলা হয়।

দ্রষ্টবা — প্রতি চতুর্থ বংসর ১ দিন বাড়াইয়া দিবার ফলে ৪০০ বংসরে তিন-দিন বেশী হইয়া যায়। এই জন্ত শতান্দী-বংসর গুলির সকলেই অধি-বংসর হয় না। ৪০০ দিয়া বিভাজ্য শতান্দী-বংসরগুলিকেই অধি-বর্ষ হিসাবে ধরা হয়।

(m) মল-মাস--সৌর-বংসর ও চাক্স-বংসরের মধ্যে ১২।২ দিনের পার্থক্য। হিন্দুর পূজা-পার্বণ এবং মুসলমানদের মহরমাদি পর্ব চাক্স-মাস ও চাক্স-বংসর অমুসারেই হইয়া থাকে। এইজন্ম উহাদের তারিখ বংসর বংসর ১১।১২ দিন করিয়া
আগাইয়া চলে। মুসলমানদের পর্বের তারিখ এইরপে আগাইতে আগাইতে

উহা হইতে চক্র প্রায় ১২° ডিগ্রী আগাইয়া থাকে। স্বতরাং উভয়ের অশিক্ষক-গতিতে পৃথিবী আরপ্ত প্রায় ১২° ডিগ্রী আগাইয়া গেলে তবে পূর্ব-ক্ষিতিকে চক্রকে পাওয়া যায়। এই ১২° ডিগ্রী আবেত ন করিতে পৃথিবীর প্রায় ৪৮ মিনিট সময় লাগে। তাই অমাবস্যার পরদিন স্থাগিদয়ের প্রায় ৪৮ মিনিট পরে চক্র পূর্ব-ক্ষিতিকে অদৃশ্র ভাবে উদিত হয় এবং স্থাস্তের ৪৮ মিনিট পরে পশ্চম-ক্ষিতিকের নিচে অস্তমিত হয়। এই দিন স্থাস্তের পর মাত্র ৪৮ মিনিট কাল আমরা চক্রকে দেখিতে পাই। এইরপে গুরু-পক্ষে চক্রকে আমরা প্রতিদিন পূর্ব পূর্ব দিন অপেকা প্রায় ৪৮ মিনিট বেশীঃসময়ের জন্য দেখিতে পাই।

Q. 12. What are the reasons that lead to the change of seasons on earth?

# Ans. ঋতু-পরিবর্তনের কারণ—

- ১। পৃথিবী-বক্ষে স্থ-রিশা সর্বত্র সমান ভাবে পতিত হয় না। ইহা কোথাও লম্ব-ভাবে এবং কোথাও বা তির্যক্ভাবে পতিত হয়।
- (i) অধিক বায়-শুর ভেদ করিয়া আসিতে হয় বলিয়া তির্যক্-রশ্মি, লম্বভাবে-পতিত স্থ-রশ্মি অপেক্ষা কম উত্তপ্ত। এইজন্ত যে-সকল স্থানে স্থ-রশ্মি লম্ব-ভাবে পতিত হয় সেই সকল স্থান, যে-সকল স্থানে স্থ-রশ্মি তির্যক্ ভাবে পতিত হয়।
- (ii) স্থ-রিশা লম্ব-ভাবে পড়িলে যতগুলি রিশা এক জায়গায় পড়ে, তির্বক্-ভাবে পড়িলে ততগুলি উহার উপর পড়ে না। তাই যে-সকল স্থানে স্থ-রিশা তির্বক্-ভাবে পড়ে তাহাদের তাপ-মাত্রাও অপেকারত কম হয়।
- ২। বার্ষিক-গতি দ্বারা সূর্যকে পরিক্রমণ করিবার সময় পৃথিবীর অক্ষ সকল সময়ই উহার কক্ষ-তলের সহিত ৬৬২ ডিগ্রী কোণ করিয়া হেলিয়া থাকে এবং উহার উত্তর-মেরু সকল সময়েই গ্রুবনক্ষত্রাভিমুখী থাকে। ফলে—
  - .(i) পৃথিবী-পৃষ্ঠে দিন-রাত্রি সময়-বিশেষে কোথাও ছোট এবং কোথাও বড় হয়।

## ,ज्याजिविंगा

(ii) ● বিন বড় ও রাত্রি ছোট হইলে, দিনে গৃহীত উত্তাপের স্বটা রাত্রিতে বিকীর্ণ হইবার সময় পায় না; তাই প্রতিদিনই কিছু কিছু তাপ সঞ্চিত হইতে থাকে এবং ক্রমশই স্থানটি উষ্ণ হইতে উষ্ণতর হইয়া উঠে। আবার দিন ছোট এবং রাত্রি বড় গইলে দিনে গৃহীত তাপ রাত্রিতে সম্পূর্ণরূপে বিকীর্ণ হয় এবং ফলে পৃথিবী-পৃষ্ঠ শীতল হইয়া যায়।

উল্লিখিত কয়েকটি কারণে পৃথিবী-পৃষ্ঠের উপর ভিন্ন ভিন্ন সময়ে তাপ ও শৈত্যের ভারতম্য ঘটে এবং ফলে ঋতু-পরিবর্তন সংঘটিত হয়। স্র্য-পরিক্রমণকালে কক্ষ-পথের চারিটি বিশিষ্ট স্থানে অবস্থানকালে পৃথিবীর অবস্থা পর্যালোচনা করিলেই ঋতু-পরিবর্তন ব্যাপারটি ভালভাবেই বুঝিতে পারা যাইবে—

১। ২১শে জুনের অবস্থান,—এই সময় হর্য কর্কট-ক্রান্থিতে অবস্থান করে।
উত্তর গোলার্গ—হর্যের নিকটে আসিয়া পণ্ডে। উত্তরের স্থানগুলি অধিক-ক্ষণ
হর্যালোক পায় এবং হর্য-রিমি উহার উপর অনেকটা সোজাম্বজিভাবে পড়ে
বলিয়া তাপও অপেক্ষাক্বত বেশী পায়। এই সময় এই সকল স্থানে দিন বড়,
রাত্রি ছোট। বিশ্ব-প্রদেশ হইতে ষতই উত্তরে যাওয়া যায়, দিন ভত বাড়ে
এবং রাত্রি ভত ছোট হয়। উত্তর হিম-মগুলের অনেক স্থানে নিশীধ-হর্য
(Midnight sun) দেখিতে পাওয়া যায়। হ্রমেক ও তৎসন্নিহিত স্থানে
ছয়মাস-ব্যাপী দিন। উত্তর গোলার্গে এই সময় গ্রীয়কাল।

দক্ষিণ গোলার্থ এই সময় সূর্য হইতে দূরে সরিয়া বায়। দক্ষিণের স্থানগুলি অধিক-ক্ষণ সূর্যালোক পায় না এবং সূর্য-রশ্মি উহার উপর তির্যক্ষাবে পড়ে বলিয়া তাপও অপেক্ষাকৃত কম পায়। এই সময় এই সকল স্থানে দিন ছোট এবং রাত্রি বড় হয়। বিষুব-প্রদেশ হইতে যতই দক্ষিণে যাওয়া যায়, দিন ততই ছোট এবং রাত্রি ততই বড় হয়। কুমেক ও তৎসন্নিভিত স্থানে ছয়মাস-ব্যাপী রাত্রি। দক্ষিণ গোলার্থে এই সময় শীত কাল।

২। ২২শে ডিসেম্বরের অবস্থান—এই সময় স্থা মকর-ক্রাস্তিতে অবস্থান করে। উত্তর গোলার্ধ—সূর্ব হইতে দূরে সরিয়া যায়। উত্তরের স্থানগুলি ভাবিক-ক্ষণ স্থালোক পায় না এবং স্থ-রশ্মি উহার উপর তির্যক্তাবে পূর্ড বলিরঃ তাপও অপেক্ষারুত কম পায়। এই সময় এই সকল স্থানে দিন ছোট এবং রাত্রি বড়। বিষুব প্রদেশ হইতে যতই উত্তরে যাওয়া যায় দিন তত ছোট এবং রাত্রি ততই বড় হয়। স্থমেরু ও তৎসন্নিহিত স্থানে ছয়মাস-ব্যাপী রাত্রি। উত্তর গোলার্থে এই সময় শীতকাল।

দক্ষিণ গোলার্থ এই সময় সূর্যের নিকটে আসিয়া পড়ে। দক্ষিণের স্থানগুলি অধিক-ক্ষণ সূর্যালোক পায় এবং সূর্য-রশ্মি উহাদের উপর অনেকটা সোজাস্প্রজ্ঞিত পড়ে বলিয়া ভাপও অপেক্ষাক্ষত বেশী পায়। এই সময় এই সকল স্থানে দিন বড় এবং রাত্রি ছোট হয়। বিষুব-প্রদেশ হইতে ষভই দক্ষিণে যাওয়া যায়, দিন ততই বড় এবং রাত্রি ভতই ছোট হয়। কুমেক ও তৎসন্নিহিত স্থানে এই সময় ছয়মাস-ব্যাপী দিন। দক্ষিণ গোলাধে এই সময় গ্রীম্মকাল।

০। ২১শে মার্চের অবস্থান । এই ছই দিন সূর্য বিষ্ব-রেথার উপর 
অবস্থান করে। স্থমেরু বা কুমেরু কোনটিই সূর্যের দিকে হেলিয়া থাকে না।
উত্তর গোলার্ধের এবং দক্ষিণ গোলার্ধের সকল স্থানই সমান আলোক পায়। এই
সময় দিন রাত্রি সমান এবং পৃথিবীর সর্বত্র এইরূপ। পৃথিবীর সর্বত্রই শীভ ও
গ্রীম্মের মাঝামাঝি অবস্থা—শরৎ বা বসস্ত। উত্তর গোলার্ধে ২৩শে সেপ্টেম্বর
শরৎ এবং ২১শে মার্চ বসস্ত। দক্ষিণ গোলার্ধে ইহার বিপরীত অর্থাৎ ২১শে
মার্চ শরৎ এবং ২৩শে সেপ্টেম্বর বসস্ত।

এইরপে দেখিতে পাওয়া ষার—(>) বিষুব প্রদেশে শীত ও গ্রীয়ে উফতার বৈষম্য নাই। গ্রীয়মগুলে এই বৈষম্য কম, কিন্তু ষতই উত্তরে বা দক্ষিণে যাওয়া ষার এই উফতার বৈষম্য ততেই বৃদ্ধি পার। (২) পৃথিবীর মেরুদণ্ড হেলিয়া না থাকিলে দিন রাত্রি সমান হইত, ঋতু-পরিবর্তন হইত না এবং বিষুব-প্রদেশে ও মেরু-মগুলের মধ্যে জলবায়ুর পরিবর্তন এবং বৈষম্যও এত বেশী হইত না।

Q. 13. Explain how lunar ecupse takes place.
Ans. চক্ৰ-প্ৰহণ—(>) সূৰ্য পৃথিৱী অপেকা অনেক বড়, (২) আলোক

(Lunar-eclipse)
সরলরেখা-ক্রমে চলে এবং (৩) পৃথিবী অসম্ভ পদার্থ—
এই কয়েকটি কারণে, পৃথিবীর যে দিকে স্থা তাহার
বিপরীত দিকে পৃথিবীর প্রাক্তারা (Umbra) ও উপাক্তারার (Penumbra)
স্কৃত্তি হয়। পৃথিবীকে পরিক্রমণ করিতে করিতে চক্র যখন এই প্রচ্ছায়ার ভিতর
আসিয়া পড়ে—ভখন চক্রকে দেখিতে পাওয়া যায় না এবং চক্র-গ্রহণ হইয়াছে
বলা হয়। পূর্ণিমায় পৃথিবী, চক্র ও স্থের মধ্যবর্তী স্থানে অবস্থান করে বলিয়া
পূর্ণিমাতেই চক্র-গ্রহণ হইয়া থাকে।

চক্ত ও পৃথিবীর কক্ষতল পরস্পরের সহিত ৫° ডিগ্রী কোণ করিয়া অবস্থিত। এইজন্ত প্রতি পূর্ণিমাতেই চক্ত-গ্রহণ হয় না। যে পূর্ণিমায় হর্য, পৃথিবী ও চক্ত এক সরল রেখায় থাকে অর্থাৎ একই সমতলে অবস্থিত হয়—-সেই পূর্ণিমাতেই চক্ত-গ্রহণ হয়।

চন্দ্র-গ্রহণ ছই প্রকার,—(১) পূর্ণ-গ্রহণ (Total eclipse)—ইহাতে চন্দ্র সম্পূর্ণরূপে পৃথিবীর প্রচ্ছায়া-শঙ্কুর মধ্যে প্রবেশ করে এবং উহাকে একবারেই দেখা বায় না।

(২) জাংশিক গ্রহণ (Partial eclipse)—ইহাতে চল্লের কিয়দংশ-যাত্র প্রচ্ছায়ার যথ্যে প্রবেশ করিয়া অদৃশু হয়।

জাষ্টব্য—চন্দ্র ও পৃথিবীর কক্ষপথ বে ছইটি বিন্দৃতে পরস্পর ছেদ করে, ভাষাদের একটিকে রাছ (Dragon's head) এবং অপরটিকে কেন্ডু (Dragon's tail) বলা হয়। চন্দ্র ও সর্যের কেন্দ্রকে এক সরল রেখা ঘারা বোস করিলে, উহা যদি রাছ বা কেত্র উপর দিয়া যায়, ভবে পূর্ণ চন্দ্র-গ্রহণ হয়। এবং যদি নিকট দিয়া যায়, ভবে আংশিক চন্দ্র-গ্রহণ হয়।

Q. 14. Explain how solar eclipse takes place.

Ans. সূর্য-গ্রহণ—(১) স্থ্, চন্দ্র অপেক্ষা ফনেক বড় (২) আলোক সরলরেথা-ক্রমে চলে এবং (৩) চন্দ্র অস্কৃচ্ছ পদার্থ—এই
(Solar eclipse) করেকটি কারণে চন্দ্রের যে দিকে স্থ্য থাকে, ভাহার
বিপরীত দিকে চন্দ্রের প্রেচ্ছারা (Umbra) ও উপচ্ছা রার (Penumbra)
স্থাই হয়। চন্দ্রের এই ছায়া পৃথিবীর ষে স্থানে পড়ে, সেই স্থান হইতে স্থাকে
দেখিতে পাওয়া যায় না এবং স্থ্ গ্রহণ হইয়াছে বলা হয়। অমাবস্থায় চন্দ্র পৃথিবী ও স্থের মধ্যবর্জী স্থানে অবস্থান করে বলিয়া অমাবস্থাতেই স্থ-গ্রহণ
হইয়া থাকে।

চক্র ও পৃথিবীর কক্ষতন পরস্পারের সহিত ৫° ডিগ্রী কোণ করিয়া অবস্থিত এই জন্ম প্রতি অমাবস্থাতেই সূর্য-গ্রহণ হয় না। যে অমাবস্থায় সূর্য, চক্র ও পৃথিবী এক সরল রেখার থাকে অর্থাৎ একই সমতলে অবস্থিত হয়—সেই অমাবস্থাতেই সূর্য-গ্রহণ হইয়া থাকে।

স্থ-গ্রহণ তিন প্রকার—(১) পূর্ণ-গ্রহণ (Total eclipse)—ইহাতে স্থকে একেবারেই দেখিতে পাওয়া ষার না। পৃথিবীর বে-হানে চক্রের প্রচ্ছারা পতিত হয় সেই স্থানেই পূর্ণ স্থ-গ্রহণ দেখা ষায়। (২) আংশিক-গ্রহণ (Partial eclipse)—ইহাতে স্থের কিয়দংশ মাত্র দেখিতে পাওয়া য়ায় না। পৃথিবীর বে-হানে চক্রের উপচ্ছায়া পতিত হয়, সেই স্থানেই আংশিক স্থ-গ্রহণ দেখা য়ায়। (৩) বলয়-গ্রহণ (Annular eclipse)—ইহা একটি বিশিপ্ত ধরণের আংশিক স্থ-গ্রহণ। সময় সময় পৃথিবী ও চক্রের মধ্যবর্তী দ্রম্ব বাড়িয়া য়ায়। এই সময় পূর্ণ স্থ-গ্রহণের অফকুল সকল অবস্থার মধ্যেও চক্রের প্রচ্ছায়া পৃথিবী পর্যত গোছিতে পারে না বলিয়া পূর্ণ স্থ্ গ্রহণ হয় না। এই সময় স্থবিশ্ব-মধ্যবর্তী গোলাকার কিয়দংশ দেখিতে পাওয়া য়ায় না এবং বলয় গ্রহণ হইয়াছে বলা হয়।

জ্ঞ ষ্টব্য – চক্রের প্রচ্ছায়ার বিস্তৃতি কম বলিয়া পৃথিবী-পৃষ্ঠের কিয়দংশ মাত্র পূর্ণ স্থ-গ্রহণ দেখিতে পায়।

# ভ-বিদ্যা

Q. 1. Narrate in brief the origin and early history of the earth.

Ans. বিজ্ঞানিগণ অনুমান করেন যে—বহুকোটি বংসর পূর্বে এক প্রকাণ্ড নক্ষত্র তথনকার যুগের সূর্যের নিকট দিয়া চলিয়া যায়। তাহারই প্রবল আকর্ষণে স্থারে দেহ হইতে থানিকটা জলস্ত-গ্যাস বিচ্ছিন্ন হইয়া ছিট্কাইয়া পড়ে। বড় নক্ষত্রটি তাড়াতাড়ি চলিয়া যাওয়ায় ঐ বিচ্ছিন্ন অংশ, নক্ষত্রটির দিকে বেশী দ্র যাইতে পারে নাই। উগা্ সূর্যের আকর্ষণে ফিরিয়া আমে এবং কভকগুলি ছোট বড টুক্রায় বিভক্ত হইয়া স্থেরেই চারিদিকে ভ্রমণ করিতে থাকে। এই টুক্রাগুলিই এক একটি গ্রহ এবং পৃথিবী উহাদের অন্ততম। জিন্দ প্রভৃতি বিজ্ঞানিগণের মতে ইহাই পৃথিবীর জন্মকথা।

প্রথম অবস্থায় পৃথিবা স্থের স্থায় একটি জ্লান্ত গ্যাস-পিণ্ড ছিল। ক্রমশঃ
শীতল হইয়া ঘনীভূত হইতে হইতে উহার কিয়দংশ তরল অবস্থায় পরিণত হয়।
পরে আরও শীতল হওয়ার সংগে সংগে এই তরল-পিণ্ডের উপরিভাগে একটি
কঠিন আবরণের স্পষ্ট হয়। এই আবরণই ভূত্বক্। এই ভূত্বক্ প্রথমে বেশ
নরম ছিল। নরম অবস্থায় আবর্তিত এবং ক্রমশঃ শীতল হইয়া সংকৃচিত হওয়ার
ফলে উহার কোন অংশ নিচু হইয়া বায় এবং কোন অংশ উচু হইয়া উঠে।
শীতল হইতে হইতে নরম ভূত্বক্ ক্রমশঃ কঠিন হইয়া উঠিল। জ্লান্ত-গ্যাস অবস্থায়
পৃথিবীর বে-অংশ তরল হয় নাই তাহ। পৃথিবীর চারিদিকে বায়্-মণ্ডল স্পষ্টি
করিল এবং এই বায়্-মণ্ডলন্থিত জ্লীয়-বাশ্প ক্রমশঃ শীতল হইয়া জ্লের আকার
ধারণ করিল। বায়্-মণ্ডল হইতে ঘোর বারি-বর্ষণের ফলে ভূত্বকের গহ্বরসমূহ
জলে পূর্ণ হইয়া গেল। দেশ, মহাদেশ, সাগর, মহাসাগর প্রভৃতি দারা পরিপূর্ণা
জননী বস্ত্বক্রার ইহাই আন্ত-কথা।

Q. 2. Describe the probable condition of the interior of the earth and give the composition of the earth's crust.

Ans. তাপ বিকিরণ করিয়া পৃথিবা শীতল হইতে থাকিলে, উহার অবস্ত-বাস্পের কিয়দংশ ভরল হইয়া যায় এবং ঐ ভরল-পিণ্ডের উপরিভাগ ক্রমশঃ ক্ষমিয়া কঠিন হয়। যুগ যুগ ধরিয়া শীতল হইতে থাকিলেও পৃথিবী আক্সও সম্পূর্ণরূপে শীত্র হইয়া জ্মাট বাঁধিতে পারে নাই। পৃথিবীর অভ্যস্তরম্ব অভ্যুক ভরল-পদার্থসমূহ আগ্নেয়-গিরির অগ্ন্যুৎপাতের সময় ভীষণভাবে আত্মপ্রকাশ করে। পুণিবীর কেন্দ্রে ভাপ ও চাপ উভ্যই প্রচণ্ড। ঐ-স্থানে যে-পদার্থসমূহ বর্ডমান, তাহারা জল অপেক। ১০।১২ গুণ ভারী। বিজ্ঞানিগণ অনুমান করেন ষে, পৃথিবীর কেন্দ্র হইতে বায়ু-মণ্ডল পর্যন্ত ক্রমশঃ ল্যু-পদার্থসমূহ স্তারে স্তারে সজ্জিত রহিয়াছে। পৃথিবীর কেন্দ্র হইতে প্রায় ২২০০ মাইল পর্যন্ত বিস্তৃত স্থানকে কেন্দ্র-মণ্ডল (Centro-sphere ) বলা হয়। উহা উত্তপ্ত ও গলিত লৌহ এবং নিকেল দারা পরিপূর্ণ। ইহার উপরে প্রায় ১০৫০ মাইল ব্যাপী স্থানকে **ওক্ষওল** (Bary-sphere) বলা হয়। ইহা অক্সাইড এবং সালফাইড ষারা পরিপূর্ণ। গুরু-মণ্ডলের উপর প্রায় ৭৫০ মাইল ব্যাপী প্রস্তর-মণ্ডল ( Litho-sphere )। ইহারই মধ্যে ভূ-পৃষ্ঠ হইতে প্রায় ৪০ মাইল নিচু পর্যস্ত ভুত্বক্ ( Earth's crust )। ভূত্তকের নিচে প্রস্তর-মণ্ডলের যে-অংশ থাকে, ভাহা বাাসভট ( Basalt ) এবং ভদপেকা গুরু শিলাসমূহ দারা নির্মিত।

ব্যাসন্ট নামক এক প্রকার গুরু আগ্নের-শিলা এবং গ্র্যানাইট (Granite)
নামক এক প্রকার লগু আগ্নের-শিলাই ভূত্বকের প্রধান উপাদান। ভূত্বকের
ভিনটি স্তর—(১) উপরে মাটির স্তর, (২) মধ্যে গ্র্যানাইটের স্তর এবং (৩) নিচে
ব্যাসন্টের স্তর। গ্র্যানাইট এবং ব্যাসন্ট ছাড়া—পালল-শিলা, রূপান্তরি ভ-শিলা
প্রভৃতি জ্ঞান্ত নানাপ্রকার শিলা ভূত্বকের ভির ভির স্থানে পাও ক্লাম্বার।

Q. 3. What are the different types of rocks and how are they formed?

Ans বিজ্ঞানিগণ সভাবোংপর খনিজ-দ্রব্যের সমষ্টিমাত্রকেই শিলা (Rock)
নাম দিয়া থাকেন। কাঁকর, বালি, পাথর প্রভৃতি সকলই শিলা। শিলা
প্রধানত: তিন প্রকার,——(১) আগ্নেয়-শিলা (Igneous rock) (২)
পালল-শিলা (Sedimentary rock) (৩) রূপান্তরিত-শিলা (Metamorphic rock)। নিমে এই তিন প্রকার শিলার সংক্রিপ্ত বিবরণ দেওয়া
ভইল—

- (১) আথেয়-শিলা—পৃথিবীর আগেয় তরল পদার্থসমূহ শীতল হইয়া জমাট বাধিবার ফলে যে-শিলা উৎপন্ন হয় —তাহাই আগ্নেয়-শিলা। ভিন্ন ভিন্ন বকমের আগ্নেয়-শিলা দেখিতে পাওয়া যায়। গ্র্যানাইট ও ব্যাসন্ট উহাদের মধ্যে প্রধান। গ্র্যানাইট ও ব্যাসন্ট —উভয়েই অভিশন্ন কঠিন; তবে ব্যাসন্ট অপেকা গ্রানাইট অপেকাক্ষত লবু এবং উহার ভিতর ফেল্স্পার (Pelsper), কোরার্জ (Quartz), এবং অজ্র (Mica) ওতপ্রোতভাবে বর্তমান পাকে। আগ্রেয়-গিরির অগ্নাৎপাতের ফলে নির্গত লাভা (Lava) জনিলে ব্যাসন্ট (Basalt) নামক আগ্রেয়-শিলার স্টি হয়।
- (২) পালল-লিলা—জলমোত, বায়প্রবাহ এবং তাপের তারতম্য প্রভৃতি কারণে, আগ্নেয়-শিলা চূর্ণবিচূর্ণ হইয়া বায় এবং ক্লম্রোতে বাহিত হইয়া স্থান-বিশেষে স্তরে স্তরে ক্ষমিতে পাকে। কালক্রমে ইহারা ক্ষমিয়া পালল বা স্তরীভূত শিলার পরিণত হয়। আমাদের নিতা-বাবহার্য শিল, নোড়া এবং বেলে পাথর প্রভৃতি এইরপ শিলার উলাহরণ। বালুকা-শিলা, শেল (Shale), কল্পামারেট (Conglomerate) প্রভৃতি পালল-শিলা যপাক্রমে বালি, কালা ও স্থৃতি জ্মিয়া উৎপর হয়।

- (৩) রূপান্তরিত-শিলা—ভূমিকম্প ও আগ্নেয়-গিরির অগ্নাৎপীতের সময় তাপ, চাপ ও নানাবিধ রাসায়নিক কারণে, আগ্নেয়-শিলা ও পালল-শিলা পরিবর্তিত চইয়া সম্পূর্ণ নৃতনরূপ ধারণ করে। চ্ণা-শিলা (Lime stone) মার্বেলে, শেল (Shale) রেটে (Slate) এবং গ্র্যানাইট রূপান্তরিত হইয়া নাইসে, (Gneiss) পরিণত হয়।
- Q 4. Describe the formation and distribution of volcanoes upon the surface of the earth.

Ans. আকর্ষণ বা চাপ বেশী হওয়ার জন্য ভূত্বকের কোন অংশ ত্রল হয়। পড়িলে ছিদ্র ও ফাটল উৎপন্ন হয়। এই সময় উপরের চাপ কমিয়া যাওয়ায় পৃথিবীর অভাস্তরস্থ উত্তপ্ত পদার্থসমূহ পলিয়া যায় এবং উষ্ণ বাম্পের লাহায্যে ভস্ম, ধূলি, গলিত ধাতৃ প্রভৃতি ঐ ফাটল দিয়া সবেগে উৎক্রিপ্ত হইতে থাকে। ইহাকে অয়ৢৢৢৢৢহ্পাত বলা হয়। যে মুথ বা ফাটল দিয়া অয়ৢৢৢৢাৎপাত হয়, তাহাকে জালামুখ বা Crater বলে। এই উৎক্রিপ্ত পদার্থগুলি য়ৢয় য়ৢয় ধরিয়া সঞ্চিত হইতে কালক্রমে শংকুর ন্যায় আক্রতিবিশিষ্ট পর্বতে পরিণত হয়। এই জাতীয় পর্বতকে আয়েয়-গিরি (Volcano) বলে।

কঙকগুলি আগ্নেয়-গিরি হইতে এখনও মধ্যে মধ্যে অগ্নুংপাত হয়;— এইগুলি সক্রিয় বা জীবস্ত (Active)। কতকগুলি কিছুদিন নিজ্রিয় থাকিয়; পরে আবার সক্রিয় হয়;—ইহারা নিজিয় বা ঘুমন্ত (Dormant)। আবার কতকগুলিতে বহুকাল যাবং অগ্নুংপাত হয় নাই;—ইহারা নির্বাপিত (Extinct)।

প্রশাস্ত মহাসাগরের চতুদিকে, নিউজিল্যাও, পূর্বভারতীয় দ্বীপপ্ত, জাপান, ইলিউসিয়ান দ্বীপপ্ত এবং উত্তর আমেরিকা, মধ্য আমেরিকা ও দক্ষিণ আমেরিকার পশ্চিম ভাগে একটি আথেয়-গিরি-মণ্ডল আছে। উহাকে প্রশাস্ত মহাসাগরের আথেয়-মেখলা (Fiery Ring of the Pacific) বলে।

দক্ষিণ ইউরোপের ভংগিল পর্বতমালার নিকট দিয়া এ্যাজার্স ও ক্যানারি । দ্বীপপুঞ্জ পর্যস্ত অপর একটি আগ্নেয়-গিরি-মণ্ডল বিশ্বমান আছে।

এশিরার—এক জাপানেই মনেকগুলি আগ্রেরগিরি আছে। এশিরার পূর্বভাগে: আগ্রেরগিরি-সংকুল দ্বীপমালা।

ইউরোপে—ইটালীতে বিস্থৃবিয়স, সিসিলিতে এট্লা, লিপারিতে **ট্রন্থলি** এবং আইস্ল্যাণ্ডে হেক্লা।

উত্তর আমেরিকায়—মেক্সিকোতে পোপোক্যাটিপেটালএবং ওরিজাবো ।
দক্ষিণ আমেরিকায়—কোটোপ্যাক্সি ও সিম্বোরোজা।

Q 5. Write what you know about the causes and effects of earth-quake and give a short description of the seismic belt of the earth.

## Λns. ভুমিক**ে**পর কারণ—

- (১) পৃথিবীর ভংগিল পর্বতগুলির উৎপত্তিকালে, উহাদের নিম্নন্থিত. ভূপৃষ্ঠের শিলাস্তরসমূহ ভাঙিয়া চুরিয়া বিপর্যস্ত হইয়া গিয়াছিল। এই বিপর্যস্ত শিলাসমূহ সহজ অবস্থায় আসিবার চেষ্টা করিলে, ধরাপৃষ্ঠের উপরে ও ভিতরে চ্যুতি ঘটে এবং ফলে, পার্শ্ববর্তী স্থান সমূহে ভূমিকম্প জাগিয়া উঠে।
- (২) পৃথিবীর অভ্যস্তরস্থ চাপের হ্রাস-বৃদ্ধির জন্ম কোন স্তর ভাঙিয়া খালিত হইলে, চাপের সামঞ্জস্য রক্ষা করিবার জন্য পার্শ্বর্তী বস্তুসমূহ তপার সরিয়া যাইবার চেষ্টা করে এবং ফলে ভূমিকম্প অন্তুত হয়।
- (৩) পৃথিবীর অভ্যস্তরস্থ চাপ কমিয়া গেলে পৃথিবীর অভ্যস্তরের কঠিন পদার্থগুলি গলিয়া যায় এবং স্থান ছইতে স্থানাস্তরে সরিতে পাকে। এই সময়-পার্শ্বস্থানগুলির সংগে সংগে ভূপৃষ্ঠও কাপিয়া উঠে।
- (৪) পৃথিবীর অভ্যম্ভরের সংকোচনের ফলে ভূগর্ভস্থ শিলান্তর ভাঙির:. যায় এবং ভূম্বিন্স দেখা দেয়।

(৫) স্বানুৎপাতের সমর আধােয়-গিরির অভ্যস্তরন্থ শিলান্তরের আন্দোলনে পার্মবর্তী স্থান সকলে ভূমিকম্প হয়।

## ভূমিকশ্বের ফল—

ভূমিকম্পের ফলে ভূপ্ঠের কোন স্থান উচু এবং কোন স্থান নিচু হইয়া যায়। কোন স্থানে সাগরতল উচু হইয়া যাওয়ায় সাগর স্থলে পরিণত হয়। আবার কোথাও স্থলভাগ বসিয়া গিয়া সাগর, উপসাগর প্রভৃতির সৃষ্টি করে।

## ভূমিকম্প বলয়—

পৃথিবীর **ভূমিকম্প-মণ্ডল** (Seismic belt of the earth) দক্ষিণ আমেরিকার চিলি হইতে আরম্ভ করিয়া প্রশাস্ত মহাসাগরের কূলে কূলে যাইয়া জাণান ও মধ্য-এশিয়ার মধ্যভাগ দিয়া আাজোস দ্বীপপুঞ্জ পর্যস্ত বিস্তৃত।

Q. 6. What is coal? Where is it to be found in India? Narrate in brief the story of the formation of coal and mention some of its important uses.

Ans. কয়লা বলিলে সাধারণত: আমরা কাঠ ও পাথ্রিয়। এই ছই রকম
কয়লাকেই বৃঝিয়া থাকি। কাঠ পোড়াইয়া আমরা যে কয়লা পাই
ভাষা কাঠ কয়লা এবং ভূগভঁর খনিসমূহ হইতে যাহা পাওয়া য়ায় ভাষা
পাথ্রিয়া কয়লা। পাথরের মধ্যে এবং পাথরের আকারে ইহাদিগকে পাওয়া
য়ায় বিলয়া ইহাদিগকে পাথ্রিয়া কয়লা বলা হয়। পাথ্রিয়া কয়লা উদ্ভিজ্জ
পদার্থে গঠিত এক প্রকার পালল-শিলা।

পৃথিবীর ভিন্ন ভিন্ন স্থানে পাথুরিয়া কয়লা পাওয়া যায়। ভারতবর্ষের হোটনাগপুর, মধ্যভারত, মধ্যপ্রদেশ, হায়দারাবাদ, বিকানির, পাঞ্জাব ও আসাম প্রস্তৃতি স্থানে এবং বাংলা-বিহারের রাণীগঞ্জ, ঝরিয়া, গিরিভি প্রভৃতি স্থানে প্রচুর পাথুরিয়া কয়লা পাওয়া যায়।

পাথ্রিয়া কয়লার মধ্যে সামুদ্রিক শ্রেণীর জীবাশ্ম (Fossil) নাই;
উহার মধ্যে গাছ-পালার ভিন্ন ভিন্ন অংশের চিহ্ন পাওয়া যায় এবং উহা কালা-পাথর,
বেলে-পাথর প্রস্তৃতি পালল-শিলার সহিত স্তরে স্তরে সজ্জিত থাকে। তাই
বিজ্ঞানিগণ অমুমান করেন যে, নদীর অববাহিকা, ব-দ্বীপ, হ্রদ ও সমুদ্রের
ভীর-সমিহিত জ্ঞলাভূমি প্রভৃতির উদ্ভিজ্জাবশেষ হইতেই পাথ্রিয়া কয়লা
উৎপন্ন হয়। এই সকল স্থানের উদ্ভিজ্জ, কালক্রমে জলের নিচে ও পালল শিলার
মধ্যে, স্তরে স্তরে সঞ্চিত হয়, এবং বায়ুর অভাবে ভূগর্ভত্ব তাপ ও চাপের শক্তিতে
অংগারে পরিণত হয়। দীর্ঘকাল ধরিয়া এইরূপ হইতে থাকে এবং কয়লার স্তর
প্রক্ হইতে ক্রমশঃ অধিকতর পুরু হয়।

# পাথুরিয়া কয়লার উপকারিভা—

(>) ইহা রন্ধনাদি কার্যে তাপ সরবরাহ করে; (২) লোহনিদ্ধাশন কার্যে ইহা নানারকমে সাহায্য করে; (০) ইহার গ্যাসে রাস্তায় আলো আলান হয়; (৪) বাষ্প তৈয়ার করিয়া, বাষ্পচালিত কল (Steam engine) চালনায় সহায়তা করে; (৫) ন্যাপ্থিলিন, আল্কাতরা প্রভৃতি নানাবিধ দ্রব্য ইহা দারা প্রস্তুত হয়; (৬) পাথ্রিয়া কয়লা হইতে উৎপন্ন আল্কাত্রা হইতে নানা প্রকার রঞ্জক দ্রব্য, বিক্ষোরক পদার্থ, গন্ধ-দ্রব্য, ক্রত্রিম সার এবং ঔষধ প্রভৃতি নানাবিধ-দ্রব্য প্রস্তুত হয়।

## Q. 7. Write a short essay on mineral oil.

Ans. পালল-শিলান্তরের মধ্যে অনেক সময় তৈল সঞ্চিত থাকে। পাথুরিয়া কয়লার মত মাটি খুঁড়িয়া ইহাদিগকে তুলিতে হয়; তাই ইহাদিগকে থনিজ তৈল বা মেটে তৈল বলা ধায়। ইহার প্রধান উপাদান—কার্বন ও হাইড্রোজেন। মার্কিন যুক্তরাজ্য, ক্লসিয়া, পারস্য, ব্রহ্মদেশ এবং ভারতবর্ষের আসাম ও পাঞ্জারের সীমান্তে প্রচুর থনিজ তৈল পাওয়া ধায়।

ভূগর্ভস্থ ভাপ ও চাপের ফলে, এ্যাল্গা (Alga), ভায়াটশ্ (Diatom)

প্রভৃতি প্রাচীন কালের নিমন্তরের উদ্ভিচ্ছ এবং সামুদ্রিক মংস্থ উপস্কাদি শীবের দেহাবশেষ থনিজ তৈলে পরিণত হয়।

তৃইটি অপ্রবেশ্য শিলান্তরের মধ্যে কোন প্রবেশ্য শিলান্তর থাকিলে ঐপরবেশ্য শিলান্তরের মধ্যে থনিক্স তৈল সঞ্চিত হয় এবং উহার সহিত গ্যাস এবং ক্রমণ্ড থাকে। উপরে গ্যাস, গ্যাসের নিচে তৈল, এবং তাহার নিচে কল—এইরূপেঃ পরপর সাজান থাকে। ভূমিতে ছিদ্র করিয়া ঐ-শুর পর্যন্ত লোহার নল বসাইরঃ দিলে, গ্যাস ও তৈল আপনারাই বাহির হইয়া আসে। পরে ভিতরের চাপ্র কমিয়া গেলে পাম্প যোগে তৈল উত্তোলন করা হয়।

খনিজ তৈল হইতে পেট্রলিয়াম ( স্ট্নাংক, ৭০°-১২০°), কেরোসিন (স্ট্নাংক, ১৫০°-৩০০°), ভ্যাসিলিন ( স্ট্নাংক, ৩০০° এর অধিক), ও প্যারাফিন প্রভৃতি পাওয়া যায়।

Q. 8. What is soil? How is it formed? Describe some of the important types of soil of our land and discuss their bearing on plant life and agricultural operations.

Ans. ভূরকের উপবের ন্তর যাহাদারা গঠিত, তাহাকেই সাধারণতঃ মাটি বলা হয়। জলস্রোত, বায়প্রবাহ, হিমবাহ, শীতোঞ্চতা প্রভৃতির শক্তিতে শিলা চূর্ণ বিচূর্ণ হইয়া শিলাধূলির স্ঠে করে এবং ইহাই মাটির প্রধান উপাদান। এই শিলাধূলির সহিত জৈব উপাদান মিশিয়া মাটি-উৎপন্ন হয়। কোন স্থানে শিলা চূর্ণ বিচূর্ণ হইয়া যে মাটি উৎপন্ন হয়—ভাহা অবশিষ্ঠ মাটি (Residual Soil) এবং এই অবশিষ্ঠ মাটি জল বায় প্রভৃতির শক্তিতে বাহিত হইয়া যথন স্থানান্তরেঃ সঞ্চিত হয়, তথন উহাকে অপসত-মাটি (Transported Soil) বলা হয়।

মাটির সহিত-উদ্ভিদ্ জীবনের ঘনিষ্ঠ সম্বন্ধ বর্তমান। মাটি উহাদের জন্ম-স্থান; শিকড্বারা মাটি ধরিয়াই উহারা দাড়াইতে পারে এবং আলোক ও বাতাদ ংগ্রহ ক ত্রান পারে; মাটি হইতেই উহারা নাইটোজেন, ক্যাল্সিয়াম, ফস্ফরাস্
প্রভৃতি অধিকাংশ প্রয়োজনীয় খাত্যোপাদান সংগ্রহ করে; ভাই মাটি ব্যতীভ উদ্ভিদের পক্ষে জীবন ধারণ করা একাস্তই অসম্ভব।

সকল গাছের প্রকৃতি সমান নয়, এবং সকল মাটিতেও সকল রকম উপাদান থাকে না। তাই উদ্ভিদ্ নিজ নিজ প্রকৃতির অমুকূল মাটিতেই জন্মে। এবং চাষ করিবার সময়েও গাছ ও মাটি,—এই উভয়েরই প্রকৃতির প্রতি লক্ষা রাখিয়া মাটিতে গাছ রোপণ করিতে হয়। বিশেষ বিশেষ গাছের জীবন ধারণের পক্ষে মাটিকে অমুকূল করিবার জন্ম উহাতে বিশেষ বিশেষ রকমের সারে (Manure) দিবার ব্যবস্থাও করিতে হয়।

কালা, বালি, ধনিজ এবং জৈব পদার্থের পরিমাণ ভেদে নানা রকমের মাটি পাওয়া বায়। লোম (Loam) নামক মৃত্তিকাই সর্বোৎকৃষ্ট; ইহাতে ৬০ ভাগ বালি, ২৫ ভাগ কালা, ৭২ ভাগ থড়ি মাটি এবং ৭২ ভাগ জৈব পদার্থ মিশ্রিভ পাকে। পলিমাটি কালা প্রধান, নদীর অববাহিকার মাটি বালি প্রধান, মাক্ (Muck) মাটি জৈবপদার্থ (হিউমাস Humus) প্রধান এবং মাল (Marl) মাটি চ্ণাপদার্থ ও জৈবপদার্থ প্রধান। আমাদের দেশে (১) বেলে (২) ধস (৩) লো-আঁস (৪) এঁটেল—ভেদে চারি প্রকারের মাটি দেখিতে পাওয়া বায়া এই চারি প্রকার মাটির পৃথক্ পৃথক্ সংক্ষিপ্ত বিবরণ কেওয়া হইল—

- (১) বেলেমাটি—ইহাতে শতকরা ৯০ ভাগ বালিও প্রায় ১০ ভাগ কালা থাকে; ইহা জল ধরিয়া রাখিতে পারেনা এবং সহজেই শুক্না হইয়া যায়; তরমুজ, কাঁকুড়, ফুটি প্রভৃতি ব্যতীত জন্ত কোন উদ্ভিদ্ ইহাতে ভাল জন্মিতে পারে না।
- (২) ধস্-মাটি—ইহাতে শতকরা ১০ ভাগ হইতে ৪০ ভাগ পর্যন্ত কাদা ও জৈব পদার্থ থাকে; ইহা বেলেমটি অপেকা অধিক জল ধরিয়া রাখিতে

পারে; **ভালু, বেগুণ, কুমড়া** ও সরিষা প্রভৃতি রবিশ্স্য 🕳এইর প

- (৩) লো-আঁশ মাটি—ইহাতে শতকরা ৪০ ভাগ হইতে ৭০ ভাগ পর্যক্ত কালা এবং কৈব পদার্থ থাকে; ইহা ধন্ মাটি অপেক্ষাও অধিক জল ধরিয়া। রাধিতে পারে; চাষের পকে ইহাই সর্বাপেক্ষা উপযোগী; ইহাতে ব্যব, গম ও ভূট্টা প্রভৃতি বিবিধ শস্য উৎপন্ন হয়।
- (৪) এটেল মাটি—ইহাতে শতকরা ৭০ ভাগ হইতে ৯০ ভাগ পর্যন্ত কালা এবং জৈব পদার্থ থাকে; ইহার জল ধরিয়া রাখিবার ক্ষমতা পুবই বেশী; ইহার ভিতর বাতাস চলাচল করিতে পারে না এবং শুকাইয়া গেলে ইহা পুবই শক্ত হয়; তাই, চাষের পক্ষে ইহা বিশেষ উপধোগী নয়; ধান, ছোলা, মটর প্রভৃতি করেকটি শস্যই ইহাতে ভাল উৎপন্ন হয়।

# উচ্ছিদ্-বিদ্যা

- Q. 1. (i) Describe the process of germination in plants. (ii) What is hypogeal and epigcal germination? (iii) How would you prove that germination depends on temparature and a favourable quantity of water and air?
- Ans. (i) জ্রণ (Embryo), জ্রণের থান্ত, এবং জ্রণ-রক্ষার সর্ক্রাম—প্রধানত: এই লইরাই বীজ গঠিত হয়। বীজের ভিতর জ্রণ ঘুমন্ত অবস্থায়, থাকে। পরিমিত তাপ, জল ও বাতালের সংস্পর্শে এই জ্রণ জাগিয়া উঠে এবং বর্ষিত হইতে আরম্ভ করে। এই প্রকারে বীজ হইতে অংকুর বাহির হওয়াকেই অংকুরোদগান (Germination) বলা হয়।

কতকগুলি বীজ (Seeds) লইয়া উহাদিগকে ভিজা করাত-শুঁড়োর (Saw-dust) মধ্যে রাথিয়া দিলে বীজগুলি জল শোষণ করিয়া ফুলিয়া উঠিবে; বীজ-মধ্যস্থ কোষগুলির মধ্যে রাগায়নিক পরিবর্তন ঘটিতে থাকিবে; বীজমধ্যস্থ সঞ্চিত থাতা হজম হইতে আরম্ভ হইবে; বাতাসের অক্সিজেন ভিতরে প্রবেশ করিবে ও কার্বন-ডাই-অক্সাইড বাহির হইয়া আদিবে। নৃতন প্রোটোপ্লাজম্ (Protoplasm) তৈয়ার হইবার সংগে সংগেই জল জত বৃদ্ধিপ্রাপ্ত হইয়া বীজের বহিচ্ছদ (Testa) বিদীর্ণ করিয়া বাহিরে আদিবে। ভাবী মৃশ্দ (Radical) ইতিপূর্বেই ডিম্বক-রন্ধ্র (Micropyle) দিয়া বাহিরে আসিয়া থাকে।

(ii) মৃত্তেদী অংকুরোদগম (Epigeal germination)—ভাবী-মৃত্যের (Radical) যে-অংশ বীজ-পত্রের (Cotyledons) ঠিক নিচে থাকে, ভাহা ক্রমশ: দীর্ঘ হইয়া ভাবী কাও (Plumule) ও বীজ-পত্রকে বীজছদের বাহিরে

তিলিয়া ভূলে। এই প্রকার অংকুরোলগমকে মুক্তেদী (Epigeal) অকুরোদগম বলা হয়।

মৃত্তিকাম অংকুরোদগম (Hypogeal germination)—ভাবী-ম্লের বে-অংশ বীজ-পত্রের ঠিক নিচে থাকে, ভাহা বদি বধিত না হয়, তবে বীজ-পত্র অংকুরোদ্যমের পর মাটির নিচেই পাকিয়া যায়। এই প্রকার অংকুরোদ্যমকে মৃত্তিকাম অংকুরোদগম (Hypogeal germination)বলা হয়।

(iii) পরিমিত জল ও বাতাস ব্যতিরেকে যে অংকুরোদাম হয় না তাহা নিয়োক্ত পরীক্ষা দ্বারা বৃথিতে পারা যায়;—একটি কাচের গ্রাসে একটি ছোট লাঠি রাখিয়া উহার কিয়দংশ জলে পূর্ণ করিতে হইবে। এইবার তিনটি বীজ কাঠির সহিত এরপ ভাবে বাধিয়া দিতে চইবে যেন প্রথম বীজটি জলে ভুবিয়া থাকে, দিতীয়টি জলে অর্থময় অবস্থায় থাকে এবং তৃতীয়টি জলের উপরে কেবল বাতাসের মধ্যে থাকে। কয়েক দিনের মধ্যে দেখা যাইবে,—বে-তুইটি বীজ কেবল জলে বা কেবল বাতাসে ছিল, তাহাদের অংকুরোদাম হয় নাই; কেবল যেবীজটি জলে অর্থময় অবস্থায় ছিল, তাহারেই অংকুরোদাম হইয়াছে।

অংকুরোদ্যমের জন্ম পরিমিত তাপেরও প্রয়োজন। অতিরিক্ত তাপে মক্ষভূমিতে গাছ জনিতে পারে না। আবার অতিরিক্ত শৈত্যে, তুক্রা অঞ্চল সম্ভেও গাছ জনিতে পারে না।

Q. 2. Distinguish between true and adventitious roots. How many different types of true and adventitious roots are there?

Ans. আসলমূল (True root)—ইহা জ্রণের ভার্বীমূল (Radical) হইতে উৎপন্ন হয়। আত্মানিক মূল (Adventitions root)—ইহা জ্রণের ভারীমূল হইতে উৎপন্ন না হইনা উদ্ভিদ্-দেহের অন্যান্য স্থান হইতে নির্গত হয়; পাণর-কুচির পাতা হইতে বে মূলগুলি নির্গত হয়, ভাহারা আত্মানিক।

আসল ম্শের প্রকার ভেদ—(১) প্রধান মূল (l'ap root); বেমন লেবু-গাছের। (২) প্রচ্ছ-মূল (l'ibrous root); বেমন ধান, যব প্রভৃতির।

শাস্থানিক মূলের প্রকার ভেদ—(১) ঠেশমূল (Stilt root); বেমন কেরার।
(২) স্তম্মূল (Prop root); যেমন বটগাছের শাখা হইতে নির্গত মূল।
(৩) আরোহী মূল (Climbing root); যেমন পানগাছের কাগুন্থিত গাঁইট হইতে নির্গত মূল। (৪) নাসিকা মূল (Breathing root); যেমন স্থলরবনের প্রাগাছের মূল হইতে নির্গত মূল। (৫; ভাসমান মূল (Ploating root); যেমন কেশরদামের। (৬) বায়বীয় মূল (Aerial root); যেমন গুলঞ্চ প্রভৃতির।
(৭) শোষক মূল (Ilaustoria); যেমন আলোকলতা প্রভৃতির।

- Q. 3 Enumerate the several functions of roots.

  Ans. মূলের কার্য—(১) মূল, গাছকে মাটির সহিত দৃঢ়ভাবে আবদ্ধ
  করিয়া রাথে।
- (২) মূল-রোমের সাহায্যে, মূল, মাটি হইতে থাত গ্রহণ করিয়া গাছকে বাঁচাইয়া রাখে।
- (৩) কেত্র বিশেষে, গাছ, মূলে খান্ত সঞ্য় করিয়া রাখে। গাজর, শালগম, মূলা প্রভৃতির মূলে এইরূপ হয়।
- (৪) সময় সময় ঠেক্নো স্বরূপ হইয়া, মূল, গাছের কাণ্ড ও শাথা প্রশাথা প্রভৃতির ভার বহন করে। বটের আহানিক মূলগুলি ইহার প্রকৃষ্ট উদাহরণ।
- (৫) পান, গজপিপুল প্রভৃতি গাছের আন্তানিক মূল উহাদের আরোহণ কার্যে সাহায্য করে।
- (৬) সময় বিশেষে, গাছ, ম্লের সাহায্যে বাতাস হঠতে অক্সিজেন গ্রহণ করিয়া জীবন রক্ষা করে। স্থান্যবনে স্থাদরী গাছে এইরূপ হইরা থাকে।
- (१) অনেক সময় একগাছের মূল অভাগাছের খাভ-ভাগ্ডারে প্রবেশ করিয়া খাভ সংগ্রহ করে। স্বর্ণতা ইহার বিশিষ্ট উদাহরণ

- (৮) মৃলের সাহায্যে কোন কোন গাছের বংশ-বিভার ইইভেও দেখা যায়।
- Q. 4. What is osmosis? Describe how by it Plants absorb food materials from the soil.

Ans. তাস্মাসিস্ (Osmosis)— গৃহটি তরল পদার্থের মধ্যে একটি যদি অপরটি অপেকা অধিকতর ঘন হয়, এবং উহাদিগকে যদি কোন অর্থভেচ্চ (Semi-permeable) পরদাঘারা পৃথক্ রাখা হয়, তবে ঐ পর্দার ভিতর দিয়া উভয়ের সমীকরণ ঘটয়া থাকে। অর-ঘন তরল পদার্থটি বেশি পরিমাণে এবং অপেকাকৃত তাড়াতাড়ি, ঘন তরল পদার্থটির মধ্যে যায়, এবং বেশী ঘন পদার্থটি অর পরিমাণে অপরটির সহিত মিশিতে আসে; ক্রমশঃ উভয় তরল পদার্থের ঘন হা সমান হইয়া গেলে আর কোনরূপ চলাচল থাকে রা। এই সমীকরণ ব্যাপারকেই অস্মিসিদ্ (Osmosis) বলা হয়।

পটাসিয়াম, ম্যাগ্নেসিয়াম, ক্যাল্সিয়াম, আয়রণ, ফ্স্ফরাস, সালফার, নাইট্রাক্ষেন, প্রভৃতি সংঘটিত থান্তের অভাবে গাছ বাঁচিতে পারেন। এই সকল খান্ত, গাছ মাটি হইতে সংগ্রহ করে। যে থাত্যগুলি তরল, বা জলে দ্রব হইয়া ভরল অবস্থায় পাকে, সেইগুলিকে গাছ ম্লরোমের সাহায্যে সহজে গ্রহণ করিছে পারে। কিছু যেগুলি তরল নয় বা জলে দ্রব হয় না, ভাহাদিগকে গ্রহণ করিলার পূর্বে গাছ ভাহাদিগকে দ্রবীভূত করিবার ব্যবস্থা করে। ম্লরোম হইতে নির্গত্ত প্রকার প্রাক্ষির প্রাক্ষিত্র করিবার ব্যবস্থা করে ।

ম্লরোমন্বারাই গাছ এই তরণ থাজসমূহ গ্রাগ্ন করে। মূলরোমের কোষের আভান্তরে এক প্রকার ঘন অমরস থাকে এবং উহাদের কোষাবরক পর্লাগুলিও অর্ধভেজ (Semi-permeable)। স্থতরাং এই মূলরোম যথন অপেক্লাকৃত অর্মন্থন তরল থাজ মব্যের সংস্পর্শে আসে, তথন অসমসিস্ (Osmosis) প্রক্রিয়ায় ঐ তরল থাজ অধিক পরিমাণে কোষাবরণের (Cell-wall) ভিতর

দিয়া কোষের ভিতর প্রবেশ করে। মূলরোমের কোষাভ্যস্তরস্থ জীবন-কণিক।
( Proto-plasm ) এই কার্য নিয়ন্ত্রিত করিয়া থাকে।

- Q. 5. How can you distinguish between stem and root? Mention some of the different types of stems with special reference to the underground types.
- Ans. (i) কাও ও ম্লের নিম্নলিখিত বৈশিষ্টাগুলি লক্ষ্য করিলেই, কোন্টি কাও এবং কোন্ট ম্ল, তাহা সহজেই নির্ণয় করা যায়। কাও ও ম্লের প্রভেদ ৰখা—
- ( > ) কাণ্ডের অগ্রভাগ উর্থ মৃথে আকাশের দিকে উঠে, কিন্ধ স্**লের** অগ্রভাগ মুখ নিচু করিয়া মাটির মধ্যে নামিয়া যায়।
- (২) কাণ্ডের মুখ নিচু করিয়া এবং মূলের মুখ উচু করিয়া ধরিলেও, কাণ্ডের মুখ বাঁকিয়া উপরে উঠে এবং মূলের মুখ বাঁকিয়া নিচে নামে।
- (৩) কাণ্ডের মাথা কচি কচি পাতায় ঢাকা থাকে; কিন্তু মূলের অগ্রহাগ টুপির মন্ত একপ্রকার ঢাক্নি (মূলত্রাণ বা root-cup ) দ্বারা ঢাকা থাকে।
- (৪) মূলের অগ্রভাগের ঠিক উপরে মূলগোম (Root hair) পাকে কিন্ত কাণ্ডে ঐরপ কিছুই দেখা যায় না।
  - ( € ) কাণ্ডে পাতা জন্ম কিন্তু মূলে গাতা জন্ম না।
- (৬) কাণ্ডে গাঁইট (Node) এবং পাব (Internode) জ্ঞা কিন্ত সুলে ঐরপ কিছুই হয় না।
- (ii) কাণ্ডের প্রকার ভেদ—(১) গোলাকার কাণ্ড; বেমন আমগাছের।
  (২) ত্রিকোণাকার কাণ্ড; বেমন মুগার। (৩) চতুছোণ কাণ্ড; বেমন
  ভূলদীর। (৪) পাভারদী কাণ্ড ( Cladode ); বেমন ফণিমনগার। (৫)

কণ্টকাকার কাণ্ড (Thorn); যেমন বৈচির। (৬) আর্থিকার কাণ্ড (Tendril); যেমন লাউ, কুমড়া প্রভৃতির। (৭) ভূ-নিম্নস্থ কাণ্ড (Underground stem); যেমন আলু প্রভৃতির।

ন্দ্রপ্তরা, —৪র্থ, ধ্যে ও ৬ষ্ঠ, ইহারা রূপান্তরিত (Modified) কাণ্ডের উদাহরণ। ভূ-নিম্বস্থকাণ্ডের প্রকার ভেদ—

(১) মূলাকার কাণ্ড (Rhizome); যেমন আদা, হলুদ প্রভৃতির। (২)
শু ড়ির মত কাণ্ড (Corm); যেমন ওলের। (৩) স্ফাতকন্দ কাণ্ড (Tuber);
মেমন আলুর। (৪) শক্ষকন্দ (Tunicated bulb); যেমন পৌরাজের।
(৫) নগ্ন শক্ষকন্দ (Scally bulb); যেমন শালুকের।

দ্রেপ্টব্য ঃ—মাটির নিচে থাকে বলিয়া ইহাদিগকে মূল বলিয়া ভ্রম হয়; কিন্তু প্রাক্ত কলে ইহারা মূল নহে। ইহাদের (১) গাঁইট ও পাব আছে (২) গাঁইটে পাঁইটে কটা রঙের আঁইশের মত পাতা আছে, (৩) পাতা ও কাণ্ডের জোড়মুখে মুকুল (Bud) আছে এবং (৪) মূলত্রাণ (Root cap) থাকে না। এই লক্ষণ-শুলির সাহায্যে, ইহারা যে কাণ্ড, মূল নহে, তাহা সহজেই বুঝিতে পারা যায়।

Q. 6. Enumerate the several functions of the stem.

### Ans. কাণ্ডের কার্য—

- (১) কাণ্ড পত্র, পুষ্প, ফল প্রভৃতি ধারণ করে।
- (২) ইগা মূল হইতে পত্রে খান্তের উপাদানসমূহ চালিত করে।
- (৩) ক্ষেত্রনিশেষে কাণ্ডে খাত্ত সঞ্চিত থাকে।
- (৪) কোন কোন সময় ইহা গাছের বংশবৃদ্ধির সহায়তা করে।
- (e) কাণ্ড সময় সময় আকর্ষে রূপান্তরিত হইয়া লতানে গাছসমূহের শারোহণে সহায় হয়।
  - (৬) কণ্টকাদিতে রূপান্তরিত শাখা প্রশাধার সাহায্যে গাছ আগুরকা করে।

- (१) কখন কখন চ্যাপুটা ও সবুজ হইয়া গাছের কাণ্ড, পাতার কার্য করে।
- Q. 7. Enumerate with examples the different types of (i) venation (ii) margin (iii) apex and (iv) shape of leaves.
- Ans. (i) পত্তের শিরাবিস্থাসের (Venation) প্রকার ভেদ—
  ফলকের মোটা মোটা শিরা সকলের বিস্থাস অমুসারে পাতার শিরাবিস্থাস নিয়লিখিত প্রকারের হইয়া থাকে। যথা—
- (১) পক্ষশির ( Pinni-veined or Pinnate), ইহাতে একটি মধ্যশিরার ছইপাশে শাথাশিরাগুলি পালকের মত সাজান থাকে; যেমন আম পাতার।
- (২) করশির ( Palmi-veined or Palmate),—ইহাতে একাধিক প্রধান শিরা বোঁটার আগা হইতে বাহির হইয়া ফলকের মধ্যে হাতের আঙ্গুলের মত ছড়াইয়া পড়ে। কুমড়া পাতায় এইরূপ দেখা যায়।
- (৩) বক্রশির (Curvi-veined),— ইহাতে ফলকের মধ্যে একটি প্রধান শিরা থাকে এবং অন্ত প্রধান শিরাগুলি, উহার ছইপাশে ধমুকের মত বাকিয়া খাকে; তেজপাতার শিরাবিন্তাস এইরপ।
- (8) সমান্তরালশির (Parallel-veined),—ইহাতে প্রধান শিরাগুলি পরস্পর সমান্তরাল ভাবে অবস্থান করে; যেমন বাঁশপাতায়।
- (৫) জালালিরাবিস্থাস (Reticulate venation),—ইহাতে উপশিরাগুলি (Veinnles) ফলকের মধ্যে বিস্তৃত হইয়া জালের আকার গারণ করে।
- (ii) পাতার কিনারার (Margin) প্রকারতেদ—(১) সমান (Entire),
  —বেমন বটপাতার। (২) করাতের দাঁতের মত (Serrate),—বেমন
  দোপাট বা গোলাপের পাতার। (৩) দাঁত সোজা (Dentate),—বেমন
  স্বত্রমারীর,পাতার। (৪) দাঁতের অগ্রভাগ গোলাকার (Crenate)।

# 102 Essentials of Matriculation Science

- (iii) পাতার আগার (Apex) প্রকারতের—(১) স্কার্য (Acute); বেমন আম পাতার। (২) দীর্ঘশীষ (Acuminate); বেমন পানপাতার। (৩) সূচ্য গ্র ( Mucronate); বেমন থেজুর পাতার। (৪) ভোঁতা (Obtuse); বেমন কাঠাল বা বটপাতার। (৫) থাঁজকাটা ( Emarginate); বেমন আমুল্ল পাতার।
- (iv) পাভার আকারের (Shape) প্রকারভেদ,—(১) লম্বাকৃতি (Linear); যেমন ধানের পাডা। (২) বল্লমাকৃতি (Lanceo-late); যেমন ধানের পাডা। (২) বল্লমাকৃতি (Lanceo-late); যেমন ধানের পাডা। (৩) ভিমাকৃতি (Ovate); যেমন বটপাডা। (৪) হৃদয়াকৃতি (Cordate); যেমন পানপাডা। () বৃক্লাকৃতি (Reniform); যেমন থানকৃনির পাডা। (৬) বাণাকৃতি (Sagitate); যেমন কচু পাডা। হংসপদাকৃতি (Crisped); যেমন লাউপাঙা। (৭) সূচ্যাকৃতি (Acienlar); যেমন পাইন-গাছের পাঙা। (৮) চক্রাকৃতি (Rotund); যেমন পর্যপাঙা। (৯) বর্লাকৃতি (Hastate); যেমন কল্মীপাডা।
- Q. 8. Enumerate the different functions of leaves.

### Ans. পাতার কার্য,—

- (১) পাতা মূল হইতে প্রেরিত উপাদানগুলিকে ছৈবখাতে পরিণত করে।
- (২) বাভাগ হইতে গৃহীত অংগারক বাষ্পের সাহায্যে ইহা শ্বেভসার (Starch) প্রভৃতি থাল প্রস্তুত করে।
  - (৩) পাতার সাহায্যে গাছের শ্বাসকার্য চলিয়া থাকে।
  - (8) প্রস্কেন (Transpiration) কার্যও ইহার সাহায্যে ঘটিয়া পাকে।
- (e) আকর্ষে রূপান্তরিত পাতা, গাচ্কে আরোহণে সাহাষ্য করে; বেষন উল্ট-চণ্ডালের পাতা।

- (৬) বিশ্বতিক রূপান্তরিত পাতা, গাছকে ব**িঃশক্রর আক্রমণ হইতে রক্ষা** করে। ষেমন থেজুর পাতা।
- (१) ভূনিমুস্থ কাণ্ডের পাতা (শন্ধপত্র), গাছকে উদ্ভাপ ও শৈভার স্মাধিক্য হইতে রক্ষা করে।
- (৮) কোন কোন গাছের পাতায় খাত্য সঞ্চিত থাকে; যেমন ত্মতকুমারীর পাতা।
- (৯) কোন কোন গাছে পাতা, বংশকৃদ্ধিব সহায়তা করে; যেমন পাথরকুচির পাতা;
- (:•) পতংগ-ভূক্ (Insectivorous) গাছের পাতা, পতংগ ধরিবার ফাঁদে রূপাস্তরিত হয় এবং পতংগ-দেহ হইতে নাইট্রোজেন-ঘটিত খান্ত সংগ্রহ করে।

## Q. 9. What is assimilation?

Ans. মূলের সাহায়ে বৃক্ষসকল মাটি হইতে নাইট্রেট (Nitrate), সাল্কেট (Sulphate) প্রভৃতি নানাপ্রকার থান্তের উপাদান এবং পাতার সাহায়ে বায়্ হইতে কার্বন-ডাই-অক্লাইড ও অক্লিজেন সংগ্রহ করে। পাতার কোষের (Mesophyl cells) ভিতর যে প্রোটোপ্লাঘ্ন্ থাকে তাহা ঐ উপাদানগুলিকে প্রাচ, প্রোটিড প্রভৃতি কৈবথাতো পরিণত করে। থাতের এই পরিপাক কার্যকেই পরিপাককিয়া বা Assimilation বলা হয়। ইহা ছইপ্রকার—

(১) অংগার-আত্মকরণ (Carbon-assimilation),—উপযুক্ত স্থালোক ও উত্তাপ পাইলে গাছের পাতা প্রভৃতি সবৃদ্ধ অংশ সমূহ, চতুঃপার্ধবর্তী বায়ুমণ্ডল হইতে কার্বন-ডাই-মন্নাইড টানিয়া লয়। এই গ্যাস পাতার রন্ধের (Stoma) ভিতর দিয়া পাতার মধ্যে প্রবেশ করে। পাতার ভিতর যে সবৃদ্ধ কণিকাসমূহ (Chloro-plasts) থাকে, তাহারা স্থ্রশ্বি শোষণ করিয়া কোষের মধ্যে শক্তি উৎপাদন করে। এই শক্তির সাহায়ে কার্বন-ডাই-অক্সাইড্ জলের শহিত মিশ্রিত হইরা ফর্ম্যাল্ডিহাইডে (Formaldeliyde) পরিপ্রতি হয়। এই ফর্ম্যাল্ডিহাইড ্ক্রমে চিনিতে এবং পরে কুত্র কুত্র স্টার্চকণিকায় (Assimilation starch) পরিণত হয়।

- (২) নাইটোজেন-আত্মকরণ (Nitrogen assimilation),— মৃশরোদ মাটি হইতে নানাপ্রকার নাইটোজেন-ঘটিত খান্ত (Nitrates) সংগ্রহ করিয়ঃ কাণ্ডের ভিতর দিয়া পাতায় পাঠাইয়া দেয়। পাতায় স্থালোক সংস্পর্শে নানা-প্রকারে পরিবর্তিত হইয়া এই উপাদানগুলি এ্যামাইডে (Amide) এবং পরে প্রোটিডে (Proteid) পরিণত হয়। সাল্ফার ও ফস্ফরাস্ সহযোগে এই প্রোটিড আবার প্রোটোগ্লাজম্ (Protoplasm) গঠন করে।
- Q. 10. How would you prove that in the presence of sun-light oxygen is given out during carbon-assimilation?

Ans. স্থালোকে অংগার-আত্মকরণ (Carbon assimilation) করিবার কালে গাছের সবুজ অংশ হইতে অক্সিজেন গ্যাস বাহির হয়। নিম্নলিখিত উপায়ে ইহা প্রমাণ করিতে পারা যায় —

একটি পাত্রে কিছু ঝাঁঝি, রাখিয়া উহাকে একটি কাচের চাঙ দিয়া ঢাকিয়া রাখিতে হইবে। পরে, পাত্রে জল ঢালিয়া চোঙাটকে সম্পূর্ণরূপে জলে ডুবাইয়া দিয়া চোঙের নলের উপর একটি জলপূর্ণ পরীক্ষা-নল এমন ভাবে উপুড় করিয়া রাখিতে হইবে মেন উহার মধ্যে কিছুমাত্র বাভাস প্রবেশ করিতে না পারে। এইবার পাত্রটিকে হর্যালোকের মধ্যে কিছুমাত্র রাখিয়া দিলে, দেখিতে পাওয়া যাইবে যে—ঝাঁঝি হইতে বৃদ্ধু দ উঠিয়া পরীক্ষানলের ভিতরে যাইতেছে এবং পরীক্ষা-নলের জল নামিয়া আসিতেছে। এই বৃদ্ধাকার গাসই অক্সিজেন। থানিকটা গাসে জমিলে পর, পরীক্ষানলটি তৃলিয়া লইয়া উহার

মুখে 🆛 টি শিথাহীন জ্বলম্ভ কাঠি ধরিলে, উহা খুব উজ্জ্বল ভাবে জ্বলিয়া উঠিবে চ পাত্রটিকে স্থালোক হইতে সরাইয়া নইলে, বৃদুদ উঠা বন্ধ হইয়া ষাইবে।

- Q. 11. How would prove that (i) Starch and (ii) Chloroplasts can not be formed without sun-light?
- Ans. (i) টবে বসান কোন গাছকে ছই একদিন অন্ধলারে রাখিতে হইবে চ এরপ অবস্থায় গাছের পাভায় কোন খেতসার (Starch) থাকিবে না। এইবার উহার একটি পাতার কিয়দংশ ভাল ভাবে ঢাকিয়া রাখিয়া অবশিষ্টাংশে স্থালোক শাগাইতে হইবে। কিছুক্ষণ পরে ঢাকা খুলিয়া ফেলিয়া, পাতাটি উষ্ণ স্থ্রাসায়ে (Alcohol) ডুবাইয়া রাখিলে, উহার সবুজ-কণা সমূহ বাহির হইয়া যাইবে। এখন এ পাতায় আওডিনের দ্রবণ ঢালিয়া দিলে, পাতার যে অংশে স্থালোক লাগিয়াছিল তাহাতে খেতসার জন্মিয়াছে বলিয়া তাহা নীল হইয়া যাইবে; এবং যে অংশ ঢাকা ছিল, তাহার কোন পরিবর্তন হইবে না। স্থালোক অভাবে পাতার এই অংশে খেতসার প্রস্তুত হইতে পারে নাই বলিয়া, এইরূপ হইয়াছে।
- (ii) সবুজ দুর্বা ঘাসের উপর একটি ইট চাপা দিয়া কয়েকদিন রাখিবার পর ভূলিয়া দেখিলে দেখিতে পাওয়া ষায় যে ইটের তলার ঘাসগুলি সাদা হইয় গিয়াছে। ঐ সাদা ঘাসগুলির উপর কয়েক দিন স্থালোক পড়িলে, উহায় আবার সবুজ হইয়া উঠিবে। স্থালোক ব্যতীত সবুজ-কণা (Chloroplasts উৎপর হয় না বলিয়াই এইরূপ হইয়া থাকে।
- Q. 12. (i) What do you mean by aerobic and anaerobic respiration? (ii) How would you prove that plants inhale oxygen and exhale an equa

volume of carbon-di-oxide? (iii) Demonstrate the truth of the statement "Plants also must breathe an order to live."

Ans. (i) পাতা সকলের পিঠে এবং গাছের ইকে অসংখ্য ছিদ্র থাকে;
ব্রেই ডিদ্র দিয়া উগারা বাহির হইতে বা য় সংগ্রহ করিয়া খাসকার্য সম্পন্ন করে।
ইহাই প্রাারোবিক (Aerobie) খাসকার্য। খাসগ্রহণ কালে বায়ুমখ্যস্থ অক্সিজেনের সহিত্র উদ্ভিদ্দেহে সঞ্চিত্র খাদ্যসমূহের রাসায়নিক সংযোগ ঘটে;
ফলে জল ও কার্বন-ডাই-অক্সাইড উৎপন্ন হয় এবং ছিদ্র দিয়া বাহির হইন্না
আসে। দিনের বেলায় এই কার্বন-ডাই-অক্সাইডের পরিবর্তে
উদ্ভিদ্ দেহেই বিপ্লিপ্ত হয় বলিয়া ছিদ্র দিয়া কার্বন-ডাই-অক্সাইডের পরিবর্তে
অক্সিজেন বাহির হইয়া আসে। উদ্ভিদের এই খাসকার্য আলোর উপর নির্ভর
করে না। উহা দিনে ও রাত্রিভে সমানভাবে চলে।

বাহিরের বাতাস হইতে অনিজেন না লইয়াও অনেক সময় গাছ কার্বন-ডাইঅক্সাইড পরিত্যাগ করে। উদ্ভিদ্ মধ্যস্থ এন্জাইদের (Enzymes) ক্রিয়ায়
প্রোটোপ্লাজ্ম্ বিশ্লিষ্ট হওয়ার ফলে, এই কার্বন-ডাই-অক্সাইড্ বহির্গত হয় বলিয়া
ইহাকে গ্রানিরোবিক (Anaerobic) শ্বাস-কায় বলা হয়।

(ii) একটি ম্যানোমিটার-সংগ্রু ( Mano-meter ) কাচের বোতলে, কাষ্ট্রক পটাশের ( Canabie Potash ) ভিতর দিয়া চালিত ( স্কুরাং কার্বন-ডাই অক্সাইড-বিগীন ) বায়ু ভরিয়া দিয়া, উগার মধ্যে কতকগুলি অংকুরিত ছোলা এবং ক্ষিক-পটাশ-পূর্ব একটি পরীক্ষা-নল, রাখিলে দেখা বাইবে যে বোতলের মধ্যন্থিত বায়ুর চাপ ক্রমশংই কমিয়া যাইতেছে এবং ক্ষিক-পটাশের উপর পটাসিয়ম কার্বনেটের সর পড়িতেছে। বীজগুলি খাসগ্রহণকালে বাতাস হইতে স্বিজ্ঞান ক্রয়া যে কার্বন-ডাই-অক্সাইড বাহির করিয়া দিয়াছিল, তাহা ক্ষিক-পটাশ শোষণ করায়, বোতলের ভিতরে বায়ুর চাপ কমিয়া গিয়াছে। ক্ষিক-পটাশ বাদ দিয়া

এই পরী করিলে চাপের ব্রাস বা বৃদ্ধি কিছুই লক্ষিত হইবে না। ইহা হইতে -বুঝা যায় যে, উদ্ভিদ্, খাসগ্রহণ কালে যে-পরিমাণ অক্সিজেন গ্রহণ করে, খাসত্যাগ কালে ঠিক সেই পরিমাণে কার্বন-ডাই-অক্সাইড বাহির করিয়া দেয়।

(iii) উদ্ভিদের পক্ষেও বাঁচিতে হইলে স্বাসগ্রহণ করিতে হয়। স্বাসকার্য বন্ধ হইয়া গেলে উদ্ভিদ্ মরিয়া যায়। নিম্নলিখিত পরীক্ষার সাহায্যে ইহা সপ্রমাণ করিতে পারা যায়—

একটি খুব ছোট চারাগাছকে মাট হইতে না তুলিয়াই একটা বেলজার
(Bell-jar) দিয়া ঢাকিয়া রাখিতে হইবে। এইবার বেলজারের মধ্যে
পাইরোগ্যালিক এ্যানিড (Pyrogallic acid) পূর্ণ একটি বাটি ভরিয়া দিলেই,
কেখিতে পাত্রা যাইবে যে গাছটি ক্রমশাই মরণাপর চইয়া পডিতেছে।
কিছুক্ষণের পর গাছটি মরিয়া যাইবে। পাইরোগ্যালিক এাসিড বেল জার মধ্যস্থ
বায়ুর শুমস্ত অক্যিজন শুষিয়া লওয়ায় খাসক্র হইয়া গাছটি মরিয়া গিয়াছে।

Q. 13. (i) Why do plants transpire? (ii) Describe the Principal organs of transpiration. (iii) What are the several effects of transpiration? (iv) Mention the conditions necessary for transpiration. (v) How would you prove that plants transpire?

#### Ans. (i) প্রস্কেদনের কারণ--

জলে দ্রীভূত থনিজ পদার্থসমূহ গ্রহণ করিবার জন্ম মূলরোমের সাহায়ে সাছ যত জল শোষণ করে, তত জল তাহার প্রয়োজন হয় না। তাই প্রয়োজন মত জলের কিয়দংশ রাখিয়া বাকী অংশ উহারা বাপাকারে বাহির করিয়া দেয়। বাপাকারে এই অভিরিক্ত জল নিকাশনকেই প্রস্তেজন বা Transpiration বলা হয়।

### 108 Essentials of Matriculation Science

#### (ii) প্রস্থেদনের স্থান—

(১) পত্রমধাস্থ কোষসমূহের সর্বাপেক্ষা বাহিরের শুরে, (২) পত্রপৃষ্ঠে এবং (৩) পত্রবন্ধ (Stoma) সমূহে—এই প্রমেদন কার্য সম্পন্ন হয়।

## (iii) প্রস্কেদনের উপকারিতা—

- (১) প্রেম্বেদন সাহায্যে উদ্ভিদদেহ অতাধিক উত্তাপের হাত হইতে রক্ষা পায়। উহা উদ্ভিদ্দেহকে শাতল করে। (২) মৃত্তিকা হইতে জলশোষণ এবং ঐ জল উদ্ভিদের অক্সান্ত অংশে প্রেরণ কার্যে ইহা সাহায্য করে। (৩) জল শোষণ ও প্রেম্বেদন যথন সমান তালে চলিতে থাকে, তথন গাছ বেশ সতেজ থাকে। (৪) জলশোষণ অপেক্ষা প্রমেদনের মাত্রা যদি অধিক হয়, তবে গাছ নিস্তেজ-হইয়া পড়ে। (৫) অনাবশ্যক জলে উদ্ভিদ্ দেহের যে ক্ষতি হয়, প্রম্বেদন দারঃ ভাগা নিবারিত হইয়া থাকে।
- (iv) নিম্নলিখিত বিষয়গুলি প্রস্কেদনের জন্য একান্ত প্রয়োজনীয়,—
  - (১) মূল-দারা মাটি হইতে প্রচুর জলশোষণ।
  - (২) মাটির উত্তাপ, পরিমিত ( মনে করুন ৩৫° সি ) হওয়া।
  - (৩) মাটিতে, জলে-দ্রবণীয় পদার্থসমূহের অবস্থান।
- (৪) আলোক, চতু:পার্যস্থ বায়ুর উত্তাপ ও আর্দ্রতা এবং বায়ুপ্রবাহ ভ উদ্ভিদের প্রস্থেদন কার্যে হ্রাস-বৃদ্ধি ঘটায়।

### (v) প্রস্কেদন পরীক্ষা—

টবে-বদান একটি ছোট চারাগাছ কিছুক্ষণ রৌদ্রে রাখিবার পর উহাকে একটি বেশ ঠাণ্ডা বেলজার (Bell-jar) দিয়া ঢাকা দিলে জারের গায়ে ভিতরের দিকে জলকণা জমিতে দেখা ষাইবে। প্রস্থেদনের ফলে গাছ হইতে নির্গত জলীয় বাষ্প বেলজারের শীতল গায়ে লাগিয়া জমিয়া জলকণায় পরিণত হইয়াছে বুঝা গেল।

Q.94. Give a description of the different parts of a flower and state the function served by each of them.

Ans. সাধারণতঃ ফুলে চারিটি চক্র দেখিতে পাওয়া বায়। যে সকল ফুলে চারিটি চক্রই বর্তমান থাকে তাহাদিগকে সম্পূর্ণ ফুলা বা Complete flower বলে। যে সকল ফুলে চারিটি চক্রের ম'য়া কোন একটিরও অভাব ঘটে তাহাদিগকে অসম্পূর্ণ ফুলা বা Incomplete flower বলা হয়। নিয়ে ফুলের ফারিটি চক্রের নাম, পরিচয় ও কার্য দেওয়া হইল—

(১) বৃত্তি (Calyx)—চারিটি চক্রের মধ্যে এই চক্রটি সকলের নিচে থাকে। ইহা কতকগুলি বৃত্যংশ (Sepal) লইয়া গঠিত। কোন কোন ফুলে বৃত্যংশগুলি পৃথক্ ভাবে থাকে (Poly-sepalous); আবার কোন কোন ফুলে উহারা মিলিত ভাবে থাকে (Gamo-sepalous)।

কার্য—বৃতি, ফুলের ভিতরের অন্তান্ত অংশগুলিকে রক্ষা করে।

(২) দল (Corolla)—বৃতির ঠিক উপরেই এই চক্রের স্থান। কতকগুলি পাপড়ি (Petal) লইয়া এই চক্র গঠিত হয়। কোন কোন ফুলের পাপড়িগুলি পৃথক্ভাবে থাকে (Poly-petalous); আবার কোন কোন ফুলে উভারা মিলিভভাবে থাকে (Gamo-petalous)।

কার্য—ইহা বর্ণ, গন্ধ ও মধ্ প্রভৃতির সাহায্যে কীটপভংগাদিকে আরুষ্ট করিয়া পরাগ-সংযোগের সহায় গ করে।

(৩) পুংকেশরচক্র (Androecium)—দলের ঠিক উপরেই এই চক্রটি খাকে। ইহা কতকগুলি পুংকেশর (Stamen) শইয়া গঠিত। প্রভ্যেক কেশরে একটি সূত্র (Filament) এবং স্থারে মাণায় একটি পরাগকোষ (Anther) থাকে।

কার্য—ইহার পরাগ-কোষের মধ্যে পুংজননকোষ ( Male gamete ) থাকে বিলয়া ইহা গাছের বংশবৃদ্ধির একটি অত্যাবশুক অংগ।

(৪) গর্ভকেশরচক্র (Gynaeceum)—ইহাই চতুর্থ চক্র এব সংক্রেশর চক্রের পরেই ইহার স্থান। কয়েকটি গর্ভকেশর (Carpel) লইয়া ইহা গঠিত। কোন কোন কূলে গর্ভকেশরসমূহ যুক্ত থাকে (Syncarpous)। আবার কেনেকোন কূলে উহারা পৃথক থাকে (Apocarpous); গর্ভকেশরের তিনটি ভাগ—
(১) গর্ভমুগ্র (Stigma) (২) গর্ভদেশ্র (Style) এবং (৩ গর্ভকোষ (Ovary)। গর্ভকোষের মধ্যে ডিঅকোষ (Ovule) থাকে।

কার্য — ইহাদের ডিম্বকোষে স্ত্রীঙ্গননকোষ (Ovum) থাকে বলিয়া গাছের বংশবৃদ্ধির জন্ম ইহা একটি নিতাস্ত প্রয়োজনীয় এবং অপরিহার্য অংগ।

Q. 15. Describe the functions of a flower.

Ans. ফল ও বীজ উৎপন্ন করিয়া গাছের বংশরকা ও বংশবৃদ্ধি করাই ক্লের প্রধান কার্য। পৃংকেশরন্থিত পরাগ, গর্ভমুণ্ডের উপর পতিত হইলে উহা গর্ভমুণ্ডের রুপের সাহায়ে পরাগনল (Pollen tube) উৎপন্ন করে। পরাগনল গর্ভদণ্ডের ভিতর দিয়া গর্ভকোষে এবং ডিম্বক-রুদ্ধের ভিতর দিয়া ডিম্বকোষে (Ovule) প্রবেশ করে। এই স্থানে পৃংজননকোষ ও স্ত্রীজননকোষের মিলন হয়। এই মিলনকেই নিষেক (Fertilisation) বলে। নিষিক্ত হওয়ার ফলে গর্ভকোষ ফলরূপে এবং ডিম্বকোষ বীজে পরিণত হয়। বীজের মধ্যে জ্রেণ (Embryo) পাকে এবং উহা হইজেই নৃতন গাছ জন্মে। এই প্রকারে ফ্লের সাহায়ে গাছের বংশরকা ও বংশবৃদ্ধি ঘটে।

Q. 16. What are the different methods by which pollination is effected?


Ans. ফুলের গর্ভকোষের মন্তকে পরাগ পতিত হওয়াকেই পরাগ-সংযোগ (Pollination ) বলা হয়। পৰাগ-সংশ্লোগ ছইপ্রকার—১। স্বকীয় পরাগান্তর (Self-pollination ) এবং ২। সংকর পরগান্তর (Cress-pollination )। কোন প্লোর পরাগ যদি সেই প্লোরই গর্ভমুণ্ডে পতিত হইয়া গর্ভাধান ক্রিয়া সম্পন্ন ব্রীর, তবে তাহা স্বকীয় পরাগাধ্য। কিন্তু কোন প্রপের পরাগ যদি অন্ত কোন প্রশের গর্ভমুণ্ডে পতিত হইয়া গর্ভাধান ঘটায়, তবে ভাহচ সংকর পরাগাধ্য।

পরাগ-শংযোগ পাঁচপ্রকারে ঘটিয়া পাকে —

